বর্তমান বাংলা সাহিত্যে এই হাত্তরসিক বৈকাকরণ পণ্ডিত যেখানে অধিষ্ঠিত  
সেখানে তাঁর ছুড়ি নেই। জীবিত অজ কাহারা মনেই প্রাচীন এবং নবীর  
এই সমগ্র দেখতে পাই না; তাঁর পান্ডিত্য পুরোনোপন্থী—বে-পুরোনো  
নিত্য আন্দলের প্রয়োজনীয়—কিন্তু তাঁর মনের উন্মুক্ততা আধুনিকের দিকে—  
বে-কারণে তাঁর পান্ডিত্য গহরাগারে দ্বার না-হয়ে জীবিত সাহিত্যের  
ক্ষেত্রে মূলপ্রশ্ন হতে পারলো। 'চন্দ্রিকা' হাতের কাছে না-থাকলে কোনো  
নিশ্চিত বাঙালির আজ চলে না; নতুন বানানের প্রচলনে একদিকে যেমন  
রবীন্দ্রনাথের উদাহরণ, তেমনি ওঁ অধিনানের প্রভাবও দূরপ্রসারী।  
বহু-মহাশয়ের রামায়ণ নিয়ে ইতিপূর্বে বিবাহিত আলোচনা আমরা করেছি;  
সম্প্রতি মহাভারতের সরল স্থপাঠ্য সারাছবাদ প্রকাশ করে আর-একটি  
কীর্তি তিনি সমাপন করলেন।

যেহেতু তিনি অজ্ঞাতকর্ণা, অহরাগীর কৌতূহল জাগে এর পদে কোন

নতুন বর্ষ তিনি হাতে নিয়েছেন, কিংবা নবেন। সন্তুষ্ট তাঁর নিবেদনই  
কোনো সংকল্প আছে; তবু আমাদের একটি প্রস্তাব এ-প্রসঙ্গে তাঁকে নিবেদন  
করি। বাংলা ভাষায় উল্লেখ্যের একটি অস্বাভাবিক বৈশেষিক এনসাইক্লো-  
পীডিয়া ভারতীয় প্রসঙ্গ রূপণ; প্রাচীন ভারতের ছোট্টাটোটা যে-কোনো  
তথ্য জানতে হলে পণ্ডিতের ঘরস্থ হতে হয়, কিংবা বিস্তর স্থলাকার  
এই ঘটতে হয়, কিংবা হয়তো জাননাভেত আশারই নিবে যায়। এতে  
স্তুর্বে ব্যবহারিক জীবনে পদে-পদে বিয় ঘটে তা নয়, নিজেদের ঐতিহ্য-  
চেতনাও পুঁই হবার সুযোগ পায় না। বস্তুত, শিক্ষিত বাঙালি আপন  
ইতিহাসের ভুলনায় ইংরেপে, চীন কিংবা গ্রীক-রোমানের ব্যবধি বেশি  
রাখেন, উপযোগী গ্রন্থাবলীর অভাবও তার অজন্তন কারণ। সূচ্যাবান  
গবেষণারি আবার বেশে হয়েছ, হচ্ছে, কিন্তু এমন কোনো নির্ভরযোগ্য গ্রন্থ  
এখনো দেখা দেয়নি, যা সর্বাধারণের অধিগমা। পণ্ডিতের গবেষণার  
ফল সর্বলের কাছে পৌছতে পারে না, তার স্তম্ভ সুযোগ ব্যক্তির মধ্যস্থতা  
প্রয়োজন। পশ্চিমী দেশে এই কর্মের অনলাপ সম্পাদন দেখতে পাই;  
সেখানে স্বদেশী সাহিত্য এবং জীবন, গ্রীক-রোমান কিংবা বাইবেলঘটিত  
পুঁবাত্ত, এ-সব বিষয়ে অনভিনীক, স্থপাঠ্য এবং প্রামাণিক যে-সব উল্লেখ-  
গ্রন্থ প্রচলিত, আমাদের দেশেও সে-রকম কেন হচ্ছে না, কোনো-না-কোনো  
মধ্যে অনেকের মনেই এ-প্রশ্ন হয়তো জেগেছে। বিশেষভাবে প্রাচীন-  
ভারতীয় প্রসঙ্গে এমন একটি গ্রন্থের প্রয়োজন অহুত্ব হয়, যাতে তৎকালীন  
রাষ্ট্রিক এবং সামাজিক ব্যবস্থা, ইতিহাস, ধর্ম, ধর্শন, শিল্পসাহিত্য,  
কাব্য প্রমাদি এবং অশনবশন বাসায়ন লোকচাচার সুগন্ধার ইত্যাদি  
সকল বিষয়েই যথাযথ তথ্যাবলী মূশুশ্বল নৈপুণ্যে কয়েকশো পৃষ্ঠায়  
মুদ্রিবিষ্ট হবে। শ্রীযুক্ত রাধেশ্বর বহুর জানের ভাঙার অপ্রতুল নয়;  
উপরন্তু তাঁর গভ় নিভভায়ী এবং প্রাঞ্জল; এ-রকম একটি পুস্তক তিনি  
প্রণয়ন করলে উক্তবরূপে ব্যবহার্য হবে, এবং নিজেদের অজীত বিষয়ে  
বিশেষজ্ঞ না-হলেও অজ্ঞ আর থাকতে হবে না।

বিশভারতী রীতিমতো বিশ্ববিদ্যালয়ে পরিণত হচ্ছে, এতে কেউ-কেউ  
আশঙ্ক করছেন তার বৈশিষ্ট্যের হানি হবে। এ-আশঙ্কার ভিত্তি আছে

মনে হয় না। বে-আদর্শ নিয়ে রবীন্দ্রনাথ তাঁর 'ব্রহ্মচর্যাশ্রম' স্থাপন করেছিলেন, বলা বাহুল্য এই বৈশ্ব রূপে তা রক্ষা করা সম্ভব হয়নি। শান্তিনিকেতনের শিক্ষাভবন এখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ হ'লো, তখন—চিঠি পড়ে জানা যায়—রবীন্দ্রনাথ স্থপতি হননি। ইউনিভার্সিটির মিলাবাস ঘরো মিলেই পাশ-করাণো শিক্ষাতন্ত্রের আহবয়দিক বিতরণ এসেই পড়ে; বাহিরে ব্যবহার বৈশিষ্ট্য রিমে তাকে চেকানো যায় না। অতএব বরং স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় হ'য়েই বিশ্বভারতীর চারিদিকবিশেষের এখন সুযোগ হবে। ভারতের অজ্ঞাত নবীন আধুনিক বিশ্ববিদ্যালয়ের তুলনায় বিশ্বভারতীর স্বকীয়তা কেনম করে সিদ্ধ হ'তে পারে সে-বিষয়ে মতভেদের বোধহয় ক্ষেত্র নেই; স্পষ্টত, বিশ্বসাহিত্যের সঞ্জ্ঞাসারিত অঙ্গীকরণ এবং সেই সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্যের—বিশেষত রবীন্দ্রসাহিত্যের—সভীর বাণক গৃহশীলনেই বিশ্বভারতী সার্থকনামা হ'তে পারে। এ-পর্ষন্ত শান্তিনিকেতনে রবীন্দ্র-বিষয়ক গবেষণা বা হয়েছে, ছন্দ বিষয়ে প্রবেশচক্রের এবং সংগীত বিষয়ে শান্তিবেশের কর্তৃ বাতীত, তার সবই প্রায় গ্রন্থনবাচিত তথ্যবিষয়ক। সে-সব তথ্য মূল্যবান, কিন্তু কাব্যক্রিজ্ঞানস্বরূপ হ'তে হয়নি। এবার রবীন্দ্রসাহিত্যের আন্তরিক আলোচনার উদ্যোগে মনোজ্ঞান বিশ্বভারতীর কর্তৃত্বের অন্তর্গত হবে, এই সম্ভাবনা নিশ্চিত ভাবেই বোধের দোষ নেই। কিন্তু এই সম্ভাবনা সার্থক করতে হ'লে শুধু ঘোষাচিত ব্যবস্থাপনা নয়, কিছু মানসিক হাওরাদলও প্রয়োজন। গত দিন যাচ্ছে, ততই রবীন্দ্রনাথ নতুনতর পরিপ্রেক্ষিতে ধরা দিচ্ছেন; আয়তনের দিনের বসন্ত সেখানে যেমন অশ্রুতপূর্ব সম্পদ খুঁজে পাচ্ছেন, তেমনি বাংলাদেশে অতি প্রচলিত কোনো-কোনো ধারণা জনশই অসার প্রেক্ষিতর হচ্ছে। তাই রবীন্দ্র-কাব্যক্রিজ্ঞানস্বরূপ সম্পাদনার জন্ত এখন সমালোচকের অজ্ঞাত আবশ্যক শুধুর সঙ্গে নিরপেক্ষতাও চাই, এবং নিরপেক্ষতায় উৎসাহিত হবার মতো মুক্ত মানসিক আবহাওয়াও অবশ্য অপরিহার্য।

## সমালোচনা

নতুন কবিতা। সম্পাদক: আশুতক সিদ্ধিকী, আবদুর রশিদ খান। গোয়ালী বুক সেন্টার, ঢাকা। আড়াই টাকা।  
সমকালীন বাংলা কবিতা। প্রকাশক: স্বর্ধ্ব রুত্র, কলকাতা। তিন টাকা।

এই কাব্যসংকলন দুটি অনেকেংশে সদৃশ। উভয় গ্রন্থই তরুণতর কবিদের প্রতিদিনেই প্রতিক্রমিত, এবং ঐতিহাসিক চিত্রনির্ঘণে সচেষ্ট। 'নতুন কবিতা', সম্পাদকীয় বিরঞ্জিত অসহায়, 'পূর্ব-পাকিস্তানের সর্বপ্রথম কাব্য-সংকলন', আবদুর কাবির সম্পাদিত 'কাব্যমালায়' যেখানে শেষ দেখানোই এর আরম্ভ। তেমনি, 'সমকালীন বাংলা কবিতা' তাঁদেরই রচনার সংকলন, যারা 'আধুনিক বাংলা কবিতা' প্রকাশের সময় কাব্যস্রপতে অজ্ঞাত ছিলেন, কিংবা যারা ঐ গ্রন্থে পুণীত হননি বা হ'তে চাননি। অর্থাৎ বিগত দশকের বাংলা কবিতার—বাংলা ভাষার কবিতার—সারচিত্ররচনা এই গ্রন্থ দুটির কবিত উদ্দেশ্য।

উদ্দেশ্য নিঃসন্দেহে উত্তম। গত দশ বছরে কবিতার প্রাধান্যে নবায়িত হয়েছেন অনেকেই; নির্বাচিত শেষ পর্ষন্ত ব-জ্ঞন হবেন তা যদিও বলা শক্ত, তবু আপাতত সমগ্রভাবে তাঁদের চেহারাটা দেখতে পাওয়া দরকার। পত্রিকাধিতে বিচ্ছিন্নভাবে অনেকের রচনা আমি দেখেছি। মনে হয়েছিল বাংলা কবিতা যুদ্ধকালীন অধঃপাত থেকে মালয়ে উঠেছে; 'অস্বভূত' কবিতা লিখতে তরুণরা আর লজ্জা পান না; আশা পেয়েছি, কোথাও কোনো পঞ্জিনেমপুঁগা, কোথাও বা বিরল কোনো স্বসম্পূর্ণ রচনার; কিন্তু এ-পর্ষন্ত এমন কিছু দেখিনি যাকে মৃতনের উল্লেখের লক্ষণ বলে ডাকা যায়। এই মত আমি ইতিপূর্বে কয়েকবার প্রকাশ করেছি, এবং তার ধারা প্রতিবাদ করেছেন, সর্বাঙ্ককরণে কামনা করেছি, তাঁদের কথাই সত্য বলে প্রমাণ হোক। তেমনি কিছু প্রমাণ পাঠো আশা করে সংকলন দুটি পোৎসাহে খুঁজেছিলেন। কিন্তু নিরাপ হ'তে হলো। নৈরাশ্যের কারণ নতুন কবিদের শক্তিহীনতাই অবশ্যত নয়—তার কারণ সম্পাদকের অস্বাভাব্যতা, সংকলনকারীর স্বস্পষ্ট অক্ষমতা।

কবিতা

চৈত্র ১৩৫৭

পড়তে-পড়তে প্রথমেই মনে হয় যে শিরোনামায় এবং ভূমিকায় ভিন্ন কোনোটিকেই উল্লেখযোগ্য নতুন কিছু নেই। এমন নয় যে ভাষাে কবিতা বিরল। হাকৈ সাধারণত 'ভালো' কবিতা বলে, অর্থাৎ যা মূহনযোগ্য এবং পার্শ্বযোগ্য, তার উদাহরণ দুটি বইয়েই বিদ্যমান—স্বিতীয়টিতে সংখ্যায় কিছু বেশি, এবং সেখানে সাধারণ কলাকৌশলও উন্নত, কবিতা উৎকৃষ্টেরও সাক্ষ্য মেলে—কিন্তু উভয়তই মনে হয় যেন মাঝারির লেখায় দৈবাৎ তারা প্রসিদ্ধ। তার উপর—এটাই জরুরি কথা—এই স্বল্পপরিমাণ ভালোতেও স্পষ্ট কোনো মোড় ফেরার চিহ্ন পড়েনি। এই সঙ্গে একথাও উল্লেখ্য যে সংকলন দুটি পাশাপাশি রেখে পড়লে দুস্তর কোনো প্রেক্ষ বোঝা যায় না; 'নতুন কবিতা'র ফারশি শব্দের কিছু আদিক্য আছে, এবং বাস্তবিকভাবে মোটের উপর পাই চাতুর্ঘ্যের বহলে সরল পঞ্জীয়ন—এটুকু কথা বার দিলে সমসাময়িকতাজনিত আত্মীয়তাই অহতুত হয়। উদাহরণত শামসুর রহমানের

বিকেলের ছায়া-শাখাভালে  
 দেখানো মেয়েরা কত হাতে হাত রেখে  
 দু-শু বসিত এসে মুহু করবে ঐ বাসের উপর...  
 সে-সব মেয়ের মীল কোথ আর নিষ্ঠুত চিন্তুক  
 অনেক বেগেছি আমি বিকেলের ছায়া-শাখাভালে।  
 শামসুরের পালাকের মতো ধংসবে  
 আঁরা কতো অল্পত শরীর  
 আবার বেহেরে মীমা হুঁতে  
 হুঁতে হুঁতে মনের কিনার  
 কোঁবের আঁড়ালে গেছে চলে।...  
 এটিতে রূপের সঙ্গে সে-সব মেয়েরা  
 রেখে গেছে—কেলে গেছে হরকো কোঁবের কিছু মীল।

( 'নতুন কবিতা', পৃ: ২০ )

এবং চিত্র ঘোড়ার

কবি সৃষ্টি, কবি মৃগ, কবি ছায়া বেঁগে বেঁগে গুঠে,  
 ঘোঁশা ফুলে মেলে গেছে শিটে,  
 মাঝে-মাঝে মনকা হাওড়ার  
 পাড়ার বাঁচনটুকু হুঁতে যায়, শরীরের মীমা হুঁতে যায়।...

৮৬

কবিতা

চৈত্র ১৩৫৭

কবিতার আলো লাগা ঠাঁতা সাবা পাখরের মূখ  
 মনে হ'ল যেন তার কটিন অহুহ।

( 'সমকালীন বাংলা কবিতা', পৃ: ৩০ )

এ-দুটি অংশের সাধুত তা স্পষ্টই, অভিজ্ঞ পাঠকের পক্ষে এও ব'লে যোগ্য শব্দ হয় না উভয় ক্ষেত্রেই কোন-কোন পূর্ববর্তীর প্রভাব কিয়ানীল। এ-তথ্য, ঝাঁরা পূর্ব-পাকিস্তানের সাংস্কৃতিক স্বাতন্ত্র্য বিধায়ী, তাঁদের পক্ষে উৎসাহজনক নয়; তবে সেই স্বাতন্ত্র্যসিদ্ধি অবশু তিন বছরেই সম্ভব হ'তে পারে-না, এবং ভৌগোলিক ঐতিহাসিক কারণে ভবিষ্যতেও তার যে-সব অন্তরায় আছে, তার আলোচনা এখানে অব্যাহত।

সাম্প্রতিক পূর্ব-পাকিস্তানি কাব্যে আমার অভিজ্ঞতা তেমন বিস্তৃত নয়, কিন্তু 'সমকালীন বাংলা কবিতা' বিষয়ে নিচুই বলবো যে বিগত দশকের প্রতিকৃত হবার দাবি এর অগ্রাহ্য। শুধু-যে অযোগ্য রচনা স্থান পেয়েছে তা নয়, কিংবা পরিচিত যোগ্য রচনার স্থান হয়নি তাও নয়, অক্ষয় নির্বাচনের ফলে অন্তর্গতরাও অনেক সমর্থ কতিগ্রস্ত হয়েছেন। এর প্রকৃষ্ট উদাহরণ অশোককবিতায় রাহা। ইনি এই গ্রন্থে প্রবেশ পেয়েছেন—স্পষ্টতই—ব্যয়ক্রমিক সমকালীনতার দাবিতে নয়, 'আধুনিক বাংলা কবিতা'র অন্তর্গত হ'লেই। কিন্তু 'ভায়া-চাঁপের স্বপ্ন' এই গীতলব্ধভাব কবির প্রতি স্বচিতার করে না; এর অর্ধেক পরিসরে এমন কয়েকটি লিরিকের সংযোজন সম্ভব ছিলো যাতে এই বিড়ম্বিত রচনার কবির চরিত্র ঠিক চেনা যেতো। তারপর নরেশ গুহ—যিনি তরুণতরদের মধ্যে সবচেয়ে স্বরেলা কবি, এবং সম্ভবত ঝাঁর গলার আওতাও স্বকীয় ব'লে চেনা যায়—এই সংকলনে তাঁর বৈচিত্র্য মুগ্ধ হয়েছে, সব ক-টি কবিতা একই যৌবনবিধানের স্বরে ঝাঁপ;—অন্তত 'কবির জন্ম' নামক তাঁর শৈশব বিষয়ক হাতক্রমধুর স্বপ্ন রচনাটি লেখতে না-পেয়ে তাঁর অনেক পাঠকই নিরাশ হবেন। তাছাড়া এই গ্রন্থের আর ঝাঁরা উল্লেখযোগ্য নতুন কবি, তাঁদের মধ্যে নীরেন্দ্রনাথ চক্রবর্তীর ছন্দোমৈনুপুণ্য আছে, কিন্তু সংকলন পড়ে মনে হয় তিনি শুধুই ছন্দ লেখেন। সব মিলিয়ে সাতটা এইরকম যেন কবিরের এবং কবিতার নির্বাচন বিশেষ-কিছু ভেবে-চিন্তে করা হয়নি—ব্যেচ্ছতাবে কয়েকটি কবিতা ফুলে এসে পাশাপাশি

৮৭

ছাপানো হয়েছে মাজ; এবং প্রায় প্রত্যেক পৃষ্ঠায় কুশী ছাপায় ভুলেও অমার্জনীয় স্বরহীনতার প্রমাণ খেল।

অল্প কবিতার নির্বাচন বিষয়ে যে-কোনো ক্ষেত্রেই কলহ ঘটবে, তবু এ-প্রসঙ্গে প্রশ্ন না-করেও পারি না যে 'সমকালীন বাংলা কবিতা'র যে-মুক্তিতে আশাকবিবয় এবং হরপ্রসাদ মিত্র স্থান পেলেন—'আধুনিক বাংলা কবিতা'র অঙ্গপস্থিতি—ঠিক সেই মুক্তি সরস উট্টাচার, মৃগালকাঠি (বাণ), এবং আরো দু-একজন প্রবীণতর সংকবির প্রতি যখন প্রাধান্য ছিলো, তখন তাঁদেরও গ্রহণ করার বাধা ছিলো কোথায়। আরো বেশি অবাঞ্ছিত লগ্নে 'নতুন কবিতা'র করতল আহবদ, আবুল হোসেন, আহসান হাবীব, আবুল কালাম শামসুদ্দীন, এই ক-জনকে কেয়ার দেবে; এই অপরহানি ছর্বোধাই মনে হয়।

কারো-কারো হয়েছে মনে হবে যে সংকলন দুটির মন্তব্যের অংশই সবচেয়ে উপভোগ্য—এমনকি উদ্ধৃতির যোগ্য। আমাদের স্থানের অহুসান, তবু দু-একটি উদাহরণ না-দিলে স্থবিচার হবে না। 'নতুন কবিতা'র মৃগল-সম্পাদক তাঁদের ভূমিকায় কিছু নতুন কথা শুনিযেছেন। পূর্ব-পাকিস্তানের কাব্যে বর্তমানে যে-বিরাট প্রাণস্পন্দন ও আবেদন এসেছে, তায় উপযুক্ত পদবী মাকি 'বাংলা কাব্যে রে-পেনা-মুগ্ন'—অর্থাৎ 'রেনেসাঁ-মুগ্ন'। তার কারণ, শুনে কথকিৎ আশুত হওয়া যায়, অর্থসংগতি নয়; যেহেতু 'বাংলা সাহিত্যে রেনেসাঁ-মুগ্ন বলে কোনো মুগ্ন নেই,' অতএব সম্পাদকীয় মতে গুটি ও-ক্ষেত্রে 'বিনা-বিদ্যা'য় ব্যবহার্য। কবিদের বিষয়ে যে-পরিচয়পত্র মুদ্রিত হয়েছে, তারও কাঙ্ককর্ম চমকপ্রবঃ

হঠাৎ একদিন উঠে দেখি কাগজত ঘোর। ... (কবির নাম) আনালের অধরণায়।  
বহাগ্রোহ না হলেও স্বপ্ননাথার সন্দেশে প্রবীণ। ছন্দ, ভাব, গায় ও মিলের—অক্ষত  
বিধা...—আক্ষর গীর রোমাঞ্চিক মন।

ইত্যাদি বিদ্বিত এবং বিশ্বকর বাক্যের বিনি উপলক্ষ্য, তিনি সম্পাদক-  
মহয়েই অন্তরতঃ।

অধস্তন স্বরপ্রবাহী প্রস্তাবে 'সমকালীন বাংলা কবিতা'র ভূমিকাটিও রূপন  
নয়। সংকলিত কবিতা, ভূমিকা পড়ে আমরা জানতে পারি, 'কবিতার  
আবেগনে চিরতন, জীবনের গভীরতাবোধে স্থিতপ্রাঞ্জ।' কেউ বা

'মনের অন্তরলোকে স্থিতবী হবার প্রয়াসী', কারো বা 'জিজ্ঞাস্ত মনের  
অশ্বনিহিত সত্যরূপ', কেউ বা 'নেতিবাচক তত্ত্বের মধ্যেই পরম আনন্দ-  
রূপের প্রকাশ' দেখেছেন। এ ছাড়া পূর্ববর্তী কবিদের বিষয়ে যে-সব  
মৌলিক তথ্য পরিবেশিত হয়েছে, তার নমুনা তুলে কম্পোজিটরের কাজ  
বড়োতে চাই না। মোটের উপর বই দুটির মূল্যস্বার্থিতে যে-তৈলমতপ আশ্র-  
পরিচূর্ণ দেখেশু, তা-ই যদি নতুন কবিদের সাধারণ লগ্নন হয় তাহ'লে  
তো সব আশাই এক হুঁয়ে নিবে যায়।

কিন্তু তা নয় বলেই বিশ্বাস করি। নিশ্চরই উভয় বইয়ে এমন কেউ-  
কেউ আছেন, যারা পরিশ্রমী, ধৈর্যশীল, এবং যাদের আত্মপ্রত্যয়ের পদে  
আত্মরমালোচনারও শক্তি আছে। কোনো-একদিন তাঁদের কথা শুনেতে  
পাঠো বলে ভরসা রাখলাম। ইতিমধ্যে, 'সমকালীন বাংলা কবিতা'র লক্ষ  
নীতিমতো পরিভাষা জাগ্রে; উৎসাহের সঙ্গে যোগ্যতার মিলন ঘটলে কত  
ভালো বই হ'তে পারতো! তবে অল্প এ-গ্রন্থের একটি স্থলে মুদ্রিত পরিচয়  
আছে; সম্পাদকের নাম নেই, ভূমিকাটিও আক্ষরহীন। দুটি বইয়েরই দাম  
খুব বেশি মনে হ'লো।

বু. ব.

পাঞ্চালী, স্মৃশীল দ্বায়। এম. সি. সরকার অ্যান্ড সন্স লিমিটেড। দু টাকা।

এ নিয়ে আক্ষেপ ক'রে লাভ নেই যে শৈশবের নিরুৎসেগ স্বাধীনতা  
শৈশবের সন্দেহই শেষ হয়। বৈদে ধরায় নাইহিত্যের শৈশবকালে ধাঁদের জন্ম  
হয়েছিল তাঁদের অর্পট ছন্দের ভাষণও আমরা নাইহিত্যে বৈদে ধ'রে পাঠ করি। ক্ষমা  
নেই তাঁদের, ধারা পরবর্তী, ধাঁদের জন্মের পূর্বেই কাব্যের নির্দিষ্ট রূপ  
গড়ে উঠেছে। বত দিন যায়, স্বভাবকবিষয়ের স্বেপাত তত ক'মে আসে।  
বাংলা কবিতার কৈশোর বহুকাল অপগত বলে কবি হিসেবে এখন  
গাঁকেই শুধু মানা সম্ভব, ভাবের গভীরতা না-থাকলেও অশুভ পদ্য রচনার  
কাঙ্ককর্মে ধায় ক্রটি নেই। যে-কোনো দেশের যে-কোনো কবিবে এখন—  
উৎকৃষ্ট কবিতা না হোক, অতত উৎকৃষ্ট পদ্য লিখতেই হবে।

দুস্তরের বিষয় 'পাঞ্চালী'র মতো অসাধারণ রত্নট একটি কাব্যগ্রন্থে এমন  
কবিতা একটিও নেই—যাতে কলাকৌশলের বিস্তর ক্রটি না আছে, কিংবা যাকে  
কবিতার মগ্ড়া বলে খাতায় রেখে দিলে কবির বিশেষ ক্ষতি হ'ত। কবিতায়



গভীর কোনো অর্ধের আশা বসি ছেড়েও দিই, গড়নটা, নিঃসৃত হলেই মনে হয় অনেক পেলাম। কিন্তু গড়নে ঐটি রাখার অর্থ স্বহতে কবিতার হত্যাশান। মাত্রাগুনতিতে স্থপীল রাখের কবিতা নিতুর্ন, কিন্তু গুনতিটা টিক রাখার জ্ঞত এ, তো, ই, সে, যে, তা, ও, হে প্রভৃতি সর্বাধিদহারক অব্যয় শব্দের প্রলোভনে কোনোরকমে বারংবার ধরা দিলে কবিতার জলাঞ্জলি অবশ্যমিত। দুঃস্থ, এস্থনি মেটা চোখে পড়লে, স্থপীলবাবুর 'প্রেরা' কবিতার শেষ দু লাইন :

তোমানের তার কথা হুটুহু খাই মনে পড়  
কেনে দেখে সে তো আর নাই,  
কেনল রাখিমা গেছে কানো নোর রিক্ত কথাটাই।

কবিতার শৈশবেই এ-সব মানাতো। তাছাড়া হঠাৎ এমন সব কথা স্থপীলবাবু ব্যবহার করে বলেন যাতে কবির অভিজ্ঞায় ভিন্ন থাকলেও ফলটা হাঁককর হ'য়ে ওঠে :

নাকের নোলক সম অক্ষর মুক্তা  
হুগলি সোলে বরি ন্যায়গে তোনার  
কোনো কদমরে,...

করণ যস স্থটি করাই কবির উদ্দেশ্য, আশা করি? তদুপরি পাতায় পাতায় অচলিত 'কাব্যিক' কথার ছড়াছড়ি। তার যে এ-প্রথ আলোচ্য সেটা শুধু এ জ্ঞত নয় যে প্রাঙ্কনে ইঙ্গ হুগাবের স্বীকা লাগ্যমম একখানি ছবি আছে, কিংবা গ্রন্থের ছাপা বঁধাই কাগজ খুব ভালো। অসতর্ক হ'লেও কবিতা লেখার হাত স্থপীলবাবুর আছে বলেই এ-সব কথা জানাতে হল। কেননা, বিবল হলেও :

ধের ধরে আশার সপান,  
যতকৈ দেখিতে বেন পারি এই নয় কর গান।

কিংবা

নয়ন প্রাণের  
এনি একমা ময়ে সোলে উট টেরবাং বাসুকুলে।  
শব্দে মন্বরে চমোহি বধন বোশায়ের বিকে  
দোহার কাহাজ কেতে হুদার হেরহিল প্যাসিবিৎক।

এ ধরনের ভালো লাইন যিনি লিখতে পারেন, কবিতার গড়নের দিকে মন দিলে তাঁর পক্ষে বল নিশ্চয়ই ভালো হবে।

নরেশ গুহ

### রবীন্দ্রনাথের নতুন বই

'চার অধ্যায়' এবং 'সভ্যতার সংকট'র ইংরেজি অহ্বাব 'Four Chapters' এবং 'Crisis in Civilization' নামে বিশ্বভারতী-কর্তৃক সম্ভ্রতি প্রকাশিত হয়েছে। প্রথমটি অহ্বাবনাথ ঠাকুরের অহ্বাব, দ্বিতীয়টিতে অহ্বাবদাসের নাম নেই। অহ্বাবাথ ষাণ্মসুখ মুলাহাস্যী, এবং এই কর্মের দুহহতার অহ্বাতে ষাঙ্কদ্যোও বসিত নয়। 'Four Chapters'-এ মূল্যের হুহ মূবন্ধটির বদলে সরিবিট হয়েছে 'চার অধ্যায়'র সন্যালোচকদের উত্তরে রবীন্দ্রনাথের বক্তব্য ('প্রবাসী', বৈশাখ ১৩৪২)। উত্তর গ্রন্থে হুহুশ, হুচাকমুক্তিত, 'Crisis in Civilization'-এ কবির একটি প্রতিক্রুতিও আছে। সূচ্য ষাখাক্রমে ৩০ এবং ১'।

বহুবাহিত 'স্ববিভাতনের' পাঁচটি মৃতন ষও (১০-১৪, প্রত্যেকটি ৩) একই বছরের মধ্যে প্রকাশিত হ'লো; দুটি তার মধ্যে 'কেতকী' আর 'নধগীতিকার' পুনমুদ্রণ, এবং একটি 'তাসের দেশের' স্বরলিপি সংস্করণ।

অনেক বছরের অপেক্ষার পর 'ষীতবিভাতনের' তৃতীয় ষওও (৫) এতদিনে বেরোলো। এতে আছে 'কালমুগম' থেকে 'জান্য' পর্যন্ত ষীতিনাটী সূজানাটী সব ক-টি সম্পূর্ণ; ভাহুসিংহের পদাবধী; সনগ নাট্যষীতি ও প্রথম দুই ষও ষাশ-প'ড়ে-যাওয়া সনগ গান এবং চেনা গানের ও ষীতিনাটোর বিভিন্ন পাঠাস্তর; এবং পরিশিষ্টে এমন কিছু গান যা রবীন্দ্রনাথমার্কিত কোনো গ্রন্থে বা রচনায় ইতিপূর্বে স্থান পাননি, কিংবা কবির স্বরচিত নয় অহ্মান করে বিশ্বভারতী বর্জন করেছিলেন। এই পাঠা-তালিকা স্থবিতীর্ণ; তার উপর ৬৫ পৃষ্ঠাব্যাপী 'গ্রন্থ-পরিচয়'টি অসংখ্য সূচ্যান তথ্যাবধী এবং পরামর্শের আধার। এই তৃতীয় ষওের সম্পাদনা-নৈমুণ্যে বিশ্বভারতীকে অভিনন্দন জানাতে হয়।

## চিঠিপত্র

‘কবিতা’-সম্পাদক সনীপেত্রু

‘কবিতা’র বৈশাখ ১৩৫৭ সংখ্যার শ্রীযুক্ত অরুণহুনার সুরকারের বীরবলী সমালোচনাটি মূল্যবান এবং সমমোচিত হয়েছে। সমমোচিত, কারণ স্বাভাৱিক বাঙালির মনে প্রথম চৌধুরী প্রতিষ্ঠিত হলেও, অধিকাংশ পাঠকের কাছে আশ্চর্য্য তি নি অপরিচিত। শরৎচন্দ্র এবং নজরুলের সমকালীন ছিলেন তিনি; কিন্তু বাংলা সাহিত্যের মজলিসে একটিকে যেমন শরৎচন্দ্রের উপস্থান এবং নজরুলের গান বাঁচার হাতের বাঁহা পেল, অতদিক মজলিসী বীরবল রইলেন উপেক্ষিত। বিশিষ্ট সাহিত্যিক মহলে তাঁর সমাদর যেমন স্বতঃসিদ্ধ, বৃহত্তর পাঠক-সমাজে তাঁর অনাদর তেমনই প্রত্যক্ষ। আশ্চর্য্য এই অনীহা দুই হৃদয়, তার উপর অরুণহুনার দিনে বীরবলী মেজাজ যে ‘হুজুর্গা’ সংস্কৃতির প্রতিচ্ছ, এবং সেই কারণেই বর্জনীয়—এ-কথা অনেকেই বলছেন। বর্তমানের পটভূমিতে বীরবলী বালাবানার রমজ আলোচনার বিশেষ প্রয়োজন আছে।

কিন্তু অরুণহুনার তাঁর বিষয়ের প্রতি সম্পূর্ণ স্ববিচার করেছেন বলে মনে হয় না। কাব্য, বহিঃ-এ-কথা স্বীকার্য্য যে প্রথম চৌধুরীর ‘রজাবটা ছিলো যুক্তিবাদী ভাষিকের’, তাই প্রবন্ধ রচনাতেই তাঁর ব্যক্তিত্বের পরিচয়, এবং ‘হার্দি কবিতা একটি-দুটির বেশী তিনি লিখে উঠতে পারেননি’, তবু তাঁর গল্প বিষয়ে অরুণহুনার মন্তব্য বোধহয় স্থিতিস্থিত নয়। আমার মনে হয়, শুধু প্রবন্ধে নয়, গল্পেও তাঁর আশ্রয়প্রকাশ স্পষ্ট, যেমন স্পষ্ট তাঁর কাহিনীর মনোবন্দ বিচার। প্রামাণ্যরূপ উল্লেখ করবো ‘চার-ইয়াসী-কথা’, ‘আহতি’, ‘সংখ্যাবী’, ‘ঘণ’ ও ‘স্বপ্নিদুঃ’। এর প্রত্যেকটি ছোটোগল্পের শিল্পনির্দর্শনের পথাকাঠ। এবং শুধু যে ‘কথাপকথন-নির্ভর’ গল্পই তিনি লিখেছেন তাও নয়; আর্থপ্রধান গল্পেরও উৎকৃষ্ট উদাহরণ আছে, ‘আহতি’। ইংরেজিতে বাক্য বলে fine yarn এ-গল্প তা-ই, সুই মিহি হতেই বোনান। আর শুধু কথা দিয়েই বোনান মন, মন দিয়েও, যে-মন শুধু ভাষিকেরই নয়, সংবেদনশীল স্রষ্টারও; শুধু যুক্তিবাদী নয়, শিল্পীরও। রবীন্দ্রীর আশ্চর্য্য নির্ভর চরিত্রের তুলনা পেতে হলে বাংলা সাহিত্য ছেড়ে বোধহয় করানী

কবিতা  
চৈত্র ১৩৫৭

সাহিত্যে যেতে হয়। ‘চার-ইয়াসী-কথা’র, অরুণহুনার মন্তব্য উদ্ধৃত করি, ‘ঘেটুহু শ’দ সেটুহু একটি রক্তিক স্বয়ংয়ের পদ্মরাগ-মণি, যেমন উজ্জ্বল তেমনই করণ’।

প্রথম চৌধুরীর উদ্দেশ্য ছিল ‘কথা ভাষা আর নৃনাগী ভবিষ্যৎ বর্ধনবোধ সাহিত্য রচনা করা’, এ-কথা নিশ্চয়ই সত্য, যেমন সত্য এ-কথাও যে নতুন সত্য তাঁকে বানাতে হয়েছিল উদ্দেশ্যধারণের তাগিদে। কিন্তু এই পথনির্দর্শনের পরিশ্রমে তাঁর ‘সাহিত্যিক বাস্বায়ের পক্ষ হয়েছিল’, অরুণহুনার এ-দিক্কার গ্রহণীয় মনে হয় না। তাঁর অপর মন্তব্য যে, ‘বীরবলী গজে হোতে নেই’, এ-বিষয়েও আমি ঘোরতর সন্দিহান। এ-কথা অবশ্য মানতে পারি যে প্রথম চৌধুরীর প্রাবন্ধিক গল্প অনেকাংশেই ‘মাগা-দোষা এবং ময়র’ তাঁর গল্প বিষয়ে কিন্তু এই মূল্যায়ন যাতে না। উপরন্তু, এমন গল্পও তিনি লিখেছেন যা ‘ভর্ক-বিতর্কের ঠাঁয়বৃদ্ধিতে সময় সময় আধা-প্রাবন্ধিক’ আদৌ হয়ে ওঠেনি। বরং তাঁর বীতিবৈশিষ্ট্য বোধ হয় প্রবন্ধের চেয়েই গল্পেই বেশী পরিচ্ছূট।

তাঁর বাহ্যাবর্জিত গল্পগ্রন্থের পরিচিও খুব ছোটো। নয়, কেননা তাঁর কৌতুহলী দৃষ্টি শুধু বড়ো সত্যের ব্যক্তিতেই আবদ্ধ ছিলো না, অসুতের অলিঙ্গলিতেও অধাধে বিচরণ করেছে। তাই বাংলা সাহিত্যে প্রথম চৌধুরীর স্থান প্রধানত ভাষাসংস্কারক হিসেবেই, এই সত্য সত্য মনে করি না।

ভুবন বসু

‘কবিতা’-সম্পাদক সনীপেত্রু

গত আশাঢ় সংখ্যার “কবিতা”র আমার কবিতার বই “নীল আকাশ”-এর একটি সমালোচনা বেটিয়েছে। আমার কবিতা কার ভাষা লেগেছে বা লাগেনি এ সম্বন্ধে আমার কোনো বক্তব্যই থাকতে পারে না। সমস্ত বিচারই ব্যক্তিগত বুদ্ধি-বিবেচনার উপর নির্ভর করে। বিচারের মজা যেমন আইনের আরাগতে আছে তেমনই সাহিত্যের আলাপতেও আছে। এই নিয়ে কটাক্ষ করার অধিকার, আর যার থাক, যার রচনার বিচার হচ্ছে, তার নেই। অন্তত তার পক্ষে সেটা শোভন নয়।

সে কথা আলাদা। কিন্তু সমালোচনা করতে বসে সমালোচক যদি আলোচ্য রচনার অমর্যাদা প্রতিপন্ন করবার চেষ্টায় এমন কোনো উক্তি করেন যা তথ্যের দিক থেকে মিথ্যে, তবে তার প্রতিবাদ দরকার। আর, মতের খাতিরে সে প্রতিবাদ যে কেউই করতে পারে। কেননা সমস্ত সত্যই। "নীল আকাশ"-এর সমালোচনা প্রসঙ্গে সমালোচক লিখেছেন: "বিহয়ের দিক থেকেও বলা যেতে পারে 'প্রথমা'রই সমর্থনী, এমন কি 'প্রথমা'র প্রথামতো 'ভাই' শব্দের ছড়াছড়ি বিঘ্নমান।" "বিহয়" হচ্ছে সমালোচকের যা ধারণা তা তাঁর নিঃস্বেরই বিহয়—সে হচ্ছে নীরব থাকাই সমীচীন। কিন্তু ঐ যে শেষে লিখেছেন—" 'প্রথমা'র প্রথামতো 'ভাই' শব্দের ছড়াছড়ি বিঘ্নমান"—ওটি একটি নিজস্ব কল্পনা, ভিত্তিহীন অপধার। "নীল আকাশ"-এ কবিতার সংখ্যা বত্রিশ, পৃষ্ঠাসংখ্যা—টানসত্তর। "ভাই" শব্দের "ছড়াছড়ি" দুয়ের কথা, সমস্ত বইয়ে, এক মলাট থেকে আরেক মলাট পর্যন্ত, কোনো কবিতায়, কোনো পৃষ্ঠায়, কোনো লাইনে একটিও "ভাই" শব্দ নেই।

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

ছোটোগল্প  
প্রস্তাবনা

পৌষ ১৩৫৭-এ প্রথম প্রকাশিত হয়। প্রথম তেরোটি সংখ্যা নিম্নেবিত।

|                                 |   |                                                                             |
|---------------------------------|---|-----------------------------------------------------------------------------|
| ১৪. অত্যাধীর স্বপ্ন             | } | পূর্ণশশী দেবী                                                               |
| মেঘ-মুক্তি                      |   |                                                                             |
| ১৫. রেল-লাইন                    | } | কানাকৌপ্রসাদ চট্টোপাধ্যায়                                                  |
| ১৬. যশোমতী                      |   | অনন্যূয়া দেবী                                                              |
| মর্দার                          | } | দেবীপদ ভট্টাচার্য                                                           |
| ১৭-১৮. একটি সকাল ও একটি সন্ধ্যা |   | বৃন্দদেব বহু                                                                |
| ১৯. সারিত্রী                    | } | পূর্ণীশ রায়চৌধুরী                                                          |
| নতুন লেখক                       |   |                                                                             |
| ২০. হাসন সখী                    | } | অন্নরশঙ্কর রায়                                                             |
| ২১. মহাপ্রাণ                    |   | কমলাকান্ত                                                                   |
| ২২. মুমুক্ষা                    | } | বিধু বন্দ্যোপাধ্যায়                                                        |
| ২৩. মুক্তি                      |   | কল্যাণী মুখোপাধ্যায়                                                        |
| ২৪. উমিলা                       | } | পুষ্পা বহু                                                                  |
| ২৫. গামাছয় জাতির কথা           |   | রাজশেখর বহু                                                                 |
| ২৬. পুনরুত্থান                  | } | স্বধীরগঙ্গন মুখোপাধ্যায়                                                    |
| ২৭. অপরাধ                       |   | প্রতিভা বহু                                                                 |
| ২৮. আলো, আরো আলো                | } | মদতি বেরটেগে আয়দার                                                         |
| ২৯. একটি কি দুটি পাখি           |   | বৃন্দদেব বহু                                                                |
| ৩০. ভবভারথবায়ু                 | } | পরিমল রায়                                                                  |
| মেয়েয়া                        |   |                                                                             |
| ৩১-৩২. পার্টির পরে              | } | ক্যাথারিন ম্যানস্ফিল্ড                                                      |
| ৩৩. বেনামী বন্ধু                |   | বিধু বন্দ্যোপাধ্যায়                                                        |
| ৩৪-৩৬. তপস্বীর মন               | } | নরেশ গুহ                                                                    |
|                                 |   | 'একটি সকাল ও একটি সন্ধ্যা', 'পার্টির পরে', 'তপস্বীর মন,' প্রত্যেকটি আট আনা। |

অন্তান্ত সংখ্যা পাঁচ আনা করে। সবগুলি সংখ্যা একমুদ্রে পাঁচ টাকা।  
এই গ্রন্থমালা সম্পাদনা করেছেন প্রতিভা বহু।

কবিত্তাঙ্কনম : ২০২ রাগবিহারী এভিনিউ, কলকাতা ২৯

৭ ওয়েলিংটন রোড, কলকাতা ১৩, মজান ইন্ডিয়া প্রেসে শ্রীকৃষ্ণকবিশের সেন কর্তৃক মুদ্রিত

KAVITA

(Poetry)

CALCUTTA

Editor & Publisher: Buddhadeva Bose

MARCH, 1951

Vol. 16, No. 2

Serial No. 68

Published quarterly at Kavisthabhan, 202 Rashbehari Avenue,  
Calcutta 20. Yearly Rs. 4/-, 6s. 6d. or \$1.50. Manuscripts cannot  
be returned unless accompanied by stamped self-addressed envelopes  
or international postal coupons.

কবিতা

সম্পাদক

বুদ্ধদেব বসু

বোড়প বর্ষ,

তৃতীয় সংখ্যা

আবাচ, ১৩৫৮

বার্ষিক চার টাকা

প্রতি সংখ্যা

এক টাকা

কবিতা

গুণেন

## কবিতা

আবাচ, ১৩৫৮

### কবিতা

জীবনানন্দ দাশ

অমিয় চক্রবর্তী

বিষ্ণু দে

দীনেশ রায়

নারায়ণ রায়

আবদুল হামিদ খান

বিকাশ রায়

প্রমোদ মুখোপাধ্যায়

বিভূতিপ্রসাদ মুখোপাধ্যায়

বটকৃষ্ণ দাস

দেবদাস পাঠক

নরেশ গুহ

টানা গুচ্ছ

দিলীপ দত্ত

সমানোচনা

অরুণকুমার সরকার, নরেশ গুহ

## কবিতা

ঐহ্যাসিক পত্র। বর্ধারত্ত এ-নাং  
আখিনে হমেজে, এ-বহর বিশেষ কার  
পৌমে বর্ধারত্ত হ'লো। \* বছরের প্রদ  
ম:খা থেকে গ্রাহক হ'তে হয়। ব্যাকি  
চার টাকা, সেকিউর্ড ডাকে পাঁচ টা  
ভি. পি. বতর। বাত্মাসিক গ্রাহক ক  
হয় না। \* চিঠিগত্রে গ্রাহকনথয়ে  
উল্লেখ আবঙ্গিক। ঠিকানা পরিবর্ত  
পবর দয়া করে সবে-সবে জানাদে  
নয়তো অগ্রান্ত সংখা পুনরায় পাঠা  
আমরা বাধ্য থাকবো না। অল্প সময়  
জয় হ'লে স্থানীয় ডাকঘর ব্যবস্থা কর  
বাহুনিয়। \* অননোনীত রচনা কে  
পেতে হলে স্বাযোগ্য স্ট্যাম্পসহ  
ঠিকানা-লেখা পাম পাঠাতে হ  
প্রেরিত রচনার অস্থিপি নিজে  
কাছে সর্বদা রাখবেন, পাণ্ডুলিপি জা  
কিংবা ইদবাং হারিয়ে গেলে আম  
দায়ী থাকবো না। \* সমস্ত চিঠিপত্র  
পাঠাবার ঠিকানা :




কবিভাষ্যন

২০২ রাসবিহারী এভিনিউ, কলকাতা ৮

খাবাচ ১০৮

১

East



West



Frequent services  
operating over 90,000  
miles...courtesy...comfort  
...reliability...have made  
K.L.M. Royal Dutch Air-  
lines a favourite through-  
out the world.

Information and  
reservations from  
all accredited Travel  
Agents throughout  
the country.

EXPERIENCED  
TRAVELLERS FLY




# উষনী

অভিজাত প্রসাধন-রঞ্জ

সুগন্ধ ও সুস্বাদু  
দেহ-সৌন্দর্যকে  
জাগ্রত করে

শিশুর কানল অঙ্গেও  
নিঃসৃত ব্যবহার চলে



বেঙ্গল কোসমিক্যাল • কলিকাতা • বোম্বাই

## শ্রীপ্রমথনাথ বিনী

### বাংলার লেখক

“এ কথার সম্বন্ধ নাই যে, বাঙালী জাতির সংস্কৃতি-জীবনে বাহা কিছু গৌরবের, প্রগতিশীল জাতি হিসাবে বাঙালীর যে প্রতিষ্ঠা তাহা অনেকাংশেই বাঙালী সাহিত্যিকদের সৃষ্টি। ছুগ্ধের বিষয়, এই সব সাহিত্যিকদের অনেককেই আমরা ভুলিতে বলিয়াছি। বাঙালী জাতির পূর্ণাঙ্গ ইতিহাস রচনার ইহাদিগকে পুনঃস্মরণ করিয়া নব পরিপ্রেক্ষিতে যথাযথ স্থানে প্রতিষ্ঠা করিবার সময় আসিয়াছে। বাংলা ভাবায় কৃতী জীবনীলেখক প্রথম বিনী এই গ্রন্থের মাধ্যমে সে চেষ্টা করিয়াছেন।

ইহাতে তিনি শিবনাথ শাস্ত্রী, ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়, রমেশচন্দ্র দত্ত, হরপ্রসাদ শাস্ত্রী, প্রমথ চৌধুরী, বলেস্রনাথ ঠাকুর ও শ্রীঅবনীন্দ্রনাথ ঠাকুর এই সাতজন মনীষীর সাহিত্যপ্রতিভার মূল্য নিরূপণ করিয়াছেন। তিনি বিশ্লেষণী অন্তর্দৃষ্টির সাহায্যে ইহাদের রচনাসৌন্দর্য ও রচনাবৈশিষ্ট্য সুন্দরভাবে কুটাইয়া তুলিয়াছেন। এই বিশ্লেষণে কোথাও বা তৎকালীন স্থান ও কালের সঙ্গে সাহিত্যের, কোথাও বা ইহাদের জীবনের সঙ্গে সাহিত্যের সহৃদয়-নির্ঘণের দ্বারা এক-একটি চিত্র সম্পূর্ণ করিয়াছেন।

প্রত্যেক মনীষীর একখানি করিয়া পূর্ণগঠিত চিত্র এ গ্রন্থের শোভা বর্ধন করিয়াছে।

এস্থানি অবশ্যপাঠের তালিকায় উত্তীর্ণ এ কথা বলা বাহুল্য।

—মৃগাঙ্কর

সচিত্র ॥ প্রথম খণ্ড ॥ চার টাকা

## বিশ্বভারতী

৩০ ধারকা নাথ ঠাকুর সেল, কলিকাতা ১

## GRAND BOOK STALL

INTERESTING BOOKS FOR YOUR LIBRARY

- EZRA POUND** — Ed. by Peter Russell Rs 10-14  
**COMPOSER IN LOVE** — Ed. by Cyril Clarke Rs 8-8  
**23 GREAT CLASSICS** " Anthony Praga Rs 6-9  
**MANGALASTAKA: Picture of Love, Life & Marriage**  
 by Kanu Desai Rs 3-0

**VEDANTA FOR THE WESTERN WORLD** by Isherwood Rs 14-0

### SELF-IMPROVEMENT SERIES

- How to Stop Worrying and Start Living**  
 by Dale Carnegie Rs 9-4  
**How to Win Friends and Influence People**  
 by Dale Carnegie Rs 1-12

### SELECTED JAICO BOOKS

- Mother** — Maxim Gorky Rs 2-0-0  
**Droll Stories**— Balzac Rs 1-12  
**Panchatantra** — Tr. by Arthur W. Ryder Rs 1-12  
**Vision of India** — Sisir K. Mitra Rs 1-12  
**Among the Great**— Dilip Kumar Roy Rs 1-12

### ART & LITERATURE

- THE NOVEL IN FRANCE** by Martin Tarnel Rs 15-12  
**Three British Screen Plays** by Manvell R. Rs 9-3

SHOW-ROOM AT:  
 15/10, CHOWRINGHEE ROAD: GRAND HOTEL ARCADE,  
 CALCUTTA

## KAVITA

A SPECIAL BILINGUAL ISSUE

DECEMBER, 1950

Poems by & translation from

Ezra Pound, E.E. Cummings,  
 Wallace Stevens, William Carlos  
 Williams, Marianne Moore,  
 Jaime de Angulo, Richard  
 Eberhart, James Rorty, Richard  
 Wilbur and many other  
 American poets.

### Three Letters

exchanged between Ezra Pound  
 and T. S. Eliot concerning  
*The Waste Land.*

Notes & Comments.

One rupee, 2s. 6d. or 50 cents

THE WISDOM OF AN ANCIENT  
 SAGE RENDERED BY  
 A MODERN MASTER

## CONFUCIUS

*The Unwobbling Pivot & The  
 Great Digest translated with  
 notes & commentary by*

### EZRA POUND

Handsome Indian Edition: Rs. 2/8/-

Published for  
 KAVITĀBHAVAN

by

ORIENT LONGMANS LTD.

17, Chittaranjan Avenue, Calcutta 13  
 Nicol Road, Ballard Estate, Bombay  
 55 A, Mount Road, Madras  
 Also available at Kavitiabhavan

### বিজ্ঞপ্তি

নৃন্দেব বহুর 'দেবমতী' ও  
 'কবাবতী'র বর্তমান সংস্করণ  
 প্রায় নিশেষে। অল্প কপি  
 বা অবশিষ্ট আছে, কাগজে  
 বীধানো হ'লো।

মূল্য ৩/- ও ২৫/-

মুণালকান্তি দাশ

দিগন্ত

পরিবর্তিত নতুন সংস্করণ। দেড় টাকা

আকাশ

সমাপ্রকাশিত নতুন সংস্করণ। দেড় টাকা

বিক্বে

নতুন কাণ্ডগ্রন্থ

অস্মিষ্ট

আড়াই টাকা

কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়

একা

দুটাকা

কবিতাভবনে পাওয়া যায়

## কবিতা

পুরোনো সংখ্যা

পরিবর্তিত আলিকা

|      |                        |
|------|------------------------|
| ১৩৪৪ | পৌষ, চৈত্র             |
| ১৩৪৫ | আষাঢ়, চৈত্র           |
| ১৩৪৬ | আশ্বিন                 |
| ১৩৪৮ | আশ্বিন, স্বাতিক, চৈত্র |
| ১৩৪৯ | আশ্বিন, পৌষ            |
| ১৩৫০ | আষাঢ়, আশ্বিন, পৌষ     |
| ১৩৫১ | আশ্বিন, চৈত্র          |
| ১৩৫২ | আষাঢ়                  |

প্রতি সংখ্যা এক টাকা  
সবগুলি একসঙ্গে ২৫% কম  
[ মাস্তুল স্বতন্ত্র ]

কবিতার সম্পূর্ণ সেট

|                         |    |
|-------------------------|----|
| একাদশ বর্ষ              | ৬  |
| দ্বাদশ বর্ষ             | ৪  |
| ত্রয়োদশ বর্ষ           | ৪  |
| চতুর্দশ বর্ষ            | ৪  |
| পঞ্চদশ বর্ষ             | ৪  |
| দে-কোনো দু-বছর একসঙ্গে  | ৫  |
| দে-কোনো তিন বছর একসঙ্গে | ৮  |
| দে-কোনো চার বছর একসঙ্গে | ১০ |
| পাঁচ বছর একসঙ্গে        | ১২ |

কবিতা

প্রতিভা বঙ্গ-র গল্প ও উপজ্ঞান

সুমিত্রার অপমৃত্যু ৪

মনোলীনা ২।০

বিচিত্র হৃদয় ২

সেতুবন্ধ ২।০

অপরূপা ১০

প্রকাশক : কবিতাসভন

বুদ্ধদেব বঙ্গ-র কবিতার বই

কঙ্কাবতী

হৃদয় কাপড়ে বঁধাই : ২৬০

দয়ালু

হৃদয় কাপড়ে বঁধাই : ৩

দ্রৌপদীর শাড়ি

২৪০

বিদেশিনী

১০

## কবিতা

আষাঢ় ১৩৫৮

ষোড়শ বর্ষ, তৃতীয় সংখ্যা

ক্রমিক সংখ্যা ৬৯

তিনটি কবিতা

জীবনানন্দ দাশ

সুদর্শনা

একদিন রান হেসে আমি  
তোমার মতন এক মহিলার কাছে  
মুগের সঞ্চিত পণ্যে লীন হতে গিয়ে  
অগ্নিপরিধির মাঝে সহসা দাঁড়িয়ে  
সুনেছি কিম্বদন্তি দেবদারু গাছে,  
দেখেছি অগুতস্বর্ষ আছে।

সব চেয়ে আকাপ নক্ষত্র বাস চন্দ্রমল্লিকার রাত্রি ভালো ;  
তবুও সময় স্থির নয় ;  
আরেক গভীরতর শেষ রূপ চেয়ে  
দেখেছি সে তোমার বলয়।

এই পৃথিবীর ভালো পরিচিত রোদের মতন  
তোমার শরীর ; ছুনি দান করো নি তো ;  
সময় তোমাকে সব দান করে সুতদার বলে  
সুদর্শনা, ছুনি আজ যত।



শিরীষের ভালপালা

( সত্যেরো বছর আগের কথা : কিছু শোষিত )

শিরীষের ভালপালা লেগে আছে বিকেলের মেঘে,  
পিপুলের ভরা বৃকে চিল নেমে এসেছে এখন ;  
বিকেলের শিশুস্বর্ধকে ঘিরে মায়ের আবেগে  
করণ হয়েছে ঝাউবন ।

নদীর উজ্জল জল কোরালের মত কলরবে  
ভেসে নারকোলবনে কেড়ে নেয় কোরালীর জ্ঞপ ;  
বিকেল বলেছে এই নদীটিকে : 'শাস্ত হতে হবে—'  
অকুল শুপুরিবন স্থির জলে ছায়া ফেলে এক মাইল শাস্তি  
কল্যাণ

হ'য়ে আছে । তার মুখ মনে পড়ে এ-রকম স্নিগ্ধ পৃথিবীর  
পাতাপতঙ্গের কাছে চ'লে এসে ; চারিদিকে রাক্তি নক্ষত্রের  
আলোড়ন

এখন দয়ার মত ; তবুও দয়ার মানে মৃত্যুতে স্থির  
হ'য়ে থেকে ভুলে যাওয়া মাহুঘের সনাতন মন ।

ভূমি

( সত্যেরো বছর আগের কথা : কিছু পরিবর্তিত )

নক্ষত্রের চলাফেরা ইমারায় চারিদিকে উজ্জল আকাশ ;  
বাতাসে নীলাভ হয়ে আসে যেন প্রান্তরের ঘাস ;  
কাঁচপোকা ঘুমিয়েছে—গঙ্গাকঙ্কি সে-ও ঘুমে ;  
আম নিম হিজলের ব্যাপ্তিতে প'ড়ে আছ ভূমি ।

'মাটির অনেক নিচে চ'লে গেছ ? কিংবা দূর আকাশের  
পারে

তুমি আজ ? কোন কথা ভাবছ আঁধারে ?

ঐ যে ওখানে পায়রা একা ডাকে জামীরের বনে :

মনে হয় তুমি যেন ঐ পাখি—তুমি ছাড়া সময়ের

এ-উদ্ভাবনে

আমার এমন কাছে—আখিনের এত বড় অকূল আকাশে  
আর কাকে পাব এই সহজ গভীর অনায়াসে—'

বলতেই নিখিলের অন্ধকার দরকারে পাখি গেল উড়ে

প্রকৃতিস্থ প্রকৃতির মত শব্দে—প্রেম অপ্রেম থেকে দূরে ।

## তিনটি কবিতা

### যুরোপা জাহাজে

কিছুই হয় না এই মস্ত জল স্থিতির আকাশে  
চেটে ওঠে হাওয়া শূন্যে ভাসে ।  
নিশ্চয় চেতনা-বিন্দু চিন্তাহীন তমসায়  
কিরে গিয়ে নেই যেন আপন প্রবর্ত সমতায় ।  
জাহাজে প্রকাণ্ড ধু ধু মরু নীল অনস্তির জলে  
শুধু মাত্র ধুক্ধুক্ প্রাণ বেঁচে চলে ।  
ছহু শ্বাস জলোচ্ছ্বাস কাঠের পাল্লর শব্দতাল  
তারি মধ্যে অপখ্যাণ্ড দিকে দিকে ভোবে আজকাল ।  
অন্ত যা-কিছু স্মৃতি আদি মনো-স্মৃতিকার তীরে  
পশ্চিম পূর্বের পারে রেচে গেছে নীরঙ্গ তিমিরে ।  
ধরধর নোঙরের বিভঙ্গ ফেনার উর্ধ্বে ডেক্-এ  
খোলা রাঙে সময়ের শ্রোতে রই মগ্ন চোখ রেখে ।  
অতলান্ত সমুদ্রের কয়েক শ' মার্কিন, অন্তদেনী,  
তারি সঙ্গে যুরোপে চলেছি জেটের শেবাশেবি ॥

হঠাৎ হাওয়ার শব্দ পেরিয়ে মনের মধ্যখানে  
ছন্দবড় লাগে ধরতানে,  
ধনধম বাজকার সজ্জিত ভেকের কোণে আলো-জ্বালা  
ইতালীয় যুদঙ্গের হুরে ভাজে রাত্রির নিরালা ;  
শরীরে তারায় মনে কাঠের উঠানে ভাসা ফণ  
বেজে ওঠে স্বনঞ্চন ।

অনস্তির মধ্যে দ্রুত পরমাণু প্রদক্ষিণ ঘোরা  
প্রত্যক্ষ যাত্রিনী যাত্রী নাচে জোড়া-জোড়া ;  
বেলিঙের পারে মস্ত কালো জল উপছিয়ে দোলো  
সিন্দুরাগ ডহরুর ধনি লাগে উচ্ছল কল্লোলে ;  
খরঙ্গ ভীষণ শাস্ত অশাস্ত কোমল  
সহস্র প্রাণের ঢাকা জলে স্থলে ঘোরো স্থপ্তিতল ।  
কিছু-না-হওয়ার বক্ষে হুরের শ্রাবণী দিয়ে শুনি  
কীটবীজ পতঙ্গের পাখী মাছ প্রাণের মাতুনি ।  
রাত্রি একটায় সব শেষ,  
ঊঠা আমি, দৃশ্য নেই, নৃত্যভঙ্গে তব্ব বাজে রেশ ॥

জলের কালোর পর্বা খুলে প্রাণ-স্মৃতিকার ঘরে  
অবিভ্রান্ত কোটি ইচ্ছা দেখি দেহ হয় রূপান্বরে,  
ইতিহাস লেখে প্রাণ জাঙার গাছের ছায়া রোদে  
জন্তুজীব মানুষের সংসার বিস্তীর্ণ দূর বোধে,  
যে-কোনো মুহূর্তে যদি সর্বতায় নিবিশেষ জানি  
ধাকা-না-খাকায় যত পৃথকের মুখে যায় বাণী,  
প্রকাণ্ড প্রাচীন এক ডুব-বাওয়া ব্যাপ্ত সময়  
মনকে আচ্ছন্ন করে, তাতে পুরো নেই পরিচয় ।  
বীশি আনো, কীসি আনো, তুলি আনো, ছন্দের হাতুড়ি,  
আবার উজ্জল শূন্যে ভিন্ন হয় স্থতির চাতুরী ।  
এমন কি ঘোর বাজ, ব্যাঞ্জো, জ্যাজ, খটখট তাল  
ফণ হুর আড়ে তারো হাজে হাওয়া পেয়েছে কদাল,—  
জিম্‌জিম্‌ আফ্রিকার, মেসিকোর, চীনে আর্ভ হুর  
আজ রাত্রি-জাহাজের বৃকে দিত প্রাণের অঙ্গুর ।

### কবিতা

আষাঢ় ১৩৫৮

অদৃশ্য মানাই

হায়রে বাঙালি মন, তারি দূর ধেয়ান বানাই,—  
মনে করো এই তারা, এই জল, এই মহাকাশে  
ওৎকৃত ঝংকৃত রাগে ভারতী আলাপ আজ ভাসে—  
নাচেনও বদল হত, একের বিচিত্র যুগলতা  
অনাদি ভবিষ্যৎগণে সুমহান সুন্দরের ব্যথা ;  
সুতে বাই বৃকে ভ'রে শ্রীরাগ ধ্রুপদে গভীর—  
জনরোল, প্রাণবায়ু, ধন্থ যাত্রী, ধন্থ দূর ভীর ॥

মুরোপা আহাদ

১লা ছন্দ ১২২১

### বিভিন্ন

তার বদলে পেলে—

সমস্ত ঐ স্তর পুকুর

নীল বীধানো স্বচ্ছ মুকুর

আলোয় ভরা জল—

ফুলে নোওয়ানো ছায়া ডালটা

বেগুনি মেঘের ওড়া পালটা

ভরল ছন্দয়তল—

একলা বৃকে সবই মেলে ॥

তার বদলে পেলে—

সাদা ভাবনা কিছুই-না-এর

খোলা রাস্তা ফুলো পায়ের,

কামা-হারা হাওয়া—

১০০

### কবিতা

আষাঢ় ১৩৫৮

চেনা কণ্ঠে ডাকল দূরে

সব হারানো এই ছুপূরে

ফিরে কেউ-না-চাওয়া ।

এও কি রেখে গেলে ॥

### শিল্প

তাঁতে এনে বসালেম বৃক থেকে রোদুরের স্নতো,

নীহারিকা পাড় বোনো, বিছাতি জরির উদ্ভবে :

তোমার পায়ের প্রান্তে লুটোবে যখন যাবে জ্রুত

প্রাণের বনস্ত দিনে কত কী উৎসবে ।

কত তুলো, কত রং, কত মায়া, কত কল্পনায়

তোমার সে বেনারসী বোনো হয় ;

তুমি তো জানো না,

প'রে শুধু আশ্বর্ষের লগ্নে তুমি হও অশ্রমনা ।

যা দিয়েছিলাম সে তো প্রাণরক্ত, অশ্রু সে রক্তিম ;

আঁচল সোনালি গাঢ় আমারি প্রেমের মুক্ হিমে ;

সঙ্গে কত স্পর্শভরা জড়ায় অস্পর্শ আলিঙ্গন

সাত-পাকে ঘোরো যবে তোমার জীবনে শুভক্ষণ ;

মর্ত্যে এসে মাস্তলিক রেখে বাই,

অনামী শিল্পের গায়ে বাসনার ধোয়ান মেশাই ;

তাঁতির আঙুল জানে কত স্নতো গেঁথে গেঁথে শেষে

প্রাণে প্রাণে কত দানে তোমার অর্ঘের দান মেশে ॥

১০১

জ্যেষ্ঠের ট্রয়োলেটগুচ্ছ

বিষ্ণু দে

( জ্যেষ্ঠে বিকাল মনে হয় অতি তুচ্ছ ।  
লেখা চেয়েছেন, আপনার আছে দাবি—  
প্রগতি কি মনে আছে ? ট্রয়োলেটগুচ্ছ  
জ্যেষ্ঠে বিকালে মনে হয় অতি তুচ্ছ ।  
যদিচ জীবনে বহু ধুমকেতুপুচ্ছ  
আছড়ে গিয়েছে, ট্রয়োলেটে তবু ভাবি,  
জ্যেষ্ঠে বিকাল মনে হয় অতি তুচ্ছ ।  
লেখা চেয়েছেন, আপনার আছে দাবি । )

কবে থেকে বেলো হলে বুর্জোয়া,  
চাকুরে বামনে ধরবে চাঁদ !  
তোমার কি সাজে পশ্চিমা হওরা  
কবে থেকে বেলো হলে বুর্জোয়া  
বুধা ইতিহাস, বুধা ধামা বওরা,  
ব্রিটিশ ভারতে এই তো ফাঁদ ।

রাজনীতি নয়, নীতি নয়, শুধু সংস্কৃতি ।  
দিয়া না কো কান প্রাণসমুজ্জগর্জনে ।  
লাল ভল্লকে দূরে রেখো, সে যে বিঘ্ন ভীতি,  
রাজনীতি নয়, নীতি নয়, শুধু সংস্কৃতি,  
হাড়ে-হাড়ে শুনো র্যাটল সাপের অচিন গীতি,  
সার্কাসে নোচো সিংহের পোষা তর্জনে ।

তোমার প্রতি বিধি স্তনছি কেমন বাম,  
ডাইনে বায়ে তোমার চালে হাসিনি তাই ।  
অরাজকের স্বপ্নে তুমি চাও আরাম,  
তোমার প্রতি বিধি স্তনছি কেমন বাম  
অথচ কিছু পেয়েছ যশ অর্ধকাম,  
তবুও কেন ওড়াও বুলি তুড়ি ও হাই !

আমরা খুঁজেছি বিলেতি বইতে আপন দেশ,  
বারবার তাই দেশের মাঘুয় ডাইনে বায়ে  
ঘুরিয়েছি আর হয়রান হয়ে খুঁজেছি শেষ ।  
আমরা খুঁজেছি হরেক বইতে আপন দেশ,  
থেকে-থেকে বই হারিয়েছে, মোড়ে নিরুদ্দেশ  
ভাবছি এবার ফিরব মোড়ল সে কোন গাঁয়ে ?

সেকালে মারতে রাজা ও উজির,  
একালে তোমার এ কী এ বেশ !  
প্রোলেতারিয়ার পাড়ছ নজির,  
সেকালে মারতে রাজা ও উজির,  
ভেনকিবাজির ইডিওলজির  
আঙালে চাকবে ছড়াবেশ !

ছেলেবেলা থেকে শুনেছে সে শিশু প্রেকশাস,  
কান তার ভোঁ-ভোঁ থেকে-থেকে মাথা বুঁ কি দেয়,  
আমাদের ভাবে কুকুর বেড়াল কি খঁট্রাস,  
ছেলেবেলা থেকে শুনেছে সে শিশু প্রেকশাস,  
অকালপক্কে মনে শুধু তার সন্ন্যাস :  
যৌবনঘোরে শৈশবই বুঁ কি উকি দেয় !

কবিতা

আষাঢ় ১৩৫৮

আমৃত্যোগের বিধম বোঝা যে ভাঙবে ঘাড়,  
আমরা তো নই বীর বরণ বলে বোকাই,  
ভাগ্যের ভারে যে মাথায় পড়েছে চরম চাড়,  
আমৃত্যোগের বিধম বোঝা যে ভাঙবে ঘাড় !  
ছোটো-ছোটো বুকে অহঙ্কারে যে গড়ে। পাহাড়,  
ঈগলে খুঁজছে নিজেরই ছবি তো তেলাপোকাই ?

তোমাদের ঐ নীরব কবি মুখর হোক,  
নিজের জ্বালা লেখার স্রোতে ধুইয়ে দিক ।  
অজাত মৃত মূর্খ নিয়ে কি হবে শোক ?  
তোমাদের ঐ নীরব কবি মুখর হোক,  
এখানে আর ওখানে ডেকে সভার লোক  
নিজেরই ছায়া কুন্ডিত করে শুইয়ে দিক ।  
তোমাদের ঐ নীরব কবি মুখর হোক,  
নিজের জ্বালা লেখার স্রোতে ধুইয়ে দিক ।

কবিতা

আষাঢ় ১৩৫৮

জড়িক্রান্তি

মণিষ্য রায়

যখন কেবলি মানসকামনা  
সরাতো বুকের লঘু পাহাড়,  
যড়জে-নিখাদে একেছি কতো-না  
আত্মরতির সুরবিহার ।

রাগমালা সেই মনের আকাশে  
বর্ধনভীরু বলাকামেব,  
হালকা সীতারে আসে যায় আসে  
প্রথম প্রেমের মতো আবঙ্গ ।

নবফাঙ্কনে কখনো বা তার  
সাড়াইর কৈপেছে নতুন পাতা,  
ভূঁইচাপা খোলে চকিত ছয়ার,  
দীঘি ভরে ঢেউয়ে নীলের খাতা ।

শুধু ঐটুকু, তার বেশী নয়,  
একসুরে সাধা সেই রাগিণী  
কখনো গোপনে খুঁজেছে প্রণয়,  
কখনো বা মাজে বৈরাগিণী ।

সে আকাশে আজ বজ্রের দাহ  
এল বিদ্রাংজ্বালা বৈশাখ,  
সে মেঘে তরল অগ্নিপ্রবাহ,  
সে গানে রুদ্র মন্তপিণাক ।

কবিতা

আষাঢ় ১৩৫৮

হৃদয়ের বাঁধ ভেঙে খানখান,  
মনের মিনারে ন'ড়ে ওঠে ভিত,  
স্বপ্নের ঘূর্ণি-প্রাণের বান  
আনে পাতালের এ কী সঙ্গীত।

ভাবার পবিধি ছিঁড়ে উড়ে যায়  
খনিজ বিস্ফোরণের আখরে,  
জ্বলে ওঠে মন ধাতব অভায়  
রক্তে গতির বর্ণালী ধরে।

এ গান আমার অভিজ্ঞতার  
জীবকোষে অল্পম্পর্কণায়  
ফসফরাস-এর শত দীপাধার  
জ্বালে সমুদ্রে উয়ের ফণায়।

ফেটে পড়ে আজ এই সুর বুরি !  
কাঁপে মনে সূঁচাগিরি স্তব।  
এল কি মুক্তি! রঙে রঙে মুছি  
রাত্রি, উষার এ কী বিপ্লব।

কবিতা

আষাঢ় ১৩৫৮

বিদ্যু-র জন্মদিনে

নারায়ণ রায়

(শ্রীকৃত্ত অন্নদাশঙ্কর রায় শব্দভাষ্যে)

প্রগলভ যৌবনযাম অতিক্রান্ত, অসহিষ্ণু পূর্ণিমা-প্রত্যয়  
সম্প্রতি আকাশে শ্লান, একে-একে বহুবচনিক  
তারাদের উজ্জীবন, পথভ্রান্ত চৌরজনিক  
অধিষ্ণু বিবেক ভাবে তন্ত্রাঘোরো সাধনার এ কী অবক্ষয়।

তা ভাবুক, তবু মিথ্যা নিশ্চিতির ছাঁচে  
বিচিত্র জীবনসত্যে আর আমি চাই না বাঁধতে,  
যে-স্বাস্থিক্যে ফোকা পড়ে কল্পনার এতটুকু আঁচে  
তার জন্ম হা হতোশ্মি ডাক ছেড়ে যাব না কাঁদতে।

আপাতত স্মরণ্য তোমাতে আমাতে ছাড়াছাড়ি,  
বন্ধু পেটো। আমি জানি কী যে আকর্ষণ  
জ্যামিতিক ছকে কাটা জীবনের—স্বতদিন অবশ্য জীবন  
বইয়ের পাতায় থাকে, কিংবা যতদিন

অচ্ছেরা তোমার ছকে দাবা বেড়ে, তুমি খেলোয়াড়  
সে-ছকের উর্ধ্বে, থাকো পরম স্বাধীন  
দার্শনিক। মানি না আছে সে-অধিকার  
কারো। তাই এ-হৃদয় অবশেষে নক্ষত্রসংঘারী।

যদি বল পলাতক তবে সখা তোমারে শুধাই  
জীবন কি জ্যামিতির চেয়ে সত্য নয় ?  
তোমার যে ছায়রাষ্ট্রে কর্তব্যের কঠিন প্রত্যয়  
সে কি নয় জীবনের জটিলতা এড়াবার সমস্ত প্রয়াস ?

কবিতা

আষাঢ় ১৩৫৮

কী কল্যাণ সাধনায় মূলে যার ব্যক্তির বিনাশ ?  
স্বাতন্ত্র্যের নির্বাসনে যে-সুমিতি সে কি নয় বেয়াদা বড়াই ?  
তার চেয়ে প্রেয় এই বছরের ছুসহ বেদনা  
নিশ্চিতি-বিক্ষিত, তাই নাটিকেত শিল্পীর সাধনা ॥

উল্লাপাড়া স্টেশনে

আবদুর রশিদ খান

উনিশ বছর পরে

উল্লাপাড়ায় দেখা হলো আবার নতুন ক'রে ।

উনিশ বছর আগে

রোশনা বেগম দাঁড়িয়েছিলেন সবার পুরোভাগে ।  
চোখের দেখায় মনের নেশায় মত্ত বছরের খেলা,  
রক্তে নাচন বক্ষে কাঁপন, পৃথী অবহেলা ।  
মনের আশা মুখের ভাষা সজ-ফোটা পদ্ম,  
ধরায় কেবল ছুইটি নয়ন নেশায় অনবজ ।  
রাত হ'লো দিন, দিন হ'লো রাত,  
সৃষ্টিছাড়া ঘূর্ণী-হাওয়া-ঘূর :  
বুঝেছিলাম একটা নতুন সুর ।

এরই মধ্যে উনিশ বছর বইলো কালের ধারা ।  
গাড়ির চাকায় মনকে বেঁধে এখন উল্লাপাড়া ॥  
কাছে এলাম, দূরে গেলাম,  
নতুন করে শপথ নিলাম ।

১০৮

কবিতা

আষাঢ় ১৩৫৮

যুদ্ধ এলো, চ'লে গেলো, মড়ক এসে হাড় ছড়ালো,  
স্বাধীনতার নতুন আলো  
চক্ষে লেগে ধসে হলাম ।  
কোথাকার সেই রোশনা বেগম  
জীবন-যুদ্ধে কোন অন্তলে তুলিয়ে গেলো ;  
গহন নিশির অন্তল মনে তবুও তার খানিক পরিচয়  
নিখা হবার নয় ।

উনিশ বছর ধ'রে

তব্বী রোশনা বেগম ছিলেন আমার মনের ঘরে ।

উনিশ বছর পরে

উল্লাপাড়ায় রোশনা বেগম এলেন হঠাৎ ক'রে ।  
চিনতে পারা কঠিন বটে চোখ তুটো তার ছাড়া,  
বামী পুত্র মেয়ে নাংনি নিয়ে আশ্রহার ।  
হেসে তিনি বলেছিলেন আগের ছ'চোখ তুলে :  
'একটি বারও খবর নিতে হয় না বৃষ্টি ভুলে ?'  
দিব্যি মোটা, দিব্যি খুশি, কানে হীরের ফুল—  
সত্যি কি এ রোশনা বেগম ?—তুল !  
'কয়টি ছেলেমেয়ে ?'  
—রোশনা বেগম বলেছিলেন যেন এক গা নেয়ে ।  
বলেছিলাম, 'বিয়ে আমার হয়নি আজো, তাই...'  
দীপ্তিতে এক চমক দিয়েই রোশনা বেগম হয়ে গেলেন ছাই ।  
উল্লাপাড়ায় রওশনারার চরম পরাজয় ।  
উল্লাপাড়ায় হারিয়ে এলাম জীবন স্বপ্নময় ॥

১০৯

স্মৃতি

বিকাশ দাশ

নেমেছে মধুর রাত জারুলের বনে,  
জ্যোৎস্নার বিহ্বল স্তর রিক্ত বোবা মাঠ।  
মোর বকোলীনা তুমি এ-পরম ক্ষণে।  
স্বপ্ন নয় : অপসৃত বাধার কপাট।  
অকস্মাৎ অবলুপ্ত সমস্ত জগৎ,  
রাত্রির বাসরে শুধু তুমি আর আমি,  
তোমাকে আমাকে নিতে আনন্দে ন স্বপ্ন  
এলো যেন দেবতার স্বপ্ন হ'তে নামি।

তারপর অরণের সাগরের তীর  
মুছে গেল। তুমি কৃষ্ণ আধারে লুকালে।  
প্রাসাদের ভিৎ হ'ল কবে চৌচির,  
ধূ ধূ প্রাণ শূন্য নীড়ে বারেক তাকালে।  
আজিকার প্রাণপুষ্প কাল ঝ'রে যায়,  
তারি স্মৃতি কাঁপে তব উল্লুরে হাওয়ায়।

চিঠি

প্রনোদ মুখোপাধ্যায়

চিঠি পেতে ভালো লাগে। যদি পারো, চিঠি দিয়ো বোজ  
নিঃস্ব, প্রতীক্ষায়ান ডাকবাজে; হৃদয়ের খোঁজ  
কিছু যেন পায় তাতে এ-নিরন্ন উপবাসী মন  
সমস্ত শহর ঘুরে রোদে পুড়ে বিবর্ণ যখন  
খানিক ছায়ার অধেষণ করে। কার্জন পার্কের  
স্বর্ষদগ্ন মরা গাছে পিঠি দিয়ে, উল্লুর মুখী ফের  
আগ্নয়ে দিগন্তে খোঁজে আবেগের নীলাঞ্জন মেঘ,  
কিংবা স্তর বন-রাউয়ে মেঘ-চাপা জ্যোৎস্নার আবেগ  
স্বাস্থির শিয়রে পেতে চায়। যেন বাহুড়ের মতো  
ট্রামে-বাসে ঝুলে শেষে হয়তো বস্তিতে আপাতত  
মাথা গৌঁজবার এক ঠাঁই পেয়ে, গুটি কত কথা  
রুদ্ধশ্বাসে প'ড়ে নিয়ে চায় সেই দমকা জীবন  
কিরে পেতে; যে-জীবন একদিন আমাকে অন্তত  
আশা দিয়ে চ'লে গেছে এক ঝাঁক তারার আড়ালে।



কবিতা

আষাঢ় ১৩৫০

সুতহুকা

অশোকবিজয় রাহা

সুতহুকা নাম দেবদামিনী  
তঃ কামরূপি বালানপথে  
দেবানিরে নাম লুপদধঃ।

—সুতহুকা গায়ত্রি  
ঙী-পু ৩০০ (?)

সংকত প্রতিকল্প :

সুতহুকা নাম দেবদামিনী তাম্ অকামরূপি বারাগসেরঃ  
দেবদত্তঃ নাম রূপদধঃ।

১

এইখানে একদিন পাবাণে কৈদেছে একজন  
বধির গুহার কানে চেলে গেছে প্রাণের বেদনা :  
'দেবদামী সুতহুকা—আমি ভারে করেছি কামনা,  
রূপদক্ষ দেবদত্ত—বারাগসী আমার ভবন !'

জানি না, প্রেমিক বন্ধু, ছুটি কথা লিখেছিলে কবে,  
দেবতার বাগদত্তা কে সে নারী পুষ্পভযৌবনা ?  
তুমি যারে সব দিলে, সে তোমারে কিছুই দিল না ?  
রূপের পিয়ামী চোখ এত ভুল করেছিল তবে ?

সেদিন আরতিলগ্নে সুতহুকা দেখা দিল এসে  
অপকল্প রূপশিখা অলে তার দেহদীপাধারে,  
মৃত্যু তার কণস্বর্গ উদ্ভাসিত হোলো ধরাভলে ;—  
সহসা তোমার পানে মলালা চেরেছিল হেসে,  
দেবতার খরদৃষ্টি অমনি কি বিধেছিল তারে ?  
দীপ্তচক্ষু পুরোহিত রুদ্ররোষে উঠেছিল জ্বলে ?

১১২

কবিতা

আষাঢ় ১৩৫০

২

দেবভোগ্যা সুতহুকা ?—পাপ-মনে দেখেছিলে ছবি ?  
সৌন্দর্যের সুরশোকে দেবভোগ্যা স্বর্গের উর্ধ্বী—  
ফটিল প্রভাত হ'তে তবু সে তো বিশ্বের প্রেয়সী  
বাসনার শতদলে আঁকে তারে মাঝবের কবি।

প্রিয়! তব সুতহুকা—সে-যে বন্ধু, মর্ত্যের মানবী,  
দেবতার নর্মসখী আসেনি সে নন্দনরূপসী,  
পঞ্চদশ বসন্তের পুষ্পরাগে হোলো পঞ্চদশী,  
ফুটায় অধরবৃন্তে কামনার রক্তিম করবী।

তবু তার ভয়দেহ দেবতা কি লয়েছিল কেড়ে—  
আপন অঙ্গলিম্পর্শে গাড়ে যে-পাথর-দেবতা ?  
জানি বন্ধু, কেন তুমি কৈদেছিলে গুহার পাবাণে,  
কেন এসেছিলে ছুটে শৈলমূলে লোকালয় ছেড়ে।  
তোমার বিদীর্ণ বৃকে প্রেম আজ পেল অমরতা  
স্রুতকেশা সুতহুকা বাণবিন্দা কাঁদে কোমলানে ?

১১৩

নীল পাখি

বিভুক্তিপ্রসাদ মুখোপাধ্যায়

অপরূপ সূর্যের মঞ্জরী  
যারে ফুলফুরি ।  
বিকেলের মন্দির মন্থর হুদে-হুদে  
যে-নীল পাখির গান ঝরে,  
শুনি সেই স্বর আর মনে হয় যেন  
কঠে তার কী সোনা ছড়ানো ।

মন ছেয়ে নেমে আসে যে-নীল আকাশে  
তারও চেয়ে নীল নাকি তোমার নয়ন !  
ছায়া কাঁপে ধরথর চোখের তারায়—  
এঁকেছ কি জলের ধারায়,  
এনেছ কি মেঘ বুয়ে আলোরে ভুলিয়ে  
সূর্যাস্তের রঙে বসে তুলিকা বুলায়ে ?

ভ্রমোপ্রার্থনা

বটকৃষ্ণ দাস

নারাদিন গভীর রুষ্টির পর মধ্যরাত্রির আকাশে  
চাঁদ এলো । সময়ের ভিজে হাওরায়,  
নির্জন ঘাসের গন্ধে,—বিস্মৃত যজ্ঞপার মতো  
হঠাৎ মনে হ'লো কাকে যেন মনে পড়ছে ।

কাকে মনে পড়ছে ? কাকে ?  
ধ্যানমৌন দিগন্তের মন্দিরে  
কালো মেঘের অপরূপ স্থাপত্যশিল্পের আড়ালে  
প্রার্থনামুখর রুষ্টির উদাত্ত মন্ত্রধ্বনির পর  
এই ভাস্কর্য অক্ষকারে  
অকস্মাৎ কার আবির্ভাব ?

কে এলো ! কে এলো !  
রাত্রির নিবিড় নীলিমায়  
কী যন্ত্রণা অক্ষুট আলোর,  
অস্পষ্ট আনন্দে কাঁপে স্নানুর বন্দর ।  
অতলান্ত হ্রদের গভীরে  
অক্ষকার প্যাগোডায়—অবসন্ন অবচেতনার  
কক্ষে আর কক্ষান্তরে—কে এলো, কে এলো,—  
যাকে চিনি অথচ জানি না,—  
তবু বার পদধ্বনি আচম্বিত স্পর্শের বিহ্বলে  
সেতারের তারে হ্রস্ব ভোলে !

শহরের রাস্তায় স্ট্রীকিকের অন্নীল গর্জন,  
মাতালের, কুকুরের, গণিকার রুচ কণ্ঠস্বর  
এখন স্তম্ভ। বর্ষার জলে-ভেজা সিঁদুর আকাশের মাঠে  
এই অপরাধ জীবন্ত স্তম্ভতায় শুয়ে  
সময়ের শিলালিপি কথা ক'য়ে উঠেছে কালাতীত ছন্দে,  
সীমিত স্থানের ছৎপিণ্ড কেঁপে উঠেছে বিচ্ছিন্ন সীমায়,  
বেদনার বেদনান্তে মুখর হ'য়ে উঠেছে কত অরণ্য,  
কতো জন্ম, মৃত্যু, নীহারিকা,  
কতো প্রার্থনা, কতো আকাঙ্ক্ষার আকুল মূর্ছনা—  
'জ্ঞানাসীটা খুলে দাও—'  
আর এক সময়ের পরিকীর্ত পদচারণার  
সীমান্ত বিস্তৃত হোক, পূর্ণ হোক এই ক্লাস্ত, নীল অন্ধকার।

কোন হারানো মুহূর্তকে আজ আবার কিরে পেলাম  
এই হৃদে; যেখানে মৃত্যুর প্রতিদ্বন্দ্বিতা নেই,—  
যেখানে প্রতি মুহূর্তের নবজন্মসূচনায়  
থরোথরো সন্ধ্যা আর্তনাদ করছে:  
অন্ধকার দাও,—আমাকে অন্ধকার দাও,  
অসম্ম্য শিশু-স্বর্গের জন্মে  
যে-অন্ধকার ললিতকলার স্বপনসত্ত্বা।

তীনা গুহ

অনুবাদ: দিলীপ দত্ত

স্ব শিকারে গেছে।  
আমাদের গলিতে কোনো লোক নেই—  
একেবারেই যে নেই তা নয়,  
কিন্তু তারা কেউ স্ব'র মতো নয়  
এত সুন্দর, এত মধুর।

স্ব মদ খাওয়া ধরেছে।  
আমাদের গলিতে কেউ মদ খায় না—  
একেবারেই যে খায় না তা নয়,  
কিন্তু তারা কেউ স্ব'র মতো নয়  
এত প্রিয়, এত সুন্দর।

স্ব বোড়ায় চ'ড়ে ঘুরছে।  
আমাদের গলিতে কেউ বোড়ায় চড়ে না—  
একেবারেই যে চড়ে না তা নয়,  
কিন্তু তারা কেউ স্ব'র মতো নয়  
এত সুন্দর, এত সাহসী।

(লেখক অজ্ঞাত: আহুমানিক ঝুপু সাত শতকের রচনা।)

কবিতা

আবাহা ১৩৫৮

২

রাস্তিরে কী এসে যায় ?  
আমাদের উঠোনে মশাল জ্বলছে জ্বলজ্বল ক'রে,  
আমার প্রিয়তম আসছে ।  
টুকু বাজছে ঘণ্টা ।

রাস্তিরে কী এসে যায় ?  
রাত তো এখনো শেষ হয়নি ।  
উঠানের মশাল থেকে ধোঁয়া বেরোচ্ছে,  
আমার প্রিয়তম আসছে ।  
ঢঢা বাজছে ঘণ্টা ।

রাস্তিরে কী এসে যায় ?  
ভোর হ'লো ব'লে ।  
উঠানের মশাল নিবু-নিবু ।  
আমার প্রিয়তম আসছে,  
ঐ দেখতে পেয়েছি তার পতাকা ।

(লেখক অজ্ঞাত : গু-পু ১১২-৪২৫-এর রচনা)

৩

এই পৃথিবীতে তাদের দেখা হল ।  
সোনালি ধানভরা হাত মাথায় ঠেকিয়ে  
অভিমান ক'রে বলল,

“ঐ হুয়ে-পড়া উইলো বনের মধ্যে  
রয়েছে দর্শ হাজ্জার বাড়ি,  
ওপো এসে, ওর মধ্যে কোনটাতে তুমি থাকো ?”

(লি পো : ৭০১-৭৩২)

১১৮

কবিতা

আবাহা ১৩৫৮

৪

প্রিয়তমা যখন ছিল, তখন বাড়িটা ভরা থাকত ফুলে ।  
সে চলে গেল, প'ড়ে রইলো শূন্য বিছানা ।  
নয়না-আঁকা চাদর গুটোনো প'ড়ে আছে,  
এখন আর ব্যবহার হয় না ।  
সেই দিন থেকে আজ তিন বছর ধ'রে কেবল একটা মিষ্টি গন্ধে  
সারা ঘর ভ'রে আছে ।

গছটা চিরদিন থাকবে,  
কিন্তু সে চ'লে গেছে চিরদিনের জন্ম,  
ব্যথায় ভরা শরৎ আসে, হলদে পাতা ঝরে,  
শুভ্র শিশিরকণা সবুজ উজ্জল ঘাসের ডগা ভিজিয়ে দেয় ।  
(লি পো)

৫

বিছানার ওপর চাঁদের আলো প'ড়ে  
চিকচিক করছে,  
তুবান পড়েছে নাকি ?  
মাথা ভুলে পাহাড়ের ওপর চাঁদের দিকে তাকাই,  
তারপর সাংসারিক ভাবনায় মাথা আমার হয়ে পড়ে ।

(লি পো)

১১৯

[ উ-টি (বৃ-পু ১৩৭-৮৭) হান বংশের রাজা। বোলো বছর বয়সে তিনি সিংহাসনে আরোহণ করেন। এই কবিতায় তিনি দুঃখ ক'রে বলছেন যে সুরকারি কাজে বাধ্য হয়ে তাঁকে তাঁর প্রিয়ভ্রাতাকে ফেলে চ'লে যেতে হচ্ছে। কবিতাটি লেখার সময় তিনি গভীর্ষ পর্যবেক্ষিত হয়ে সুরকারি নৌকোয় বাঁসে আছেন। ]

শরতের হাওয়া বয়, ছোটো-ছোটো শাদা মেঘ ভেসে যায়।  
গাছের পাতা ঝরে, রাজহংশীরা চ'লে যায় দক্ষিণে,  
চারদিকে অর্কিড ফুলের বাহার, ক্রিসেস্থিমাসের গন্ধ বাতাসে,  
সুন্দরী প্রিয়ার কথা ভাবি, তাকে ভুলতে পারি না।

নৌকো ভেসে চলে ফেনিল নদী বেয়ে,  
মাঝদরিয়ার শাদা চেউয়ের দোলা,  
বাঁশি আর মাদল বাজে মাঝদের সুরের সঙ্গে তাল রেখে।  
এই আনন্দ আর এই উৎসবের মধ্যে হুখে মন ভ'রে যায়—  
হায় যৌবনের দিন কত দৃশ্যস্বামী,  
বার্ধক্যের পদক্ষেপ কত সুনিশ্চিত।

( উ-টি )

তার শাড়ির খশখশানি থেমে গেছে,  
পাথরের মেঝেতে খুলো জমলো,  
তার শূঁচ ঘর নিস্তব্ধ, কনকনে ঠাণ্ডা,  
দোরগোড়ায় বরা পাতার ভূপ।  
সুন্দরী প্রিয়ার আশায় থেক  
কী ক'রে আমার উদ্বেল হৃদয়কে শান্ত করি।  
[ সত্ত্বত উ-টির লেখা, তাঁর প্রিয়ভ্রাতা পত্নীর মুহুর পর ]

সে ছুটু নিচে বাকি এসেছে।  
বাড়ির স্কোকেবর তাবনা হুঁকলো।  
ও ফুল ফাকর পর থেকে আজ পর্যন্ত  
কোনো ঘরই তারা পারিনি :  
হনার আল সে বে এল,  
এলাই তার প্রথম 'বাড়ির চিঠি'।  
বাংবলহীন ছোট্ট নদীর মতো  
এখন তার কথার স্রোত  
হনার থামে না।  
চরকার পাশে বাঁসে  
তার না  
বথাবিটের মতো চেয়ে থাকেন  
তার দিকে।  
তাই এইমাত্র ফিরলো খেত থেকে  
কাদাভরা কোদালটা হাতে নিয়েই।  
সকলে মন দিয়ে শুনাছে  
তার কথা,  
যেমন শোনো  
কোনো নিরঙ্গর যুবক  
যখন প'ড়ে শোনায় নববধূর চিঠি।  
ছোটো ছেলেরা  
উনথুস করছে বড়োদের মধ্যে,  
ভয় ও ভালোবাসা মেথানে কোঁতুহলে  
চেয়ে আছে বজার দিকে।

কবিতা

আষাঢ় ১৩৫৮

কেউ-কেউ তাদের ছোটো-ছোটো হাত দিয়ে  
বাবার কোমরে বাঁধা পিঙ্কলটাকে  
ছুঁয়ে দেখার চেষ্টা করে।  
এদিকে তার স্ত্রী  
এই ভিড়ের মধ্যে  
এক পাশে চুপ করে দাঁড়িয়ে থাকে,  
আর বারের বারের  
লুক্ক দুটিতে চোখ বুলায়  
স্বামীর সারা অঙ্গের ওপর  
সকলের অলঙ্কিত।

(সেং-কো-চিয়া, আধুনিক)

৯

নীল পাহাড় নিস্তরু,  
আনিও চুপ করে বসে আছি।  
সময় বায়ে যায়,  
ছ'জনে মুখোমুখি চেয়ে আছি  
একান্ত নির্জনে।  
আদি নিচের বরনার জলের দিকে তাকাই,  
সেও আমার দিকে মুখ তুলে চাইছে।

ওগো অন্তগামী সূর্য  
তোমার ঐ রাজ্য চোখ দিয়ে  
এই অপক্লপ নিস্তরুতার মাথুর্ঘের রহস্যকে  
ভেদ করতে যেয়ো না।

(সেং-কো-চিয়া)

১২২

কবিতা

আষাঢ় ১৩৫৮

১০

লাঙলেজোড়া মোষটা এগিয়ে চলে,  
একহাতে লাঙলটা ধ'রে  
চাষীও চলে তার সঙ্গে,  
নতুন মাটি চেউয়ের মতো  
ছ'পাশে ছড়িয়ে পড়ে,  
একটা কুকুর চলে পাশে-পাশে।  
ছেলেটাকে সে ক্ষেতের পাশে  
শুইয়ে রেখেছে;  
কতগুলো কাক  
ডানা মেলে উড়ে চলে  
লাঙলের ভালে ভালে,  
আবার মোষের পিঠেও  
উঠে পড়ে কখনো।

(সেং-কো-চিয়া)

১২৩

## ছানাপথ

## মেবদাস পাঠক

হায় রে অশান্ত মন, কী ক'রে তোমাকে খুশি করি ;  
কলকাতা পিছনে রেখে এই যে এখানে পলায়ন  
নাওতাল পরগনার এই জনহীন নিভৃত শহরে,  
চৈত্রের ছরস্ত সূর্য...ধূ লাল কাঁকর আর বালি,  
ছপুঁরে ধূমোর বাড়, হাওদা-কাঁপা অসহ প্রহরে  
ঘূমের করুণ রাস্তি। অনিচ্ছক এ-স্বীচনায়ন।  
হায় রে অশান্ত মন, এখানে কি শাস্তি খুঁজে পাবে  
পাবে সেই আকাজিকত আকাশের গাঢ় নীল কালি !

বদিও রাজি নামে বাসনার মতো গাঢ় পায়ের  
বালুচরে কাকজ্যোৎস্না, শাল আর মহয়ার বনে  
বাতাস মধুর, দীর্ঘ মুক্যালিপটাসের শীর্ণ শাখা  
ফুলে-ফুলে মুগ্ধরিত, অসহ আবেগে কপ্পমান ;—  
তবু ভো জাগে না সাড়া এই মনে—এ-স্থবির মনে ;  
এখানে বসন্ত, তবু মনের বিহঙ্গ ভগ্ন-পাখা।  
হায় রে অশান্ত, মন, কী ক'রে তোমাকে খুশি করি,  
কে জানে কোথায় সেই কুলপ্রাবী জীবনের গান !

## একা

## নরেশ গুহ

সতীশের হৃদয়ের বন্ধু তার নিজের হৃদয়।  
চৌরঙ্গীসংসারে তারা দুই বন্ধু প্রাণ খুলে হাসে।  
অবিনাশ, নলিনাক, হৈমবতী, কমলা, অক্ষয়  
এক কালি ছায়া খুঁজে পদম্পরের আশে-পাশে  
পিপড়ে হ'য়ে ভিজে যায়। কী করুণ দুঃখ, আহা,  
জানেন না তো ওরা,  
—সতীশ বন্ধুকে বলে—সব সখা সখী কত অসম্ভব একা !  
ঘন ঘন কাশি পায়, আস্তাবলে হ্রতপক্ষ অশ্রুচোখ  
পক্ষীরাজ যোড়।

ভবু কি মিলাবেই তারা যত্নপি ছদ্ম তরে দেখা ?  
এই বলে সে তখন হৃদয়ের বন্ধুটির হাত  
আরো শক্ত ক'রে ধরে। নিরিবিলা উক্কতার কোণে  
তারে টেনে নিয়ে যায়। বলে তারে—জানো না স্তম্ভাৎ  
ওদের সম্ভাষা তুমি।

মাকড়শা রাজির জাল বোনে।  
অবিনাশ-নলিনাক, হৈমবতী-কমলার চোখের চৌকাঠ  
পার হ'য়ে বেতে চায়, গালের হাড়ের উঁচু স্নান বালিরাড়ি  
কত কণ্ঠে হেঁটে এসে। কত আশা—এইবার বাড়ি !  
ভিজে-ভিজে অন্ধকার, উৎকণ্ঠিত হাতে ঠেকে নিরেট কপাট।  
আর যত রাত বাড়়ে ঠাণ্ডা হয় সতীশের পাশে শূন্য খাট !

কবিতা

আঘাট ১৩৫৮

## সমালোচনা

অধিষ্ঠ : বিষ্ণু দে : ডি. এন. লাইব্রেরি : আঘাট টাকা।

মাঝখানে কোনো সাঁকো নেই : একদিকে ত্রাঘনিষ্ঠ মাহুৰ, অজাধিকে নীতিভ্রষ্ট সমাল। দানেনাৰ্কেৰ যুৱজাৰেৰ সমস্তা, ভেবে দেখতে পেনে, আজকেৰ দিনেৰ প্ৰত্যেকটি বিবেকী মাহুৱেৰ অস্থদ্বন্দ্ব ; আমাদেৰ পৰিপাৰ্শ্ব এলমিনোৱেৰ বীভৎস প্ৰেতলোক।

'অভাচাৰে অনাচাৰে উদ্ভাস্ত উমাদ এই বৰ্তমান' : বাভাবিক মানব-মৰ্দ্দ 'প্ৰতিযোগী জীৱনেৰ জীৱিকাৰ কৃষ্টিল বিজ্ঞাসে' ছিন্নভিন্ন ; বেচে থাকাৰ অৰ্থ প্ৰত্যেকেৰ বিৰুদ্ধে প্ৰত্যেকেৰ স্ৰুগ্ৰাম ; আৰ, সাৰ্কালা ততটুহুই, বতইহু আদৰ্শচাৰিত। ফলত, এক ও বছৰ এই জটিল নেতিভেত আধুনিক মাহুৱেৰ সন্নে জীৱনযাপনেৰ কোনো তৃতীয় বিকল্প নেই ; হয় 'নিঃসহেৰ নৈঃসহ্য', ময়তো 'শহুনেৰ সহ্যতি'।

'বিচ্ছিন্দেৰ য়ৰণাই', বিষ্ণু দে ঠিকই বলেছেন, 'বৰ্তমানের ইতিহাস'। দুৰ্নীতিভ্রষ্ট সমাজে ব্যক্তিৰ মুক্তি কেবল নিগাতনে সিদ্ধ ; চরম আত্মবিলোপেই তার পৰিণাম ; আৰ, যুথবদ্ধতাৰ ফল যেখানে অনিবাৰ্ণভাবেই কৌশল্যুষ্টি, সেখানে মনদেহজাৰীৰ অবস্থা, স্বভাবতেই, এ্যাটমেৰ অহরুপ।

এই উভয়কটে মুছিজীৱীদেৰ দশা, বিষ্ণু দে-ৰ ভাষায়, ফুকফেলে জীয়েৰ মতো। ক্ৰাম-অজ্ঞানেৰ ভেদাভেদ সৰ্বক্ষে সচেতন থেকেও তাঁরা নিৰুপায় কিংবা নিষ্কিয়, যেহেতু শেষ পৰ্যন্ত তাঁরা সন্নাই কোঁৱৰেৰই অন্নদাস।

'অধিষ্ঠে'ৰ কবিও স্বন্দেৰ য়ৰণায় অস্থিৰ, শরশয্যাৰ আত্মনিপীড়নে কাতৰ, এং পৰিশেষে এক সমাহিত শ্ৰান্ত ৰেহনায় প্ৰতীক্ষা-উন্মূৰ্ছ। এই শেষেৰ অবস্থাতেই তাঁৰ কাব্যেৰ আবেগ সঞ্জনক হয়ে উঠেছে :

উদী। দে কৰ সেখাৰে ধ্বংসে এ উদা ধ্বংস ?

কৰ যুগ সেবে হেৰিৰিকা ও মোনটীথানি ?

ভিন-পাৰোকেৰ চুল্য কেবে কবে চোখেৰ ছায়াৰ

যৰ চকনা কঁবে বেয়ে যাবে পাচৰে মারাৰ

আগেৰে বাহ ফুলে বিয়াট হকাল আকান ?

আকান পেয়েছি হে অনামিকা।

১২৬

কবিতা

আঘাট ১৩৫৮

পৰিপাৰ্শ্ব যখন সব দিক থেকেই প্ৰতিফুল এং মানসিক স্থস্থিতিৰ প্ৰতিবন্ধ, যুদ্ধেৰ ভিতৰে 'দুঃখিয়েৰ শান্তিৰ' কাৰা নিয়ে প্ৰেদিনেৰে দুৰ্ভদ আশাৰ অপেক্ষা করা ছাড়া উপায় কী ?

আমৰ মাৰ্গ চাৰ তোমাৰ বাহেৰ হুৰ কোণ  
আমার আখিন চাৰ চাৰে রঙে তোমাৰ সন্ধান  
বনকৌ মন চাৰে ওজতায় সপুৰ্ণ দুখন  
গোমাঞ্চ হুৱাতে কবে ভুল' নেবে আমাৰ অমাণ ?

হামলেটায় সমস্তায় সমাধান, অতএব, বিষ্ণু দে-ৰ মতে, প্ৰেমেই মিলবে। মানসিক ৰোগেৰ উপায় যথ ৰোগীৰ ব্ৰদি কোনো কাৰ্ষকনী কতুৰ্থ থাকত, অসম্ভৱ ৰহন্যা সন্দেহ নেই, তা হলে অবত্ব দানেনাৰ্কেৰ যুৱজাৰেৰ গলায় আমেৰা বাভাবিক মাহুৱেৰই কঠৰৰ শুনতে পোতান :

পোনো পেনমিনা পৌহাৰ আত্মজানে  
তোমাৰ শৰীৰে গাৰেকীৰ গানে গানে  
কীৰ্ণনেৰ মহাযুদ্ধে মতে অৰ্ধাৰীৱৰ।  
মন নাও পাও নাও সানে সেনে অনাচাৰে জৰ্জৰ।  
তোমাৰ হুৰেৰ আধানে পাই আশা  
সুটোকেৰে অৰ আধানে জাৰ  
তোমাৰ উৎসে গদি পাই উজ্জ্বল।

হামলেটেৰ জীৱনে সত্তৰ হোক চাই না-ই হোক, পেনেই যে প্ৰত্যাহেৰ পিতৃ-ভূমি, বলিষ্ঠ কৰ্মোদ্যমদাৰ উৎস এং মুতিমান মানবজীৱন, সেটা তৰ্কাতীত। আৰ প্ৰেম যেহেতু ব্যক্তিৰ ইচ্ছা এং আদৰ্শেৰ অভিক্ষেপ, হুতৰাং তাৰ সৰ্ধ আধুনিক মাহুৱেৰ মৌলিক একাকীয়েৰও, বোধ হয়, কোনো বিস্তোৰ নেই :

হুই তৰে এনে ধাৰি বৈশাণী বজা  
পাৰমা ধাওৱাক পড়ে হুৰি এনে বৈশিণি হেতে  
আমার মকছু আমাৰ অকালকষ্ট  
ধাঁব হুজনে পাৰাভুতগানো ভটে ভটে গজা স্বৰ্ণ  
পৰপাৰেৰ মাৰাৰণোই তোমাকে চাই অন্নগ।

দৈবে নয়, আকস্মিক নহে, ভ্ৰামনীতি, বা বিষ্ণু দে-ৰ ভাষায়, 'হাত বদলেৰ ক্ষেত্ৰনাট্য' ; তাৰ দ্বাৰাও নয়, এৰামত 'দৈহেতৰ একতাৰ' অৰ্ণাৰ প্ৰেমেই

১২৭



## কবিতা

আম্বাচ ১৩৫৮

এলসিনোরের নরকহুণ্ড থেকে আমাদের উদ্ধার। এ-প্রার্থনা আমাদের সকলেরই :

ভূমি সারথান আধারে পান মেঘে মেঘে একাকার  
এনা দুইজন নৃত্যর পুষ্টি ধুর করি ধরশ্রোতে  
ছুই-চামেলিতে ফোন ছুটাই পঞ্চ হাওয়ার হাওয়ার  
সীমনের ভ্রূট ভ্রূট বিথারি নরকীনের পণি।  
এলসিনোরের নরক পিচো না বলি  
তোমার এ যিনেবারে।

সকল হৃদের অবদানে প্রতীক্ষা আর প্রার্থনার তরে এসে কবি যখন স্থির হয়ে বসেছেন, তখন তাঁর অতি সাধারণ কথাতেও কাব্যবেদনার সঞ্চার হচ্ছে :

শোনা গঙ্গা শোনা সিন্ধুপারের পানী  
এ রচনাটিতে হৃদয় মেলাবে নাফি  
এ নীল আকাশে ছুটাই কি বাবে না  
বাফি-কিরিগিরি সোনামলসোলা জলে  
করবে না পাগপার  
আলো কি তুলবে না  
তোনা চামেলি বা মেলা ?

'অঘিষ্টে'র কলাকৌশল সম্বন্ধে আমাদের কতকগুলি অভিযোগ আছে। প্রথমত, এই কাব্যগ্রন্থের দীর্ঘ কবিতাগুলি প্রায়ই অভিরেক দোষে ছুট। যে-যন-নিবিড়তা একদা বিহু দে-র রচনাভঙ্গীর বৈশিষ্ট্য ছিল, ক্রমেই যেন তা লোপ পাচ্ছে। দ্বিতীয়, ইমেজ ব্যবহারে তাঁর স্টেনিসকোপিক প্রণালী আমার পছন্দ হয় না। এতে কবিতা অকারণে দুর্বোধ্য হয়ে ওঠে। একটি উপমার উপর আর একটি উপমা চাপিয়ে দেওয়ার অসংখ্য উদাহরণ 'অঘিষ্টে' ছড়িয়ে রয়েছে। যেমন, 'কাকতালীয়েদের অক্ষ-ব্রহ্মাতি কার্যকারণে রাজস্বীবিদ্যা'। কাকতালীর ভ্রাতৃ সম্বন্ধে আমাদের ধারণা আছে, ব্রহ্মাতি উপাখ্যানও আমাদের অজানা নয়, তবু কোন কার্যকারণে এ-দুয়ের যোগাযোগ ঘটল তা আমরা অস্থান্যানে অসাধ্য। তৃতীয়ত, 'অঘিষ্টে'র ছন্দগৈথিল্য পীড়াদায়ক। 'পরশপরের সাধারণশেই তোমাকে চাই অনজ্ঞা' যদি বা সঙ্গ হয়, 'তোমাকেই চাই ভূমি দাও

## কবিতা

আম্বাচ ১৩৫৮

ক্ষিপ্ত বনুবাণা উপহার' বেজার কানে লাগে। আমার চতুর্ধ অভিযোগের কারণ 'ব্যারাক' শব্দটির ব্যবহার। যিনি 'শকুনের সহস্রতিকে' ভয় করেন এবং ব্যক্তিবস্করণের পরিপূর্ণ বিকাশই ধীর অঘিষ্ট, কোন নোঙরখানার বৃত্তিতে আচ্ছন্ন হয়ে তিনি ঐ ভীতিপ্রদ শব্দটিকে একাবিকবার ব্যবহার করেছেন বুঝতে পারলাম না।

এ সমস্ত অভিযোগ সত্ত্বেও, 'অঘিষ্টে'র অন্তর্গত 'এলসিনোর' কবিতাটি 'চোরাবালির' 'ঘোড়সওয়ারের' মতোই-যে দরদীর্ণ হয়ে থাকবে, সে-বিষয়ে আমার কোনো সন্দেহ নেই।

অরুণভূমার সরকার

উড়ো চিঠির বাক, অপোকাবিজয় রাহা। বেহুল পাবলিশার্স, ২১০

অনেকদিন পরে অপোকাবিজয় রাহার নতুন কবিতার বই বেরল। জেনে আশ্চর্য হলাম যে আরো ছুখানা কবিতার বই তিনি ইতিপূর্বে ছাপিয়েছেন। কলকাতার, বতদূর জানি, এদের অধিকাংশই অনভা। একে আমি ব্যক্তিগত দুর্ভাগ্য বলে মনে করি। নবী বন হ্রদ পাহাড়ে ভরা আমাদের অকর্ষিত প্রকৃতি অপোকাবিজয় রাহার কবিতাকে শিথলতা দিয়েছে। শিথলতার এই অপূর্ণতা আমাদের জানা ছিল না। কবিযাজেই প্রকৃতিপ্রেমিক, কিন্তু এমন কবি বিরল শুধু প্রকৃতিই ধীর বিঘর। বিশেষত, যে-প্রকৃতির সঙ্গে হৃদয়বালের যোগ ঘনিষ্ঠ। ভূগোল অবশ্য খেতেও পারে কোথায় দাঁড়িয়ে আছে কোন পাহাড়, কোন নদী সাপের মতো ঝেঁক যিয়ে সমুদ্রে পড়েছে, ভূমি কোথায় কর্কশ, বন কোথায় নিবিড়। কিন্তু ভালোমাসতে খেখান কবি। ভূগোলে থাকে মানচিত্র, অসম্পর্কহীনীতে বর্ণনা, আর কবিতায় ছবি, যে ছবির প্রাণ আছে। 'উড়ো চিঠির বাক' পড়ে ধক করে আমাদের বাথ-চাটা লাভক বিল আর হ্রদ পাহাড়, বড়াল পর্বত আর কোরাশার দ্রান্দন জড়ানো জারুল-টিলাকে ভালোবেসে ফেললাম। বুনা রাত, খটাশ গছ আর জংলি জোংগাম, হ্রদের জলে 'লালুক জুইকুড়ির মত চাঁদের আলো', 'আকাশের এক কোণে সাধা সিন্ধের কুম্বলের মতো একইধরণে পাংলা মেঘ' উর্ধ্ব দ্বাস দেশবেড়ানো চোখে সব সময় ধরা পড়ে না। ঝিকমিক করে উঠল

কবিতা

আম্বাট ১০৮

কবিতার 'কালো পাহাড়ের পায়ে একটি মত রূপোলি নাকড়সা. বেধতে পেলান 'পাহাড়ের বুক মুখ শুভে কাঁদছে' লালবাগের বর্না, পিঠে ছড়িয়ে পড়েছে একরাশ এলাচ।। অশোকবিজয়ের প্রকৃতিমাত কবিমন জপু হ্রদে বেড়াতে গিয়ে স্বাক্ষকে টুকরো টুকরো ছবি আঁকার হ্রেনে বাঁধিয়ে নিয়ে এসেছেন। 'উড়ো চিঠির বাক' সেই ছবির প্রদর্শনী।

অমণবর্ণনা নিয়ে আত কবিতার বইও বাংলায় এই প্রথম। জন্ম হ্রদের তীরে মুক্ত ছুটিবাগনের ডারেরি। আগাগোড়া গল্পকবিতায়। ছন্দ মিল ছুট বলে আমার কিছু অভ্যস্তি রইল। গল্পকবিতার সপক্ষে সব কথা পোনার পথেও ছন্দমিলের প্রতি আমার ত্বরিততা দূর হয়নি। কিন্তু অমণকাব্যের উপযোগী ছিপছিপে যে ভাষাটি অশোকবিজয় তৈরি করে নিয়েছেন সেজ্ঞ তাঁকে নাধুবাব জানাই। বাংলাভাষার ভাববাচক শব্দের এতো ছড়াছড়ি যে গতির ছবি ভাষার কাঁকা ছুসাধা। বৈদিক দিয়ে অশোকবিজয়ের বেষণাব বর্ণনা মাঝে-মাঝে ভ্রমানক খুশি করে :

দুইন গোট—

... ..

নিদের কাঁক নিয়ে হ্রদের জল ছুটে পালাচ্ছে

অঙ্গের চিরনিদির মতো।

নিদেটকরা বেসজেত ছড়িয়ে গেছে অঙ্গের বিছানা

ওপরে নিদের মনন তাঁর কেবলি শিল্পে মাঝে—

এর চাইতে নিপুণ বেষণবর্ণনার রেখাচিত্র খুব বেশি দেখেছি বলে তো মনে পড়ে না। আর্থাৎ অনেকে দুটোই মনে পড়ছে :

হুইং ধপ, ক'রে বোর জল খেতে

... ..

হুই পাহাড়ের বাঁক থেকে বর্ধ আঁসার টক কেঁচকে

অন্যন করছে কয়েকটা নাগকেশর পাথরে চুড়া

হিস্র গান।

... ..

ফলের বোসে ধাত বের করে ধাঁড়িয়ে আছে যান-বান

কবিতা

আম্বাট ১০৮

পাহাড় আল চিত্রাবাহ হয়ে খ'লে বাহে

সারা গায়ে মেয়ের ফুটক,

হ্রদের পায়ে কী ক'রে পরালাও রৌহা-রৌহা বোম?

একটু আপেক্ষ থাকে—এই ভূমিত্তিক বর্ণনাইনপোষ্যর সন্ধে একটু বদি কাহিনীর মিশোল থাকত। বর্ণনা বত নিখুঁত হোক, যতই জীবন্ত ছবির দল হরিণের মত মাঝিরে-মাঝিরে এসে ছুটুক, শুধুই বর্ণনার মন ডরে না, আর-একটু বেশি চাই আমায়।

লোকটা গিরে আসবে কে জানত?

কেউ জানত

সে তাকে জ্ঞানেনি।

এই মাইন কাট পড়ে আশা জেগেছিল অস্তত স্বীণ একটু কাহিনী এই দীর্ঘ অমণবর্ণনার জড়িয়ে থাকবে। নিজের কথাও বনতে পারতেন কবি। কিন্তু মেঘগুটি রোদে ঝড়ে দিনের পর দিন পাহাড় বন হ্রদের হাজার রকম পোষাক পালটানে দেখে বড় বেশি 'আশ্চর্য' হলেন কবি। শেষ পর্যন্ত ফুলেই পেরেনে হয়তো সে উড়ো চিঠির কাঁক বার কাছে পৌঁচছে, মণিপুরী পূর্বরাসের বর্ণনার চাইতে কবির প্রতি আগ্রহ তার কম না হতেও পারে। কিন্তু আরো কেন ভালো হল না—এ হচ্ছে সে অভিযোগ। সম্ভ্রান্তি এমন কোনো কবিতার বই আমার চোখে পড়েনি এতটা উৎসাহ আর আনন্দ নিয়ে যে-বই আমি পড়েছি। 'উড়ো চিঠির কাঁক' পড়ে আশ্বাস 'পোষাব'—বাংলার পরিখন্দী ধর্মযান সং-কবির সংখ্যা শূঁড়ে পৌঁছয়নি।

বিদিশা, আনন্দমোপাল সেনগুপ্ত। ডি.এম. লাইব্রেরি। ১০

পূর্বরঙ্গ, অমিররতন মুখোপাধ্যায়। ৩

মিয়ারি কপোজ, কালীকিন্দর সেনগুপ্ত। বর্তমান প্রকাশনা ২,

মধুমিতা।

ভিসিন্ন-ভুবা। } দিল্লীস দানগুপ্ত। ১০ ও ১০

এতগুলি কবিতার বই প্রথম থেকে শেষ, আবার শেষ থেকে প্রথম, অনেকবার তদন্তর করে পাঠ করার পরে আমার ধারণা হল, এই বদি এখনকার বাংলা কবিতার নমুনা হয় তাহলে বাংলা কবিতার জন্ম শোকসভার

কবিতা

আবৃত্ত ১৩৫৮

আয়োজন করাই জানে। রবীন্দ্রনাথের ঘোড়াই দিতে চাইনে, বরিও 'রবিচাঁদুরের দিবা' দিয়েই কাব্যচর্চার রেণুগাজ আছে দেখা যাচ্ছে। কাছাকাছি দিশ পঁচিশ বছরের মধ্যেও বাংলা কাব্যের জগিতে কিছু ফল জো কেনছিল? যিদে মেটাংবার মতো বখেট হরতো নর, কাটানি বিদার করার মতো জানাও মানহুজও হুমতো খোশা যেতো না। কিন্তু সেদিন পর্যন্ত এতটা নিবাশ কেউ করেননি। কমেই কবিদের কার্যকলাপ বেধে মনে হছে বাংলা কবিতার ভবিষ্যৎও যেনম নেই, তেমনি অতীতও সদান অধপবিত। কবিতাপাঠকের কাজ এখন শুধুই বিলাপ করা। ঝগতোক্তিগ মত নিজেরাই করবেন, নিজেরাই গুনবেন। রিপণভান উইফলএর মতো বহকাল পরে-পরে ঘুম ভাঙছে কবিদের। অস্তত ভাবভাবা দেখে মনে হয় না সাহিত্যের কালেগারে বিশ জিণ বছর আগেকার পুরোনো পাত ছিড়া তাঁরা প্রয়োজন মনে করেন। তাই প্রেম, প্রকৃতি, বলাকা, বিরহী, উল্লসিশখর, অসীমের সূদা, প্রকৃতি সবেও পাঠকের মনে কিছুই এসে পৌছয় না।

হর্ব হৃত ছানি ধেন-শিখা  
গন্ধি নবীনা ধরা, মে ধরার ধরি' লিখ বিয়া  
তরণ হুহের মাধে...

ইত্যাকার ছন্দোবদ্ধ সংকল্পরাগি পাঠ করার পরে আর কী কথা বলার থাকতে পারে? বৈশিষ্ট্য না থাকলেও 'রিশারী কপোতের কবি নিতুল' ছন্দ লেখেন, এবং নানারকম ছন্দেই তাঁর হাত আছে। কিন্তু ঐ পর্যন্ত। এদের মধ্যে ভিন্ন দেখান শুধু 'বিদিগা'র কবি। গুটিকয়েক ছোটো লিখিক রচনার কার্যকর্যে বখেট সতর্কতার প্রমাণ নেই, কিন্তু বাংলাকাব্যের পরিমণ্ডলে ননটি লালিত।

আমার মনে হয় তিরিশ থেকে চল্লিশ সালের মধ্যে বে-সব কবিতার বই ছাপা হয়ে বহুদিন আগে নিম্নোক্ত হয়েছে অবিদ্যে তাদের পুনঃপ্রকাশ প্রয়োজন। না হলে বাংলা কবিতার ধর্নি, আর তাঁর হয় হরতো ফুলেই বাবে।

নরেশ গুহ

ছেটোগল্প  
প্রস্থমালা

পৌব ১৩৫০-এ প্রথম প্রকাশিত হয়। প্রথম তেরোটি সংখ্যা নিম্নোক্ত

|                                                                                                           |   |                             |
|-----------------------------------------------------------------------------------------------------------|---|-----------------------------|
| ১০. অভ্যঙ্গীর যুগ                                                                                         | } | পূর্ণশশী দেবী               |
| মেঘ-মুক্তি                                                                                                |   |                             |
| ১১. রেল-লাইন                                                                                              | } | কামাকী প্রসাদ চট্টোপাধ্যায় |
| ১৬. যশোমতী                                                                                                |   | অনন্যদা দেবী                |
| মর্দর                                                                                                     | } | দেবীপদ ভট্টাচার্য           |
| ১৭-১৮. একটি সকাল ও একটি সন্ধ্যা                                                                           |   | বুদ্ধদেব বহু                |
| ১৯. সাদিন্দী                                                                                              | } | পূর্ণীয়া রায়চৌধুরী        |
| নতুন লেখক                                                                                                 |   |                             |
| ২০. হাসান সুবী                                                                                            | } | অন্নদাশঙ্কর রায়            |
| ২১. মহাপ্রাণ                                                                                              |   | কমলকান্ত                    |
| ২২. মুণ্ডলা                                                                                               | } | বিখ বন্দ্যোপাধ্যায়         |
| ২৩. মুক্তি                                                                                                |   | কল্যাণী মুখোপাধ্যায়        |
| ২৪. উমিলা                                                                                                 | } | পুষ্প বহু                   |
| ২৫. গাম্ভায় জাতির কথা                                                                                    |   | রাজশেখর বহু                 |
| ২৬. পুনরুত্থান                                                                                            | } | স্বধীরকম মুখোপাধ্যায়       |
| ২৭. অপরূপা                                                                                                |   | প্রতিভা বহু                 |
| ২৮. আলো, আলো আলো                                                                                          | } | মাসুতি বেকটের আয়েদার       |
| ২৯. একটি কি ছুটি পাখি                                                                                     |   | বুদ্ধদেব বহু                |
| ৩১. ভবতারল্যবাসু                                                                                          | } | পরিমল রায়                  |
| মেয়েরা                                                                                                   |   |                             |
| ৩১-৩২. পাঠির পরে                                                                                          | } | ক্যাথারিন ম্যাসক্কাউ        |
| ৩৩. যেনমাদী বহু                                                                                           |   | বিখ বন্দ্যোপাধ্যায়         |
| ৩৪-৩৬. তপতীর মন                                                                                           | } | নরেশ গুহ                    |
|                                                                                                           |   |                             |
| 'একটি সকাল ও একটি সন্ধ্যা' 'পাঠির পরে',<br>তপতীর মন', প্রত্যেকটি আট আনা।                                  |   |                             |
| প্রতিটি সংখ্যা পাঠ আনা করে। সবগুলি সংখ্যা একসঙ্গে পাঁচ টাকা।<br>এই প্রথমমালা সম্পাদনা করেছেন প্রতিভা বহু। |   |                             |
| কবিতাস্তবন : ২০২ রাসবিহারী এডিনিউ, ফলকতা ২৩                                                               |   |                             |

KAVITA

(Poetry)

CALCUTTA

Editor & Publisher : Buddhadeva Bose

JUNE, 1951  
Vol. 16, No. 3  
Serial No. 69

Published quarterly at Kavitalhanan, 203 Rashbehari Avenue  
Calcutta 29. Yearly Rs. 4/-, 6/- or \$1.50. Manuscripts can not  
be returned unless accompanied by stamped self-addressed envelopes  
or international postal coupons.

কবিতা

সম্পাদক

বুদ্ধদেব বসু



ষোড়শ বর্ষ,  
চতুর্থ সংখ্যা

বার্ষিক চার টাকা  
প্রতি সংখ্যা  
এক টাকা



কবিতা

গুণনা

## কবিতা

১৬ বর্ষ, ৪র্থ সংখ্যা

### কবিতা

স্বধীন্দ্রনাথ দত্ত

অমিয় চক্রবর্তী

জীবনানন্দ দাশ

অরুণকুমার সরকার

কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়

প্রতিভা বসু

দেবদাস পাঠক

আনন্দ বাগচী

নরেশ গুহ

বিষ্ণু দে

সুমালোচনা

বৃন্দদেব বসু

আলোচনা

মূলপাঠ্য বই

সম্পাদকীয়

## কবিতা

ত্রৈমাসিক গল্প। আশ্বিন, পৌষ, চৈত্র  
ও অঘাঢ়ে প্রকাশিত। \* বছরের প্রথম  
সংখ্যা থেকে গ্রাহক হ'তে হয়। বার্ষিক  
চার টাকা, বৈজিকর্ড ডাকে পাঁচ টাকা,  
ডি. পি. দ্বস্ত্র। মাসিক গ্রাহক করা  
হয় না। \* চিঠিপত্রে গ্রাহকনামের  
উল্লেখ আবশ্যিক। টিকানা পরিবর্তনের  
খবর দয়া ক'রে সঙ্গে-সঙ্গে জানাবেন,  
নয়তো অপ্রাপ্ত সংখ্যা পুনরায় পাঠাতে  
আমরা বাধ্য থাকবো না। আগ্র সময়ে  
জন্ম হ'লে স্থানীয় ডাকঘরে ব্যবস্থা করাই  
বাঞ্ছনীয়। \* অমনোনীত রচনা ফের-  
পেতে হলে যথযোগ্য স্ট্যাম্পসহ  
টিকানা-সেবা খাম পাঠাতে হয়।  
প্রেরিত রচনার অঙ্কলিপি নিম্নের  
কাজে সর্বদা রাখবেন, পাতুলিপি ডাকে  
কিনবা দৈবাৎ হারিয়ে গেলে আমরা  
দায়ী থাকবো না। \* সমস্ত চিঠিপত্রাদি  
পাঠাবার টিকানা :



কবিতাভবন

২০২ রাসবিহারী এড্‌মিট, কলকাতা ২০

## কবিতা

কবিতাভবন প্রকাশিত বৃন্দদেব বসুর গদ্য বই

### গল্পসংকলন

লেখকের-বিভিন্ন বয়সের বিভিন্ন ধরনের আঠারোটি ছোটো  
এবং বড়ো গল্প। ছোটোগল্পের-কারুণিক বৃন্দদেব বসুর  
প্রকৃষ্ট পরিচয় এই বইয়ে পাওয়া যাবে। রয়্যাল আকারে  
বোর্ডে বাঁধাই। উপহারের উপযোগী। ৫/-

### সাদা

বিখ্যাত প্রথম উপস্থাস। পরিমার্জিত সুদৃশ্য সংস্করণ। ৩০/-

### বিশাখা

উপস্থাস। একটি করুণ মধুর রসোজ্জ্বল কাহিনী।

মনোরম প্রচ্ছদ। ২০/-

### সব-পেয়েছির দেশে

শান্তিনিকেতনের ও রবীন্দ্রনাথের শেষ জীবনের আনন্দঘন বর্ণনা।

বোর্ডে বাঁধাই। ২/-

### কালের পুতুল

আধুনিক বাংলা কবিতা ও কবিদের বিষয়ে প্রামাণিক গ্রন্থ। ৪/-



সমগ্র প্রাচ্যের সুবিস্ময়

গোল্ডেন

আমলা

হেয়ার অয়েল



কেশ চর্চা ও কেশ চর্চায়  
শ্রেষ্ঠ উপকরণ বর্ধে, গন্ধে  
ও গুণে অকুলনীল।

আজই ব্যবহার আরম্ভ  
করুন। সকল সস্ত্রাস্ত্র  
দোকানে পাওয়া যায়।

বেপনে কোম্মিক্যাল  
কলিকাতা বাম্বাই কামপুর

৭ই পৌষ, ১৩৫৮

শান্তিনিকেতন বিদ্যালয়ের পঞ্চাশবর্ষপূর্তি উপলক্ষে

প্রকাশিত গ্রন্থমালা

রবীন্দ্রনাথ ঠাকুর

আশ্রমের রূপ ও বিকাশ

এই গ্রন্থের প্রথম প্রবন্ধে কবি আশ্রমের শিক্ষার আদর্শ ব্যাখ্যান  
করিয়াছেন। দ্বিতীয় ও তৃতীয় প্রবন্ধে শান্তিনিকেতন আশ্রমবিদ্যালয়ের  
প্রারম্ভিক ইতিহাস বিবৃত হইয়াছে। এক টাকা

বিশ্বভারতী

বিশ্বভারতীর সূচনা হইতে ১৩৪৭ সাল পর্যন্ত দুড়ি বৎসরের অধিককাল  
শান্তিনিকেতন বিদ্যালয় ও বিশ্বভারতীর আদর্শ সম্বন্ধে রবীন্দ্রনাথ  
যে সকল বক্তৃতা দিয়াছিলেন, বিভিন্ন সাময়িকপত্র হইতে এই গ্রন্থে  
সেগুলি সংকলিত হইল। দুই টাকা

শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম

প্রতিষ্ঠাদিবসের উপদেশ ও প্রথম কার্যপ্রণালী। দশ আনা

CENTRE OF INDIAN CULTURE

যে-আদর্শ লইয়া রবীন্দ্রনাথ বিশ্বভারতীর প্রতিষ্ঠা করেন এই গ্রন্থে

ভাঙ্গা ব্যাখ্যান হইয়াছে। এক টাকা

অঞ্জিতকুমার চক্রবর্তী

ব্রহ্মবিদ্যালয়

শান্তিনিকেতন আশ্রম-বিদ্যালয়ের প্রারম্ভিক ইতিহাস ও আদর্শ-

এক আনা। বহু দিনে শোভিত। এক টাকা বাহাে আনা

SANTINIKETAN 1901-1951

ইহাতে শান্তিনিকেতনের ৬০ বারি দ্বিটোপ্রাচ্যের প্রতিনিধি স্মৃতি।

বিশ্বভারতীর বিভিন্ন বিভাগের পরিচয় চিত্রাবলীর মধ্য দিয়া প্রকাশিত

হইয়াছে। কাগজের মলাট সাত সাত টাকা, কাপড়ে বঁধাই দশ টাকা

TWENTY-FIVE PORTRAITS OF ABINDRANATH TAGORE

এই চিত্রমালায় কবির বিভিন্ন সময়ের ২৫ বারি প্রতিরূতি স্মৃতি

হইয়াছে। কাগজের মলাট সাত সাত টাকা, কাপড়ে বঁধাই দশ টাকা

- বিশ্বভারতী ৬৩, দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা ৭

দৌলত বীঘায়

দি

মোটোপলিটান

ইন্সিওরেন্স কোং, লি:



দি মোটোপলিটান ইন্সিওরেন্স হাউস  
কলিকাতা

বঙ্গমতী সাহিত্যমন্দিরের কাব্য ও ধর্মগ্রন্থ  
সংসাহিত্যের মূলভ সংস্করণ

|                       |                                   |
|-----------------------|-----------------------------------|
| কালিদাস গ্রন্থাবলী    | মচিত্র বাস্কীকি রামায়ণ           |
| তিন খণ্ড, প্রতিখণ্ড ৩ | দুই খণ্ড অমূল্য বাঁধাই            |
| বিদ্যাপতি গ্রন্থাবলী  | মাইকেল মধুসূদনের গ্রন্থাবলী       |
| এক খণ্ড ১০            | দুই খণ্ড, ১ম ২১০, ২য় ১৪০         |
| চণ্ডীদাস "            | ১০                                |
| জানদাস "              | ১                                 |
| গোবিন্দদাস "          | ১                                 |
| চৈতন্য ভাগবৎ "        | ৬                                 |
| ভক্তমাল "             | ৬                                 |
| শ্রীশ্রীচণ্ডী "       | ১                                 |
| শ্রীমদ্ভাগবৎ "        | ৫                                 |
| শ্রীমদ্ভাগবৎ গীতা "   | ১১০                               |
| স্বপ্নকবচন মালা "     | ৫                                 |
| শিবায়ন "             | ১                                 |
|                       | কবিতা                             |
|                       | ঈশ্বরচন্দ্র গুপ্তের গ্রন্থাবলী    |
|                       | ১ম এবং ২য় খণ্ড একত্র             |
|                       | ভারতচন্দ্রের গ্রন্থাবলী           |
|                       | গীতগোবিন্দ                        |
|                       | বিদ্যাভ্রম্বর                     |
|                       | (৩ জন কবির একত্র)                 |
|                       | রঙ্গলালের গ্রন্থাবলী              |
|                       | রামপ্রসাদ সেনের গ্রন্থাবলী        |
|                       | এক খণ্ড                           |
|                       | মুকুন্দদাসের গ্রন্থাবলী           |
|                       | বৃন্দসংহার                        |
|                       | শ্রীরীন্দ্রমোহনী দাসীর গ্রন্থাবলী |
|                       | এক খণ্ড                           |

(পুস্তকভালিকার জন্ম পত্র লিখুন)

বঙ্গমতী-সাহিত্য-মন্দির: ১৬৬ বোবাজার স্ট্রীট, কলিকাতা-১২

## কবিতা

পুরোনো সংখ্যা

|      |                      |
|------|----------------------|
|      | পরিবর্তিত তালিকা     |
| ১০৪৪ | পৌষ, চৈত্র           |
| ১০৪৫ | আষাঢ়, চৈত্র         |
| ১০৩৬ | আশ্বিন               |
| ১০৪৮ | আশ্বিন, কাতিক, চৈত্র |
| ১০৪৯ | আশ্বিন, পৌষ          |
| ১০৫০ | আষাঢ়, আশ্বিন, পৌষ   |
| ১০৫১ | আশ্বিন, চৈত্র        |
| ১০৫২ | আষাঢ়                |

প্রতি সংখ্যা এক টাকা  
সর্বশ্রমি একসঙ্গে ২৫% কম  
[ মাস্তুল পতঙ্গ ]

কবিতার সম্পূর্ণ সেট

|                        |     |
|------------------------|-----|
| একাদশ বর্ষ             | ৩.  |
| দ্বাদশ বর্ষ            | ৪.  |
| ত্রয়োদশ বর্ষ          | ৪.  |
| চতুর্দশ বর্ষ           | ৪.  |
| পঞ্চদশ বর্ষ            | ৪.  |
| ষোলকোনা দু-বছর একসঙ্গে | ৫.  |
| বেকোনা তিন বছর একসঙ্গে | ৬.  |
| বেকোনা চার বছর একসঙ্গে | ১০. |
| পাঁচ বছর একসঙ্গে       | ১২. |

কবিতা

প্রতিভা বহু-র গল্প ও উপঢান্স

সুমিত্রার অপয্যুত ৪

মনোলীনা ২।০

বিচিত্র হৃদয় ২.

সেতুবন্ধ ২।০

অপরূপা ১০

প্রকাশক : কবিতাসভন

বুদ্ধদেব বহু-র কবিতার বই  
কঙ্কাবতী

হৃদয় কাপড়ে বাঁধাই : ২৬০

দময়ন্তী

হৃদয় কাপড়ে বাঁধাই : ৩.

( এই ছোট বইয়ের অল্প কয়েক  
কপি অবশিষ্ট আছে )

দ্রোপদীর জাড়ি

২৪০

বিদেগ্গিনী

১০

## কবিতা

আশ্বিন ১০৫৮

ষোড়শ বর্ষ, চতুর্থ সংখ্যা  
ক্রমিক সংখ্যা ১০.

পথ

স্বপ্নীন্দ্রনাথ দত্ত

অমৃগ উত্তর হতে পলাতক দক্ষিণের পাছে  
ছুটেছে একাগ্র পথ, ছুনিবার, নির্ভীক, উৎসুক,  
অবিশ্রাম। লজ্জি গিরি, অতিক্রমি নদী, দ্বিধাগ্নিত  
করি খাপদসঙ্কুল অরণ্যানি, শত নগরীর  
প্রলোভন উপেক্ষি নির্দয়ে, প্রাগ্রসর যজ্ঞ পথ,  
যেন বিশ্বমানবের কার্যকম করে উল্লংঘন—  
অমুকুল দৈবের স্বাক্ষর। জাতিগত চেতনার  
কুহেলী গুপ্তিত প্রাপ্ণুযায়, স্বপ্নোপস্থিত কৃষ্টি যবে  
মৌল জিন্মীষায় উচ্ছৃঙ্খল প্রকৃতির চেয়েছিল  
আয়ত্তে আনিতে, হানি তার নিরুচ বৃকে শেল,  
গদা, পরশু প্রভৃতি প্রাগৈতিহাসিক অস্ত্র, সেই  
অক্ষয়ি বশীকরণের অলঙ্কিত অভিজ্ঞান  
এই রক্ত পথ, প্রাগলভ্য প্রবাদ উৎকীর্ণ সকল  
দেহে, কী বলে নিবিদে ?

মনে হল ৩-মহাপথের  
সঙ্গে আমি পরিচিত জন্মপরম্পরায়ুয়ে ; গুর  
ধূলিকণায় নিহিত যে-অস্থিতি, পূর্বপুরুষেরা  
আমাদের বসানে গেছে সে-জন্ম উত্তরাধিকারে ।



কবিতা

আদিন ১০৫৮

উজ্জীন মৈনাকে করেছিল অভীপ্সাসকারণ তার।  
তাদেরে জিজ্ঞাসা ঐকান্তিক পদচিহ্ন একেছিল  
রিলে নিরুদ্ধেশে; চক্রবাহু রচিছিল মরীচিকা  
দিয়ে আশ্চর্যের মরুতে তারাই; রথের নেমীতে  
অরাত্তির পঞ্জরাস্থি নিয়ত নিষেধি, এনেছিল  
সংহতি কর্দমে, অনাগত ভবিষ্যতে সস্তানের  
অশমেধ যাতে না পায় ভৌতিক বাধা। অকস্মাৎ  
কালের প্রবাহ ছুটিল পশ্চাৎ মুখে, প্রত্যক্ষের  
নীমা উত্তরিল শাখত সংবিধ, ইন্দ্রিনিচয়  
যেন পাশরিল অধিকারভেদ।

উৎকর্ষ নয়নে

দেখিলাম, শুনিলাম অনিমেধ কানে এশিয়ার  
আমের বিস্তারে ইতস্তত অপদেবতার লীলা  
প্রায় অবসিত; গতাহুগতিক স্রমে মোহমান  
জনতার ঘন উপক্রম অকারণ অসন্তোষে;  
বিষম বিরাম ব্যক্ত একাধিক বার একতান  
নিঃশ্বাসে-প্রশ্বাসে; নিষিকপ্রবেশ হৃদয়ের দ্বারে  
করাঘাত, অবিবেকী প্রণয়ীর মঞ্জবা যেমন  
কুমারীর আদিষ্ট কুষ্ঠায়; অনাদি ভুবীর—অজ,  
অন্ধ অশ্বের্যের পুরাণ প্রতীক—তাতে মলয়ের  
দৌত্যে মুহুর্চ্ছ সংক্রান্ত সিদ্ধুর—রৌত্রসমুজ্জল,  
ইন্দ্রনীল, সচল সিদ্ধুর—উষ্মখর আমন্ত্রণ;  
সমষ্টি গর্ভিনী প্রাতিভিক প্রাণের প্ররোহে; যৌথ  
অনীহায় উহ উৎক্রম, উদ্দেশ।

সহে না, সহে না  
আর দিনগত পাপের কালনে নিত্য অহুতাপ;

কবিতা

আদিন ১০৫৮

বন্ধমুষ্টি পৃথিবীর উচ্ছিষ্ট কুড়িয়ে সধর্মীর  
সঙ্গে বিপ্রলাপ; গোঠে বা শিকারে উদয়াস্ত রূধা  
কায়ক্রেশ; বুদ্ধু প্রদোষে ফেরা পৈতৃক কারায়;  
মিটাতে বংশের দাবি মধ্য রাতে অভ্যস্ত আল্পে।  
শুধু মুখচেনা বান্ধবের ফলত সহায়ুচ্ছতি  
যোগে, শোকে, হৃদিপাকে অনন্ত সহায়; আশ্রিতের  
উৎকর্ষায় অনিরুদ্ধ মৃত্যুর প্রস্তুতি হৃদিবহ  
লাগে। দীপাধারে পশুর হৃদক মেধ; বিধায়িত  
কুটারের ভিড়ে একাকার সরিধির নিরালোক  
আলা; বিধায়িত অর্গল কবাটে। শত শেষে ঝড়;  
তাড়বে উৎকিণ্ড হিম হারের বাহিরে; জড়ে জীবে  
দম্বযুদ্ধ, স্বতন্ত্র উভয়ে।

অম্লরত আকাশের

যড়মন্ত্রভাগী, যে-তুঙ্গ পর্বতশ্রেণী মানবের  
স্বৃতিরোধ করে সর্দীর দিক্জিৎ, তার পরপারে  
সমভূমি মমতার বিনিময়ে ষোপলকি চায়  
সমর্পিতে। স্বপ্ন পুত্র-কলত্রের মুখ, হৃদিমের  
পরিপন্থী জঞ্জালের বোঝা, জ্যোতিবীর অহুমতি,  
মানা মুছে থাক মন থেকে নিশিচেষ্টে হৃৎকণ্ঠের  
মত্তা। অথবা বিরহ নিতান্তই নিগূঢ় অন্তরে  
বদি জাগে, তবে যেন সে-শুভকেন্দ্রিক বহি তাপ  
তথা আলোক বিতরে পরাবর্ত্তহীন সর্বনাশে।  
কঙ্কচ্যত ঐক্যতারা; নেই কালপুরুষ শিয়রে;  
অন্ধকারে ছুপাঠা ললাটসিপি; অল্পে-মধ্যায়  
কতিপয় মরীচা মাহুয অজানার অভিসারে  
বন্ধপরিষ্কর।

হেয়ারব সহসা স্বগত মৌনে ।

তার পরে দুরদুর—সে কি ছৎস্পন্দ, না ক্ষুরধ্বনি  
তুবারঘূর্ণিতে ? কোথা সহযাত্রীরা সকলে ? পাশে  
কে অপরিচিত, অতিকার জন্ত, না দানব ? শীত,  
শীত, নিখিল নাস্তির শীত সংক্রমিত ধাবমান  
দেহের উয়ার। গিরিগাত্রে সম্পাতের ভয় ; প্রতি  
পদে নিমজ্জন আবক্ষ গহ্বরে ; এবং সাহুতে  
প্রতিকূল বায়ুর শীংকার অতিষ্ঠ, অপৌরুষেয় ।  
সেখানে প্রত্যুষ উয়ার নিষ্ঠুর বিড়ম্বনা, ধ্বংস  
দংষ্ট্রা অপ্রতর শিখরসমূহ, এবং পাতাল  
প্রগতির অভিসৃখে, অতিক্রান্ত সোপানে সোপানে ।  
অবশেষে অবিষ্ট সঙ্কটপ্রাপ্তি সঙ্কল্পের গুণে,  
কণ্ঠাগত প্রাণে অবরোধ বিম্বুহ রাহন সহ,  
এবং বিশ্রাম, শৈলমূলে অমের বিশ্রাম ।

বৃষ্টি

যুগান্তরে সূর্যোদয় তীর্ণ বৈতরণীর সৈকতে ।  
সদে সদে তুভিত বননে শোণিতের প্রতিক্রমতি ;  
লোলবননা তুরঙ্গের গতি কোষবন্ধ কৃপাণের  
মুয়ুফাশিঞ্জিত ; তূর্বে তূর্বে দিগ্বিজয় ; বর্ধরের  
বিশ্বস্ত পন্তন প্রজ্ঞার আস্থিত অভিব্যানে ; বনে  
বা গুহায় পৌত্তলিক অন্ত্যজের অক্ষম কল্পনা  
নির্বাসিত ; অরাজক অন্তরীক্ষ ধ্বনিতে ধোহহমে ।  
তার পর ? বননিকাপাত ; চূড়ান্তের প্রাকালেই  
প্রস্থিত নায়ক ; সূত্রধর পর্বন্ত নির্বাক ; ভূমা  
অকস্মাৎ অনেকান্ত সংসারে শবন্ত ; জীবন্ত

অমৃতের আশ্রয় সজ্জিত ; নির্জন পথের শেষ  
চক্রবালে বিন্দুপরিমাণ ; ভবিতব্যে ভবিষ্যৎ  
লুপ্ত পুনর্বার ; রাত্রি প্রত্যাগত ।

দাঁড়াও, দাঁড়াও,

আদি পিতা ; নতুবা নেপথ্য থেকে করে নিবারণ  
আশ্বজের ছায়া কোতুহল । দিগ্ধেদে ঘটে নি ভুল  
যবে চতুঃসীমার সন্ধিতে দিশারীর সাক্ষ্য সভা  
বাদ-বিতণ্ডায় হরয়েছিল বিভক্ত হঠাৎ ? কলে  
এক দল গিয়েছিল অন্ত্যচলে, মর্ত্যের মহিমা  
একধিরে যেখানে প্রত্যাহ টানে ; এবং অস্ত্রেরা,  
অনন্তযৌবন ধরিত্রীরে যুতুর উৎকোচ ভেবে,  
প্রাচ্যেও নির্বাণ খুঁজেছিল প্রাতঃসন্ধ্যা জপে । কোন  
পথ উপনীত পূর্বের সকাশে ? না কি উভয়ত  
সমাগু সমস্ত চেষ্টা আশ্ব প্রদক্ষিণে ? অকারণে  
পৃথগন্ন আত্মরয় ? নষ্টমোহ ব'লে অবিচল  
গন্তব্যের উপান্তে পথিক ? কৈবলা কোথাও নেই ?  
জগৎ অধরব্যক্তিরেকী ?

কিন্তু নিরুপ্তর ভূমি ;

হাওয়ার দমকে খুলেছিল বে-গবক্ষ অতীতের  
প্রশ্ন অক্ষকুপে, বন্ধ তা আবার ; চক্রচর প্রতিহারী  
জিজ্ঞাসুরে বিভাঙ্কিত করে প্রতিবেশী অটবীতে,  
যেখানে গোপ্পদে কক্ষমার আপনার প্রতিজ্বরি  
দেখে আর ভাবে গৌরব জটিল শূদ্রে, লজ্জা তথা  
ধূর্ণতি চরণে । বৈজয়ন্তী যিরে শিবিরের নৈশ  
সন্নিবেশ আদিগন্ত প্রান্তরের স্থান সমারোহে,

কবিতা

আশ্বিন ১৩৫৮

কিংবদন্তীমাত্র আজ প্রাকায়বেষ্টিত জনপদে ;  
কুরুক্ষেত্র সূচ্যগ্র মেদিনী ; পরিচ্ছিন্ন ভূমণ্ডল  
বদেশে বিদেশে, জাতিভেদ সমাজে সমাজে ; গৃহী  
ও বিষয়ী সাধে সার্বভৌম প্রব্রজ্যার বাদ ; পথ  
অনার্যীয় ; অন্তর্হিত বক্রজালাকিরীতী পুঙ্খ ।  
অচিন্ত্য পুনরাবৃত্তি নিরপেক্ষ কালের প্রবাহে ॥

আদি রচনা : ৫ই চৈত্র ১৩০৪

পুনর্লিখিত : ১৫ই সেপ্টেম্বর ১৯৫০

কবিতা

আশ্বিন ১৩৫৮

মার্কিনি

অমিয় চক্রবর্তী

যে-কোনো পথিককে

যদি নিয়ে আসতে পারো প্রিন্সটনে আমার বাগানে  
—যেখানে পাথর ঘরে ছিলাম পৃথিবী থেকে দূরে—  
তোমার মনের মোহ,

দেখতে পাবে তবে

চেরি শুভ্রতায় বন্দী বসন্তের ধ্যানে

একাকী প্রচ্ছন্ন শীতে ফুটিয়েছি তোমারি পৌরবে  
মৃত্যুঞ্জয়ী ভাবনার সন্মারোহ ;

শীতের রোদ্‌রে

সোনার বরফে ফলা হঠাৎ বসন্ত, সেই দিন,

ভোরের আরক্ত রাতে ধীরে অশ্রুস্তারা হলে ক্ষীণ ।

যদি সে সন্মোহ থাকে তবে এসো,

নয়তো এ বাড়ি

মার্কিনি যে-কোনো ছোটো স্নন্দর বাড়িতে হবে শেষ,  
বাগানে যেমন হয় গাছে ফুল, বনাবেশ,

বিজ্ঞান কেন্দ্রের পাশে শুধু দেখে যাবে তাড়াতাড়ি,—

নিশ্চিহ্ন ঘণ্টার পরে ঘণ্টা ধরে মুগ্ধতার ধারা

এতটুকু দেখে না ইশারা ।

হয়তো তখন—

কতকদিনের ছাই আগুনে অঙ্গারে অ'লে শেষে

অতিদূর্ব ক্ষীণ আভা হৌবে, বন্ধ, প্রাণে তব এসে

আমার বিলুপ্ত মন-দগ্ধ ;

চোখে দেখবে সত্যি গাছে পাখর-ঘরের চক্কে  
 অজস্র চেরির শাদা পুষ্পাঙ্কুস আছে ভরে,  
 নবকুণ্ডায় অগণন  
 এপ্রিলের দুর্-তটে কল্পিত নতুন বিশ্বরূপ ।  
 দেখবে না আরো শুভ্র চেরি-ধ্যানে শ্রেণাচু আবহশ  
 একটি চৈতন্তে তোলা কোন শীর্ষতার অনিমেষ  
 আলিয়ে যন্ত্রণা যত মন্ত্র করেছিল সমুজ্জল  
 মিলিত বিশ্বয়ে যোগফল ;  
 প্রেমের বন্দনা থেকে শীতশীর্ণ শুক ডালে  
 পাখীকণ্ঠে কচি পত্র ইন্দ্রজালে  
 কী দিয়েছি শুধু ভোমাকেই—  
 তুমি কি তখন চোখে দেখবে না অনন্ত বা নেই ?  
 জানবে না এইখানে ভগবান দেখা দিয়েছেন  
 পাথর ঘরের দক্ষিণে  
 পথ চিনে ?  
 দোতলায় যে-পাথর ছিল তাকে তিনি চেনাবেন ।

ছাত্র (১)

কিছু এর প্রাথমিক, কিছু এর প্রেম  
 একই ঠাণ্ডা হিমপ্রস্ত তপ্পরের বিপুল বেলায়  
 উদ্ভাসে ভোমার মুখে, কিংবা এই পথে  
 এলম্-ছায়ার তুমি চলে যেই বারান্দার বাঁকে ।  
 লালপাতা লতা-সাপা দেয়ালের শীলফুলে বেরা  
 ধূসর পাথর, দরজা, মধ্যযুগী আধুনিক ছড়া,

যৌবনউজ্জল ছেলে মেয়ে  
 পড়ে শোন, পাশে শুষ্ট, বিস্তীর্ণ অচিন্ত্য প্রাস্তাঙ্কশে  
 দলে দলে পাখী মেঘ এরোল্লেন ছায়া গতায়াত ।  
 আলোর অখণ্ড অবসরে  
 কাফেটেরিয়ার গল্প, ষাঁটা চামচে ব্যস্ত টুংটাং,  
 কফিগন্ধ, সিগারেট, ঈষৎ আবিষ্ট ভাসে হাওয়া,  
 ছুটা তিনটে পাতা ঝ'রে পড়ে,  
 সব সুন্দ তুমি আমি আছি ।  
 কখনো বিচ্ছিন্ন তীব্র আনন্দ-অস্তিক তুমি তারা  
 সব থেকে আলাদা নতুন,  
 গলার আশ্চর্য মধু বিদ্রাতের বীণা বুকে বাজে,  
 স্পর্শের গভীরতম স্পর্শ চেতনার ভায়োলিন,  
 শুধুই একান্ত তুমি, তাতে নেমে যাওগা—  
 অন্তল স্বতন্ত্র শুধু আমারি আপন ক'রে পুঞ্জি,—  
 নাকের, ভুরুর রেখা, কানের ছলের আলো দেখি,  
 যেন এ তো কখনোরই নয়,  
 অপূর্বতা তুমি সেই অলোক আমার চিরদিন  
 একই কলেঞ্জের লগ্নে পড়তে এলে ।

অথবা প্রচ্ছন্ন সবই ; সর্বজোড়া দেয়ালে তোমার  
 প্রেমে প্রেমে প্রাথমিক কোথায় পৌঁছেই চোখে মনে  
 যুগ্মতার স্বচ্ছতীর,  
 এও কি সুন্দর লাগে, বন্ধুভরা কণ আঙ্গুরা ।  
 তোমার মাথার চুলে বনগন্ধী পুরোনো অচেনা  
 শুধন নিবিড় হয় মধ্যাহ্নের লাইনকের বাস,—  
 তখন গভীর এই বড়ো চোখ আকাশ-প্রতিমা  
 নিরঞ্জনা ;

কবিতা

আধিন ১৩৫৮

তখন তোমার জুতো দেখে  
স্বচ্ছন্দে ঐ যে পিপড়ে বেড়িয়ে আবার ঘাসে নামে,  
খুসি অত্মমনে ভূমি দেখ,  
তাতে খুসি আমি, আর দুজন্যর হাসি এসে ঠেকে  
অসীম সান্নিধ্যে যেটা রেল-লাইনের পায়ে যায়  
অনির্দিষ্ট কৈপে কৈপে কল্লাকাশ শহরে কোথা যে,  
আদিম হারানো অধিবাসী ;  
আবার অনন্তে করে এই দুপুরেরি বেলা শেষে ॥

ছাত্তী (২)

বাসন্তী হাওয়ার একাসীন  
উড়ে আসা শুকনো রেশু, ছোটো ছেলেটার ছেঁড়া বই,  
মরচে-রজা হাঁকা ঐ প্রজাপতি স্বয়ং ব'সে ঘোর,  
এল যে কল্পিত দগু তপ্ত মাধুরীর স্পর্শাবেশে ।  
ভড়গয়ের বাস থেকে একশ-বোলো কলহিয়া পাথে  
চলো ক্রম, দরজা-দেয়া পাথর চব্বর বেয়ে ওঠো,  
চেয়ে দেখি আমি । বন্ধু, চলি সঙ্গে দূরে ;  
উঁচু মাথা, উজ্জ্বল মনন যন্ত্রণায়  
কঠিন উৎসাহে, তবু, তোমার মাথার চুলে হাওয়া  
ছেঁয় একটু স্বপ্নকথা ; ওহায়োর গ্রাম থেকে সাঁকো,  
সারি-দেয়া উঠিলো। আর সাদা বাড়ি, গিল্পের ঘন্টায়  
মার্কিন ঘরের ছেলে ওঠো ভূমি, মনে আছে  
মা'র ডাকে কবি খেতে নামো প্রান্তরাশে,  
ছুটির দিনের ঘরে পিয়ানো বাজাও, রোদ ঢোকে,

কবিতা

আধিন ১৩৫৮

হাতে লাঠি, কুকুরের যেউ-যেই, ঘাস-কাটা ভিলে জমি,  
সারাদিন বৃদ্ধি-ডোবা শুধু হুমি মস্ত ছেলে, ঘোরো,  
বনের বান্দনী ভাপে, ছলছল নদীশব্দে অত্মম—  
যন্ত্রের শহরে ভাবি এই ছবি ঠিক ছবি কিনা ।  
পড়াশোনা মধ্যপথে বিজ্ঞানের কারখানা থেকে  
ছাতে ঐ পায়রা গুড়ে, এপ্রিলের নুইয়র্ক ঘেরা  
উজ্জল আকাশ-চেরা গম্ভীর বিরাট উঁচু বাড়ি  
তারো উর্ধ্বে স্বচ্ছ আজ নীলাস্তিক বসন্তের বেলা,  
সানে বাঁধা প্রকাণ্ড শহর বায়বীয় ।  
চলো দইগুলো হাতে নিয়ে, চলো  
কোথাও বেড়িয়ে যাই আধঘন্টা পার্কের পাশে  
স্বাতুইচ-অলা ঐ, তাকেও পিছনে রেখে ভুলি  
বহুজনতার মধ্যে আমরাও ছুটির প্রত্যাশী ॥

পদ্য

কত যে জটিল গ্রহিজাল ;  
চিত্রিত দেয়াল  
পাথরের কুচি, ইট, রজা-মেশা সন্ধ্যায় উঠেছে ;  
উপরে নীলের দিকে নেচে  
আসন্নিক মুহূর্তে দোহুল  
নীল ইচ্ছা ক্রেমাটিস স্টেশনে ধরেছে গুচ্ছ ফুল ;  
তাতে ছেঁয় কোটি দূর ঘূর্ণ আলো সৌরতারা থেকে,  
বিদেশী হাওয়ার পাখী চেনা কণ্ঠশিখ দিল রেখে ;  
সঙ্গে তারি হৃদয়ের পূর্ণভাব ভুবিয়ে দিয়েছি  
হঠাৎ অথও মনে দূরবাতী আমি বেঁচে গেছি ।

কবিতা

আধিন ১৩৫৮

কিছুই হত না এক, যদি না তোমার বোধ প্রাণে  
ব্যাকুল বাসন্তী লগ্নে বিছিন্ন জানার অভিজ্ঞানে  
এমন অনন্ত দীপ্তি-লাগা ;  
গ্রেনে-চন্দা শনিবারে আনত জানালা-ধরা জাগা ;  
যদি না হাড়সন ব্রিজ পেরিয়ে চলার শব্দ-শ্লোকে  
ছইসিল্-বাজানো থামা সেই ব্যথা দিত ছই চোখে ।  
দেয়ালের আভা শেষ দৃষ্টি লভি'  
সত্তার আরক্ত বৃকে কোন্ যুগতায় আঁকে ছবি ॥

প্রাণশিখ

চোখে পায় যুধা দৃষ্টি ওরা অতি কাছে,  
বিহ্বল দেহের রূপ ধরা দেয় যুগা ধ্যানে  
মূর্তি মাধুরীর পরস্পরে ॥

গন্ধে পায় অন্তিমতা লাভগোচর,  
চুলের সম্মোহবাস, ব্যাপ্ত লীন পুরভি ব্যাকুল ;  
সম্পূর্ণ বসন্ত বাস্প রক্ত ফুল-মুকুলের চেনা  
যোর আনে ওদের নিখাসে ॥

স্পর্শ ছুবে যায় তবু জাগে বারহার  
নব নব চেতনার পুনর্জন্মে তীক্ষ্ণ পাণ্ডুরা  
সমস্ত যুগল আপনতা ॥

কবিতা

আধিন ১৩৫৮

কণ্ঠধনি মুহূ-কাঁপা যেন সে নীরবে ছুঁবে যায়  
ছজননের নাম-জানা ডাকে ॥  
একই সন্ধে মনোময় চৈতন্যের মিলে  
ছজনায় পায় শুভ্র সত্তার সঙ্গমে  
বহু বিনিময়ে এক-হৃৎগা  
স্পন্দিত আলোর স্রোতোবেগ ।  
ছলছল অগাধ তরঙ্গপারে  
বিরহসুদূর আর একান্ত কাহের বোধে  
কূল শুধু অকূলে মিলায় ॥

মিলন বেলায় ওরা জানে সবি থাকে ॥

কবিতার ছবি-গানে, পাথরে উৎকীর্ণ মায়া দিয়ে  
প্রতিম কী দিতে চাই ওদের মুহূর্ত ঘোর গর্বে  
ধ্যানের স্বরূপী শিল্পে,  
হায়,

ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়ের ধারণা ভিত্তিতে গড়া ইন্দ্রজাল  
শিল্পের যতই পথ রচছে সংসারে, তার সীমা  
ঠেকে যায় প্রেমের শ্রহর থেকে দূরে ।  
আপেক্ষিক স্থিতি তার কালের অক্ষরে  
যতই বিস্তীর্ণ হোক, নেই তাতে সব চেয়ে বেশি ॥

প্রাণের জোয়ার এলে মাটির বাসায়  
সব মিলে স্বেচ্ছা ভাষা সে শুধু প্রেমের ॥

## তিনটি কবিতা

### আমাকে একটি কথা দাও

আমাকে একটি কথা দাও যা আকাশের মত  
সহজ মহৎ বিশাল,  
গভীর;—সমস্ত ক্রান্ত হতাহত গৃহবলিভুকদের রক্তে  
মলিন ইতিহাসের অন্তর ধুয়ে চেনা হাতের মতন :  
আমি থাকে আবহমান কাল ভালোবেসে এসেছি সেই নারীর।  
সেই রাত্রির নক্ষত্রালোকিত নিবিড় বাতাসের মত ;  
সেই দিনের—আলোর অন্তহীন এঞ্জিন-চঞ্চল ডানার মতন  
সেই উজ্জল পাখিনীর—পাখির সমস্ত পিপাসাকে যে  
অগ্নির মত প্রদীপ্ত দেখে অস্তিমশরীরিণী মোমের মতন ।

### ধান কাটা হয়ে গেছে

( সতেরো বছর আগের লেখা )

ধান কাটা হয়ে গেছে কবে যেন—ক্ষেতে মাঠে প'ড়ে আছে খড়,  
পাতা বুটো ভাঙা ডিম,—মাগের খোলস, নীড়, শীত ;  
এই সব উৎসারে এখানে মাঠের ভিতর  
ঘুঘুতেছে কয়েকটি পরিচিত লোক আজ—কেমন নিবিড় ।  
এখানে একজন শুয়ে আছে—দিনরাত দেখা হত কত কত দিন ;  
হৃদয়ের খেলা নিয়ে তার কাছে করছি যে কত অপরাধ ;  
শাস্তি তবু : গভীর সবুজ ঘাস ঘাসের ফড়ি  
আজ ঢেকে আছে তার চিন্তা আর জিজ্ঞাসার অন্ধকার স্বাদ ।

### অজ্ঞান প্রান্তরে

( পুরোনো লেখা : শোধিত )

জানি আমি তোমার ছু চোখ আজ আমাকে ধোঁজে না আর  
পৃথিবীর পরে—  
ব'লে চুপে থামলাম; কেবলি অশুখপাতা প'ড়ে আছে ঘাসের ভিতরে  
শুকনো মিয়োনো হেঁড়া;—অজ্ঞান এসেছে আজ পৃথিবীর বনে ;  
সে সবের ঢের আগে আমাদের ছুজনের মনে  
হেমন্ত এসেছে তবু ; বলে সে, 'ঘাসের ওপরে সব বিছোনো পাতার  
মুখে এই নিস্তকতা কেমন যে—' সন্ধ্যার আবছা অন্ধকার  
ছড়িয়ে পড়েছে জলে;—কিছুক্ষণ অজ্ঞানের অস্পষ্ট জগতে  
হাঁটলাম , চিল উড়ে চ'লে গেছে—ফুয়াশায় প্রান্তরের পথে  
হু একটি সজারুর আসা যাওয়া ; উজ্জল কলার বাড়ে উড়ে  
চুপে সন্ধ্যার বাতাসে  
লক্ষ্মীপৌচা হিজলের ফাঁক দিয়ে বাবলার আঁধার গলিতে  
নেমে আসে ;  
আমাদের জীবনের অনেক অতীত ব্যাপ্তি আজো যেন লেগে  
আছে বহুতা পাখার  
ঐ সব পাখিদের ; ঐ সব দূর ধানক্ষেতে, ছাতকুড়োমাথা  
ক্রান্ত জ্বানের শাখায় ;  
নীলচে ঘাসের ফুলে ফড়িঙের হৃদয়ের মত নীরবতা  
ছড়িয়ে রয়েছে এই প্রান্তরের বৃকে আজ...হেঁটে..চিল.. আজ  
কোনো কথা  
নেই আর আমাদের ; মাঠের কিনারে ঢের বরা বাউফল  
প'ড়ে আছে ; শান্ত হাত, চোখে তার বিকলের মতন অতল  
কিছু আছে ; খড়বুটো উড়ে এসে লেগে আছে শাড়ীর ভিতরে,

কবিতা

আবিন, ১৩৫৮

সজনে পাতার শ্ব'ড়ি চুলে বেথে গিয়ে নড়ে চড়ে ;  
পতঙ্গ পালক জল—চারিদিকে সূর্যের উজ্জলতা নাশ ;  
আলোর মত ঐ ধানগুলো ন'ড়ে শূন্যে কি রকম অবাধ আকাশ  
হয়ে যায় ; সময়ও অপার—তাকে প্রেম আশা চেতনার কথা  
ধ'রে আছে বলে সে-ও সনাতন ;—কিন্তু এই ব্যর্থ ধারণা  
সরিয়ে মেয়েটি তার আঁচলের চোরকাঁটা বেছে  
প্রান্তর নক্ষত্র নদী আকাশের থেকে স'রে গেছে  
যেই স্পষ্ট নির্দিষ্টিতে—তাইট ঠিক ;—ওখানে স্নিগ্ধ হয় সব ।  
অপ্রেমে বা প্রেমে নয়—নিখিলের বুক নিজ বিকাশে নীরব ।

কাব্যত্বঃ

আবিন, ১৩৫৮

ছটি কবিতা

ক্রিসাঙ্ঘিমাং

অরুণকুমার সরকার

ভালোবাসা তুমি সুদূর শাখাচল  
অনেক দূরের নীলে ।  
আজ মনে হয় হয়তো বা নয় জুল  
হয়তো বা ডেকেছিলে ।

সেদিন হৃদয়ে অঝোর রুষ্টিধারা  
শুনতে পাইনি তাই দিইনিকো সাদা,  
শুধু অহুতানে অভিমানে দিশাহারা  
ছয়ারে এঁটেছি ঝিল ।

তখনো অনেক আসমানী নীল খামে  
জড়িয়ে রয়েছে মোর নাম তার নামে,  
ব্যথাবিজড়িত পীত ক্রিসাঙ্ঘিমাং  
রূপকথা ঝিলঝিল ।

বিরচিত জুলে তবুও দিয়েছি তালি,  
সবুজ ঢেকেছে বিরস মরুর বালি ।  
কত আকাঙ্ক্ষা-স্কন্ধ উর্গিসানী  
অবসাদ পঙ্খিল

দীঘির কালোয় বিবৃকৃত মৃত্যুকে  
মেনে নিয়ে বাঁধ বেঁধেছে নিজের বৃকে ।  
মুছেছে সময় ঘূমের গহনে চুকে  
স্বপ্নের সাদা ভিল ।



কবিতা

আখিন, ১৩৫৮

বিকলে নীরব সব কলরব যবে  
ক'র কালো চুল ভেসে এলো সৌরভে !  
এ কি সেই ফুল—কী ভীষণ ডুল—তবে  
কোথায় ছুঁড়েছি টিল !

হায় ভালোবাসা হৃদয় শাখাটিল !

জন্মদিনে

(শ্রীমুক্তা প্রতিভা বহকে)

সিন্দুক নেই ; স্বর্ণ আনিনি,  
এনেছি ভিক্ষালব ধাত্ত।

ও-ছ'টি চোখের তাৎক্ষণিকের  
পাব কি পরশ যৎসামান্য ?

হ্রদাশ আমার সীমাহীন বটে  
তবুও কি জানি দেবে কী ঘটে !  
দ্বিধাবিজড়িত লজ্জাপীড়িত  
এ-হৃদয় ঝড়িঝড়কের পাভা,—  
বার জানালার ছ'বাহু বাড়ায়  
নেই সেই জন ঘরে অবশ্র।

এই তো সেদিন সারা প্রান্তরে  
সময়ের সোনা দূরবিস্তৃত।...  
হায়রে, কখন কেটেছে সকাল,  
ছপু'র ছুঁ রেছে বিকেলের ছাল ;

কবিতা

আখিন, ১৩৫৮

তারার আলোতে ভেসে গেছে শ্রোতে  
গানের প্রাণের হিজিবিজি খাতা !  
আজ মাঝরাতে নেই বিছনিতে  
ঘুমের মাঠের সবুজ শস্ত !  
মাথা পেতে তবে মেনে নিতে হবে  
শাদা আরশির নিরেট ব্যঙ্গ ?  
যে-কুম্বলি মেবেছিল ধূলি  
তা-কিও পাবে না তোমার সঙ্গ ?  
স্মৃতি থেকে ভাই এনেছি ছ'মুঠো  
গন্ধমদির আমন ধাত্ত।  
ও-ছ'টি চোখের তাৎক্ষণিকের  
পাব কি পরশ যৎসামান্য ?

স্বাক্ষর

কানাকীপ্রসাদ চট্টোপাধ্যায়

অথও স্তব্ধতা শুধু। দয়িত্ব তারার  
নাড়ির স্পন্দন আর ফণে-ফণে স্মরণ পড়ার।  
জ্বালা এক : ছোটো নাম—  
জীবনের অস্ত্র পারে তবুও উদ্ভাস  
প্রতিধ্বনিটুকু শুনি আখিনের ঘাসে  
জ্যোৎস্না শিশিরে মেশে কিসের আখাসে ?  
জ্বালা-করা চোখ নিয়ে জেগে-থাকা রাত  
টীদের সারস ভীত বুকি হায় পিছনে-কিরাত।

কবিতা

আধিন, ১৩৫৮

দিগন্তে রেলের বাঁশি ঘুম-পাওয়া হুর  
তারপর অফুরন্ত সকাল-দুপুর।  
—সেই নাম বারবার আসে আর যায়  
একদিন বেসেছিলো ভালো তাই খাজনা আদায়  
বুঝি বারবার,  
—এইটুকু বেঁচে থাকা তার।  
কতটুকু জানা নাম কতখানি আকাশে উড়েছে  
কান্তনী পাখীর মতো বুঝি চলে গেছে।  
কত রৌদ্র পায় হয়, কত জ্যোৎস্না পায় হয়—তারপর  
সবুজ কমলে বুঝি রাখলো স্বাক্ষর।

একটি চিঠি

মালতী,  
অনেক কথা ভেবে  
অনেক, অনেক প্রতীক্ষার পরে  
খানা ডোবা, ধানক্ষেত, পাটক্ষেত,  
চিকিরমিকির বাঁশের বন  
কাঁকে-কাঁকে টুকরো-টুকরো আলো  
আলো আর অন্ধকার  
অন্ধকারে শকুন-বাচ্চার কান্না—  
সব পেরিয়ে, সব ছাড়িয়ে,  
এঁকে-বেঁকে,  
ঈষৎ চড়াই ঈষৎ উৎরাই  
গাছ, গাছ, গাছের ডালে ছুতের ছায়া—

১৫২

প্রতিভা বহু

কবিতা

আধিন, ১৩৫৮

সব ভিত্তিরে  
হৌচট খেতে-খেতে  
রাশি-রাশি জোনাকি ঠেলে  
আমি আবার এসেছিলাম তোমার কাছে  
তোমার পাড়ারগৈরে দরজায়।

তোমার ঘরে তখন আলো ছিলো না,  
তুমিও ছিলে না।

তোমার জানালায় সন্ধ্যামালতীর ভিড়—  
তোমারই মতো মিঠে তাদের স্বাপ  
আমি সেখানটাতেই দাঁড়িয়ে ছিলাম হুপ করে।

ধোঁপায় প্রান্তিকের মালা জড়িয়ে  
ঠোটে লাল মেখে, হাতে ব্যাগ নিয়ে  
গ্রামের গঞ্জে, ইন্ডিয়ানের ধারে  
তুমি তখন সিনেমায় যাবার জন্য প্রস্তুত।

ফিরে আসতে-আসতে  
কালো চুলে লাল নন্দহলাল মালা  
ছুটি লজ্জা-নরম নীল-আলো-ছড়ানো চোখ  
শ্রামল শীতল ছুটি কাঁকন-পরা হাত  
আর ছুটি ছোটো-ছোটো আলতা-পরা পা  
একসঙ্গে মনে পড়লো সব।

কিন্তু সে কোথায় ?  
সমস্ত জীবনেও কি স্মার আমি  
খুঁজে পাবো তাকে ? সেই মেয়েটিকে ?

১৫৩

কবিতা

আদিন, ১৩৫৮

বালি

দেবদাস পাঠক

মুঠো ভরে তুলে নিলে বালি,  
হাওয়ায় ছড়িয়ে দিলে, খালি হাত খালি।  
খালি হাত খালি মন, কোনােখানে দাগ  
নাগেনি—নাগেনি, বালি উড়েছে বেবাক।  
বালি ওড়ে, পাতা ঝরে, আকাশের আলো  
মুছে নিতে কালো রাত দুহাত বাড়ালো।

আলো নেই—আলো নেই তবুও কেন যে  
ছই চোখ মেলে রাখে সেই শুধু বোকে।  
আবার হঠাৎ হাওয়া আখালিপাখালি,  
চোখে বৃষ্টি উড়ে এলো কণা ছই বালি।  
খালি হাত, খালি মন, চোখে কেন জল!  
হাতে দাগ নেই তবু মনে নামে চল।

কবিতা

আদিন, ১৩৫৮

ছটি কবিতা

বাকুদান

আনন্দ বাগচী

খান ক'রে ক'রে চোখ হ'য়ে গেছে অন্ধ,  
ব্রহ্মচর্য ক'রে গেছে মোরে বন্ধা,  
নতুন পৃথিবী বুধা বন্দরে বন্ধ,  
সব রূপ হ'লো নিশীথে রজনীগন্ধা।  
বিংশ শতকে আমি বাঙালির মেয়ে,  
ভুঙ্গভঙ্গা নাম, বাস ঝালিগঙ্গে,  
রক্ত কোটে না এখনো ধমনী খেয়ে—  
মন প'ড়ে আছে হৃদয় ময়ূরভঞ্জে।

নতুন স্বর্ষ দেখবে সে-চোখ নেই,  
কুস্তীর মত কামনা, পারিনি তাও,—  
কালো চশমায় দৃষ্টি হারালো খেই  
মনে-মনে ছাড়ি ময়ূরপঙ্খী নাও!  
শুনেছি তাঁনের রুঁখ হোয়াং হো,  
প্রাচীন নিশর, সে নাকি নীলের দান,  
কোরিয়ান মাঠে এখনো বজ্রবাহ  
হয়নি প্রেমের ধারাপাত অবসান।

তবু যে ছ'চোখে মনোবীক্ষণ নাই,  
পিরামিড ভরা রয়েছে গভীর অর্থ,  
ছ'পাতা কয়েড চর্চা—ছ'মুঠো ছাই  
মেয়ে হয়ে শুধু রচেছি ভোগের গর্ত  
প্রিয়তম মোর এখনো কামারশালে  
নয়া সৃষ্টির তপ্ত হাতুড়ি পেটে,

### কবিতা

আমিন, ১৩৫৮

বালিগঞ্জের কেলিকুঞ্জের খালে  
অরণ করে না যুগা শরীর এটে।

আমার স্বামীর কৈলাসে নয় বাস,  
আমার স্বামী সে মন্থন করে সিদ্ধ,  
তারি তরে মোর প্রতীক্ষা বারো মাস  
হোক নাবালক, অথবা না হোক হিন্দু!  
এই তো আমার স্বয়ংবরের গান  
হৃদয় আমার ক'রে গেহু তারে দান।

### শনিবারের ডায়ারি

( অথবা একটি বাদামি কবিতা )

নিরিবিলাি কোণ দেখে অবশেষে ছইজনে ব'সে পড়ি দক্ষিণ-পশ্চিমে  
বাস-চটা হেহুয়ার। যেথা কেউ বসে নাই এসে।  
হুগো-হবো সন্ধ্যোটা ছ'জনে কাটাযো ব'লে এইটেই স্থির হযো শেষে।  
ফরফরে কোয়ারাটা আমাদের পিছনেই, সামনেই বেথুনের ভীমে  
বাছড়-বুলন্ত গাছ, মগডালে আলগোছে রংটুকু মাখা  
পাঙ-পার সূর্যের। আমাদের চোখ ছ'টো হালফিল রাখা  
বাধা বতীনের পরে। মন আজ বড়ো উদাসীন।  
আজ শনিবার, তাই অকিসের ফেরতাই ভর-পেটা-ট্রাম ফেরে নাই  
পুজো নাকি সামনেই, বূর্ণ্যমান জনতার মুখে মুখে চল্কায়ে তাই  
এক-আধটু ফিকে হাসি—ছব্ব কান্নার মতো—হামেশা কান্নারই  
মতো দিন।

### কবিতা

আমিন, ১৩৫৮

পরমায়ু প্রশাখার অগুস্তি দিন থেকে একটি বিকেল তারো  
আধখানা ভেঙে

ছ'জনের মন ছ'টি তারি খাঁজে পাশাপাশি অবয় করবার আশা  
সফল হবে না জানি, সমীচীন তাও নয়, সময়-সমুদ্রে ছোটো কুটো  
হয়ে ভাসা—

তার চেয়ে ভালো এই হাঙ্কা আঙুলে মোরা বাদামের খোসাটুকু  
ভেঙে

এক-একটি জিজ্ঞাসম মুখে পুরি, আর ভাবি আজ হবে কার পকেটের  
আনি আর ছ'আনিতে কথা বলা, ভাবলেশহীন মুখে ফের  
অগস্ত্যাত্মার পথে মার্চ ক'রে চ'লে যায়, খাইবার পাস দিয়ে যারা  
তাদের কেনিল কান্না নিঃশব্দে শ্রবণ করি, ছ'জনেই পাশাপাশি ব'সে:  
অনেক ঝাকিয়ে দেখে। গুঁড়ি গুঁড়ি অন্ধকার আকাশের ডানা  
থেকে খসে।

বৈজ্ঞাতিক চোখগুলো জ্বলে ওঠে বিতুষ্টায়। নিশাচর রাত্রির  
পাহারা

এবার নীরবে নামে। বাছড়ের পাখসাঠে মুখরিত রাত্রির এলাকা—  
—এবং বাদাম শেষ হ'লো, কজ্জিধড়িত শোণ শতদল গোশামীর  
ধার।

স্বগত

নরেশ গুহ

চাই না, চাই না, চাই না তোদের ফিরে বা তোরা;  
 শ্রাবণ-শোভন গগনে পবনে অলস বিদ্যাসে পালক ওড়া।  
 অমল নীলায় মোহিনী লীলায় পাল তুলে ভাস,  
 আকাশ আমার কেউ নয়, সে তো দূরের আকাশ,  
 আরেক দেশের, আরেক গাঁয়ের, আরেক পাড়ার।  
 কত তার সখা চন্দ্রতারকা, নিজ্রাহারার  
 বন্ধুতা মেনে অপমান হবে? থাক থাক, চের  
 হাসি-হাসি মুখ, আছ্লাদি ঢং দেখেছি তোদের,  
 ফুটফুটে ফুল। এই যে বকুল, কখন এলে?  
 কে না একদিন ছিল তোমাদের প্রাণের দোঁসর? ছুদিনে সে-ছেলে  
 পর হয়ে গেল? সাধু, সাধু। তবু কী যে ভালো নাম  
 রেখেছে তোমার মা-বাবা, তাঁদের শতক প্রণাম।

চাই না বৃষ্টি, চাই না হুপুরে ছলছল মেঘ।  
 নাখাবো না মুখে সন্ধ্যার রেণু। যত ঝগড়াটি ঝড়ের আবেগ  
 ত্রিসীমায় আমি দেখে না খেঁষতে। শিমুল, শালিখ  
 বিকার দিক, বিকার দিক, বিকার দিক।

কত ভালো আমি বেসেছি তোদের, নিজের হাতের বাচাল আঙুল,  
 ফুলের শরীর ছেনেছিস তোরা, ছুঁয়েছিস তার জাহ্ন-ঢাকা চুল,  
 তার নীল খাম তোরা ছিঁড়েছিস, দিয়েছি ছিঁড়তে আমার আগেই:  
 বিশ্বাস নেই, নিজের শরীর, শরিক, তাঁরেও বিশ্বাস নেই।  
 বিশ্বাস নেই বিলাসী চোখে, হায় রে অন্ধ—সুরভিমান্ত  
 বিবরী নাসিকা, এই নিশিভোরে শোনাবো না কোনো পরমতত্ত্ব।

মুছিত থাকো, থাকো ভাবে ভোর। স্বাধীন, যবন, নির্বিশদ,  
 তোদের ছোঁবে না আশ্রয়ানির শত হাতে ছোঁড়া পাপের পঙ্ক।  
 যখন চেয়েছ, বা চেয়েছ হেঁট, স্বার্থসাধক কান, জীকৃৎক,  
 সাধ মিটিয়েছি, ভাবিনি তোরা যে এত প্রতারক।  
 তোরা সৌধীন, তোদের ক্রি-দ্বন্দ্ব-তোরা তো বেকার।  
 সংসারে-ভোরা পেলিনে কিছুই, ইচ্ছে হল না কিছুই শোখার।  
 আঁকিস নি ছবি, গড়িস নি গান। মৃত বিবর্ণ কঠিন পাথর—

পাথরই রইল। পারলি না দিতে রূপ।  
 আজ ফিরে যায় দেবতার বত বর।

কবিতা  
আখিন, ১৩৫৮

ভিলানেল  
( Villanelle )

দিনের পাপড়িতে রাতের রাজা ফুলে  
সে কার হাওয়া আনে বনের নীল ভাষা।  
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

আলোর ঝিকিঝিকি তোমার কালো চুলে,  
উষার ভিলে মুখে-দিনের স্নিত আশা;  
দিনের পাপড়িতে রাতের রাজা ফুলে

পরশ মেলে মেলে তুমি যে ধরো খুলে,  
হৃদয় সে উষায় থামায় বাওয়া-আসা,  
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

কে খোঁজে পথে আর কে বোরে পথ জ্বলে ;  
অন্ত গোধূলিকে কে সাথে ছুরীসা  
দিনের পাপড়িতে রাতের রাজা ফুলে ?

ঈশান মেঘে আর গুঠে না জ্বলে' জ্বলে'  
ছুরিতে কাঁদা আর চকিতে মুহু হাসা,  
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

সে তরু এ হৃদয়, তুমি যে-তরুসূলে  
বসেছ ফুলসাজে, ছায়ায় দাও বাসা  
দিনের পাপড়িতে রাতের রাজা ফুলে,  
জোগায় কথা তাই সোনালি নদী-কূলে।

বিষ্ণু দে

কবিতা  
আখিন, ১৩৫৮

সমালোচনা

দ্রুতত ছপুর্ন, নরেশ গুহ। সিগনেট প্রেস।  
অক্ষয়, মহীশ্র রায়।

রাধুর জন্মে, বীরেন্দ্র চট্টোপাধ্যায়। কাব্য কোণ।  
বাংলা কবিতার দুর্দিন চলছে, এ-কথা অনেকেরই ব'লে থাকেন আজকাল।  
আমিও ব'লে থাকি মাঝে-মাঝে। নিখাস কেবল সেই পুঁথুগের কথা ভেবে,  
যখন আমাদের 'তিরিশের' কবিরা বেরিয়ে আসছেন 'একে-একে, যখন  
এই 'কবিতা'রই এক-একটি সংখ্যার মূর্ত হয়েছো কাব্যের ক্ষেত্রে নতুন প্রেরণা,  
স্বষ্টির নিত্য নব বিচিত্র সত্যে উজ্জ্বল। অন্যতর দূরের সেই অতীত, কিন্তু  
মনে হয় বেন কত দূর, বেন যথালোকে উজ্জ্বলিত। মাঝখানে  
কয়েকটা বছরে সার্য দেশের, সার্য পৃথিবীর ভাঙচুর জ্বলোটপালোট হ'য়ে  
গেলো; মধ্যবর্তী ব্যবধান তাই দূরত।

মানতেই হয় যে তখনকার ভুলনায় বাংলা কবিতার দুঃসময় চলছে  
বর্তমানে। কিন্তু শুধু কবিতার? রাষ্ট্রে, অন্যায়, সমাজে বিশৃঙ্খলা, জীবনে  
অবিশ্বাস; মূল্যবোধ বিলম্ব; একসময় রাজনীতি ছাড়া কিছুতেই কোনো  
উৎসাহ নেই; আমাদের রীতিনীতি, কৃতি, শিক্ষা, সংস্কৃত, সিনেমা—জীবনের  
প্রত্যেক বিভাগে নিষ্কণ্টকের সঙ্গে নিষ্কণ্টকের যে-প্রতিযোগিতা চলছে কয়েক  
বছর ধ'রে, সেই নিরুপ শ্রোতৃ অচিরে বন্ধ হবে ব'লে মনে হয় না। এর  
মধ্যে হঠাৎ শুধু কবিতারই পুলকিত বিকাশ কি আশা করা যায়? ট্যালেন্ট,  
ব্যক্তিগত প্রতিভা, তাও তো মহাশূন্য বিরাজমান নয়; তাকেও অলপে  
পুষ্টি জোগায় সার্য দেশের প্রাণের ধারা, ভারতও যথেষ্ট প্রকাশের জু  
উপযোগী একটি আবহাওয়া চাই। সেই 'আবহাওয়া'—না কোনো-এক  
কালে জীবন্ত ছিল এই কলকাতার, বাংলা দেশে, সম্পূর্ণ ধ্বংস হয়েছে এখন;  
কবিতার অবশ্য তাই দুঃখের হ'লেও তাতে বিমিত হবার কিছু নেই।  
আর এই অবস্থা—নিজস্বের সাবাই হিসেবে বলছি না, সখেদেই নিবেদন  
করছি—এই অবস্থা শুধু এখানেই না, পৃথিবীর অসংখ্য দেশেও লক্ষ্যীয়;

## কবিতা

আখিন, ১৩৫৮

‘স্বতন্ত্র ইংরেজি ভাষার সাম্প্রতিক কবিতা—অর্থাৎ কবিতার অভাব—  
পরিমার্ণের বাহ্যিকবলেষ্ট আরো বেশী পীড়াদায়ক মনে হয়।

এ ছাড়াও কথা আছে। বাংলা কবিতার যে-অবস্থাই এখন হয়ে থাক,  
তাই বলে অতীতের স্তম্ভ শোচনা করে কিছু লাভ নেই। স্টো  
অপেক্ষায়। এর প্রভাব দু-দিক থেকে বিপজ্জনক; প্রথমত বয়স্কদের মনে  
এই ধারণা জন্মাতো পারে যে বর্তমানে ‘কিছুই হচ্ছে না’—তার মানে  
কার্যত এই দাঁড়ায় যে কী হচ্ছে বা না হচ্ছে তার-পথবটুকু নিতেও তাঁরা  
গা নাড়ছেন না। বিতীয়ত, তরুণদের মনে নিশ্চেষ্টতা আসতে পারে  
এ-কথা ভেবে যে বেহেস্তে এখন দুঃসময় তাই তাঁদের কিছু হবেই না;  
তাঁরা যে করনো কিছু করে উঠতে পারবেন সেই প্রয়োজনীয় আশাটুকুও  
নষ্ট হয়ে যেতে পারে তাঁদের; কিংবা নিজদের অক্ষমতাতা চালিয়ে দিতে  
পারেন সময়ের অপরাধ বলে। ‘অতএব ঐ ‘জুদিন’ কথাটা বার-বার  
না বদাই ভালো। ঘর ভেঙেছে তা তো জানি; চারিদিকে ছড়িয়ে-  
ছড়িয়ে পড়ে আছে সব; এখন আমাদের দেখতে হবে আবার একটু  
গুছিয়ে নিয়ে ব্যতে পারি কিনা; এই বিরুদ্ধ পরিবেশ, বিশিষ্ট জীবন—  
এরই মধ্যে আবার কিছু গুড়ে তুলতে পারি কিনা আমাদের বেদনা দিয়ে,  
বিনয় দিয়ে—আমাদের শ্রদ্ধায়, শ্রমে, প্রেমে, প্রচেষ্টায়।

আর স্বতন্ত্র কবিতা নিয়ে আমরা যে আক্ষেপ করে থাকি, তার  
পিছনের কথাটা কী? পুরোনো কবিতা. অনেকেরই আর লিখছেন না,  
আর তরুণদের মধ্যেও নতুন কোনো আন্দোলন এখনো জগে ওঠেনি—এই তো  
‘আক্ষেপের কারণ? কিন্তু এটুকুই সব কথা নয়। বাংলা কবিতা কেমন  
আছে, রোগই হয়ে গিয়ে থাকলেও স্বস্থ আছে কিনা, স্তম্ভ স্রোতেও  
প্রাণের চাক্ষুণ্য বক্ষায় আছে কিনা, তা জানতে হ’লে দেখতে হবে আজকের  
দিনের তরুণ কবিতা কী লিখছেন, কেমন লিখছেন, কী তাঁদের ভাবনা  
বেদনা রচনাভঙ্গি, আর, সর্বোপরি—বিশিষ্টভাবে, বিচ্ছিন্নভাবে হ’লেও—  
স্বার্থ ভালো কবিতা কতটুকু তাঁরা লিখছেন। এই শেষ প্রশ্নের সম্ভা-  
জনক স্বার্থ যদি পাওয়া যায়, সবচেয়ে আশার কথা হবে স্টোই।।

## কবিতা

আখিন, ১৩৫৮

এ-বিষয়ে সন্দেহ নেই যে প্রাণের লক্ষণ, স্বাভাবিক লক্ষণ তরুণতর কবিদের  
রচনায় নাহো-নাহোই দেখা যায়। বেটুকু স্বাভাবিক স্বাভাবিক, ঐ ‘নাহো-নাহো’  
শব্দটোই তা স্মৃতি হ হচ্ছে। ‘অর্থাৎ ঐ ভালোটুকুকে নির্ভরযোগ্য মনে না,  
মনে হয় দৈবাৎ হয়ে গেছে, কবিতার পর কবিতা গড়লে কোনো-একটা  
পরিণতির দিকে এগিয়ে বাবার লক্ষণ মনে দেখা যায় না। কিন্তু—বলতে  
পারের স্থখী হচ্ছে—এই অসংযত্নতার অভিমোগ থেকে স্বতন্ত্র কবিতা  
মুক্ত হ’তে পেরেছেন। তিনি নরেন গুহ। তরুণতর কবিদের মধ্যে তিনি  
যে অগ্রণী, সে-বিষয়ে যদি বা কারো সন্দেহ থাকে তা হুব হুব তাঁর  
স্বতন্ত্রপ্রকাশিত কাব্যগ্রন্থ ‘দ্রুস্ত ছপু’ পড়লে। এ-বইয়ের অধিকাংশ রচনাই  
ইতিপূর্বে কবিতা’র বেরিয়েছিলো, এদের মত আবার পুরোনো চেনা—এবং  
এ-কথা স্বীকার করতেও আমরা বিধা নেই যে এই কবির রচনার প্রতি  
প্রথম থেকেই আমরা পক্ষপাত জ’রে গেছে। পক্ষপাতের কারণ এই যে  
যে-সময়ে—অর্থাৎ যুগের শেষের দিকটার—এক রকমের যুবক-কাণ্ডে  
অপচেষ্টাই খুব দোরগোলান তুলছিলো সাহিত্যের আসরে—সেই সময়ে প্রথম  
লিখতে র’সেও তিনি তাঁর আপন স্বভাবকেই প্রকাশ করেছিলেন।  
তারপর এ-কয় বছর ধ’রে তাঁর কবিতার পরিবর্তনশীল অবস্থায়  
আমি লক্ষ্য করেছি। ভালো-মোটেই সেই কবিতার সিদ্ধতা, স্বপ্নিততা  
রচনাশিল্পের গৌঠব। ভালো মোগেছে নিরীকের দিকে বোঁক, নিচু  
গলায় নরম ক’রে বলার দিকে উদ্গুহতা। এই উদ্গুহতারই প্রথম ফসল  
‘দ্রুস্ত ছপু’।

‘দ্রুস্ত ছপু’ বিষয় মধুর শাস্ত রসের কাব্য। একটু ব্যথিত ছয়দের  
বগভক্তি—এখানে স্ননতে পাই আমরা—কিন্তু ব্যথিত বলে বিক্ষুব্ধ নয়।  
পারিশর্ষিকের অসংগতি, ন্যায়গিক জীবনের স্তম্ভতা, স্বীকারের মত  
জীবনের বিরোধ—এই সব সমসাময়িক তথ্য বিষয়ে নরেন গুহ সম্পূর্ণ  
সচেতন; কিন্তু এসব কাছে তিনি হাব মানেননি, অর্থাৎ এদের বিরুদ্ধে  
লাগতে গিয়ে নিজের কাঁক, নিজের মন তুলে যাননি। সবই জানি,  
সবই বুঝি, কিন্তু ওদেরই নিয়ে, এদেরই মধ্যে বেঁচে আছে এইটুকু বৃ

## কবিতা

আখিন, ১৩৫৮

শুষ্ক করে অহুত্ব কর চাই—এই হচ্ছে তাঁর মনের কথাটা। এই কথাটি হৃদয় দুটেছে গ্রন্থের নাম-কবিতায়, আর প্রথম কবিতা 'অলৌকিক'। অলৌকিক মানে—সাধারণ মানুষের দৈনন্দিন জীবন—চিরচেনা বাস্তব—সেই বাস্তবটাই অলৌকিক।

কলকাতার বেঁচে যাতি তুং এই মধাপূর্ণাবলে  
এখনো পুথির মোড়ে সন্ধ্যার সন্ধ্যার পান অলে,  
কোরে বলে চল আসে, পাশের বাড়ির  
বিতম রেণিও কোলে সন্ধ্যাত জাগরানী শক্তির  
আগনের প্রাক্তরপ।...

এই রকম অতি সাধারণ অলৌকিক কয়েকটি ঘটনার উল্লেখের পরে—

... যার বেগ, তিরিখ ব্যাটটা বেগ পুণি  
রোগ কিছু টিটি থাকে! অলৌকিক কে ডাকরণে  
রোগে বার মোক্ষরের চৌকস খানকগি।

সামান্যের মধ্যে এই বিশ্বয়ের আবিষ্কার, জীবনের এই সহজ স্বাদ—গ্রন্থের অস্বাভাবিক কবিতাও এখান থেকেই প্রেরণা পেয়েছে। আধুনিক জীবনের বার্ষিকাবোধ—বা সাম্প্রতিক কবিদের প্রধান বিষয় বললে ভুল হয় না—তা অতিক্রম করে তাই একটি অস্ব স্বর বেজেছে এই কবিতাগুলিতে; বিদ্রোহী না-করে, বিলাপ না-করে, প্রতিকূল পরিবেশের মধ্যে খালবধী হ'য়ে বেঁচে থাকার যে-শাস্ত্র সাহস, সেটাই গ্রন্থের উল্লেখযোগ্য গুণ বলে আমি মনে কর। আরো এক কারণে কবিতাগুলি উল্লেখযোগ্য; সেটা এই যে সমস্ত রকম উগ্রতা বর্জন করে কলাকৌশলে একটি সুনির্মিত নৈপুণ্য প্রকাশ পেয়েছে; ছন্দ স্তম্ভান, মিল চমক লাগার মাঝে-মাঝে, ভাষাব্যবহারে আধুনিক কথাভঙ্গি-বজায় রাখা হয়েছে প্রায় সর্বত্রই। এবং—বিদ্যে নরেশ গুহর মনের তরী বিধানের আঘাতেই বেজে ওঠে বার-বার, তবু কখনো-কখনো হাঙ্গ-রসোজ্ঞান হালকা কবিতাও তিনি লিখেছেন, যার শ্রেষ্ঠ নিদর্শন 'ফুরির ইচ্ছা' নামক ক্ষুদ্র সিরিকটি। এটি সম্পূর্ণ উদ্ভূত করার লোভ সামলানতে পারনু না;—বলা বাহুল্য শিশুবিষয়ক হ'লেও এটি শিশুপাঠ্য নয়—মানে, শুধু শিশুপাঠ্য নয়:

## কবিতা

আখিন, ১৩৫৮

আমি খরি হই ফুল, হই খুঁটি ফুলনা হইন,  
নোনাখি হই একগাশ,

তবে আমি উড়ে যাই, বাতি থেকে ঘুরে যাই,  
কেড়ে যাই বাগানত, হুরুরের ফুলোনের রূপ।

তবে আমি দুশুটপ নীল হলে বিই কুব রোগ  
পায় না আমার কেউ পোছ।

তবে আমি উড়ে উড়ে ফুলেরের পাড়া ঘুরে  
মুং কোন বিই এক তোলা।

মোক আমার এগো ফুল, তবু আমি হই ফুল গল

বয়ে বিই ডালিদের ভাল।

খচিত হুপুং বাজে, নানা কুব যান কাজে  
তবু আর হুরুরে না আমার সকলে।

'হোক আমার'-এর সম্মেলন ছান্দসিকের লক্ষণীয়।

উপরে যা বলা হ'লো—এব উদ্ভূত হ'লো—তা থেকে পাঠক নিশ্চয়ই বুঝে নিয়েছেন যে নরেশ গুহ রোমাণ্টিক জাতের কবি। গুটা শিবার কথা আজকাল,—কিন্তু দশ বছর আগে যতটা নিদর্শন ছিলো, ততটাই কি আছে এখনো? ইতিমধ্যেই হাওড়া-বরল কি হয়নি একটু? নরেশ গুহর সাম-সাময়িক অস্ব কোনো-কোনো কবিতাও হারি রসেরই প্রাণাভ কি দেখা যাচ্ছে না নতুন করে? তবু, এ-বিষয়েও সন্দেহ নেই যে বর্তমানে তাঁর নিদুংও জুটেই বিস্তর। আশা করি তিনি তাতে বিচলিত হবেন না; তাঁর স্বভাবের পরামর্শ লঙ্ঘন করে কোনো-একটা অদ্ভুতভাবে বৈকিয়ে দিতে যাবেন না তাঁর দেখনীকে। তাঁর মধ্যে ঐতিকায়ের যে-তাপটুকু আছে, পেটুকু বড়ে লালন করে কোনো-একটা বড়ো পরিপ্রেক্ষিতে তাকে প্রয়াগ করার চেষ্টা—এতেই, আমার মনে হয়, তাঁর পরিণতির পথের তিনি নির্দেশ পাবেন।

যেমন 'হুরুর হুরুরে' নতুন একজন কবির দেখা পাওয়া গেলে, তেমন 'অস্ব গুণে' আশাপ্রদ প্রমাণ মিললে যে আবারের অনতিতরুণ কবিরাও



### কবিতা

আখিন, ১৩৫৮

হাত গুটিয়ে ব'সে নেই। খাঁরা নিরমিত লেখনে, কখনোই ধারণা লেখনে না, আর হাঁদের প্রায় প্রত্যেক লেখাতেই কিছু-না-কিছু মনের বাত পাওয়া যায়, মনস্বী রায় সেই সফল এবং শিক্ষিত কবিদের অগ্রতম। 'অন্ত পথ' তাঁর মঠ কাব্যগ্রন্থ; খণ্ডিত বাণীর বেদনাবিশ্লক পটভূমিতে এর রচনা। তাঁর মন বহিরাঙ্গী, কিন্তু রচনাভঙ্গি ব্যক্তিব্যক্তার লক্ষণশূন্য; অর্থাৎ, তাঁর কাব্যের উপকরণ তিনি সঙ্গ্রহ করেন বাইরে থেকে, কিন্তু তাকে প্রকাশ করেন চিত্রকল্পের সাহায্যে—স্বভাব মূখোপাখ্যানের মতো বাস্তবতার স্বচ্ছ চক্রে নয়, পর-পর ইমেজ সাজিয়ে বক্তব্যটি ইশারার সূট্টিরে ভোলা তাঁর প্রচেষ্টা। গুডে তাঁর রচনার প্রাণনতার দৃষ্টি হয় কখনো কখনো, কিন্তু চিত্রগত মূল্য বাড়ে, লেখার ঘনতা আসে, এবং নানা দিক থেকে নানা রকম ইন্দ্রিতের খাঙ্কার পাঠকের মনে স্বরূপের একটি চাকলা জেগে ওঠে। একটি উদাহরণ দিই :

ভাবার পরিধি ছিঁড়ে ছুড়ে যায়,  
খনির বিস্ফোরণে আঁধার  
অঙ্গে ওঠে মন বাহর আঁটার,  
রক্ত গতির স্বাণী করে।

এ গান আবার অভিজ্ঞতার  
লীলাকাণ্ডে অস্বপ্নরূপকার  
ফলফলান-এর শত গীতাপাথর  
আগে সসুর চেঁচেরে ফলার।

এখানে এক গনক বসি থেকে একেবারে ফলফলান-জলা সমুদ্রের চেউয়ে উজ্জীর্ণ হয়ে মনস্বী রায় কৃত্তিদের পরিচয় দিয়েছেন। দুর্বর্তী বিভ্রমকে এক সূত্রে বাঁধার এই প্রয়াস তাঁর কাব্যে অত্র দিক মিথমে লক্ষণীয়; প্রিয়তার সন্দেহ তিনি মেনাতে চেয়েছেন স্বদেশকে, আপন কবিজীবনের সূত্রে স্বেচ্ছাছেন সর্বাধারনের জীবনস্বাভাৱ। এই ভারী বাঁসা কাণ্ডে নতুন নয়, কিন্তু বিভক্তি কবির হাতে এর পরিবর্তন, পরিধ্বন এবং সম্ভারণ বাহ্যনীয়; কেননা জীবনের সন্দেহ জীবন যোগ করার মন্ত বড়ো কথাটা এতে প্রচ্ছন্ন আছে। প্রচ্ছন্ন আছে বননাম, কেননা এখন পর্যন্ত বাংলা কবিতায় এর

### কবিতা

আখিন, ১৩৫৮

প্রকাশ অনেকেটা বিগরির মতোই শোনানোছে; এখনো টিক সংযোগ হেন ঘটেনি, শুধু ইচ্ছাটাই প্রকাশ পাচ্ছে বাহ-বাহ। 'অন্ত পথ' মোটের উত্তর এর ব্যতিক্রম না-হ'লেও কোথাও-কোথাও বস্তুনিষ্ঠার পরিচয় আছে এখানে, আছে দু-একটি প্রেমের কবিতায় অভিজ্ঞতার প্রত্যক্ষ সংস্পর্শ। প'ড়ে আশা হ'লো যে মনস্বী রায়ের অন্ত পথ হয়তো একে-বৈকে তাঁকে পৌছিয়ে দেবে কবিতার সেই প্রশস্ত—অথবা সর্বাঙ্গী—পথে, যেখানে উজির মদে অভিজ্ঞতার মিলনে মৃগালসুদেরও বাসধান থাকে না।

এ-প্রসঙ্গে আরো একটি বইয়ের কথা বলবো। চটি বই, কাগজের মলাট, বহুহীন ছাপা; প্রথম দর্শনে কিছুমান অক্ষা জাগে না। কবিতাভঙ্গিও অধিকাংশ প্রবীণদের প্রতিধ্বনিমুখ—কোনো-কোনোটি অশাঠা। কিন্তু ঐর্ধে ধ'রে কেউ বিদ্যা বহীট প'ড়ে ওঠেন, ভা'লে উঁর সম্ভে থাকবে না যে 'রাগুর' জন্মের লেখকের আছে সত্যিকার কবির মন—লেখারও যে হাত নেই তা নয়, ভালো লাগবে 'স্মৃতি, স্মৃতি' নামক কবিতা, যাতে পুনকৃতি সূত্রে অত্যধিক, অমানজনীয় চর্যকভাবে যা শেষ হয়েছে, অথচ যাতে স্মৃতির স্বর ধ্বনিত হয়েছে এমনই ভাবে যাতে পড়বার পর বেশ লোপে থাকে মনে। 'মুখোশ' কবিতায় পাওয়া যাবে নাগরিক বৃক-জীবনের ধ্বন একটি বেদনাময় চিত্র—

হে বৃক, যে মুক্কা, পৃথিবীতে তোমাদের বস্তুই নয়?

কারণে শরীরে নিজে কার অঙ্গ স'র বেঁটা দিয়ে যোগে আনো?

আর 'স্বহরাণ', 'আকাশ', এই দুটি কোমল করুণ রচনাও নাড়া দিয়ে যাবে মনের মধ্যে। বীরেন্দ্র চট্টোপাধ্যায় বেশ কয়েক বছর ধ'রে লিখেছেন; বিস্তর লিখেছেন তিনি; বিস্তর বাগে লিখেছেন, তার ভারই ফ'কে-ফ'কে হ'লো যে কিছু ভালোও লিখে ফেলেছেন সেটা প্রায় আশ্চর্য ব'লেই বোধ হয়। ভালো মানেও অধিকাংশ স্থলে অশস্ত ভালো, কিছু-না-কিছু স্তূত প্রায় থেকেই যায়; প'ঠে বোঝা যায় যে লেখকের ঐর্ধে নেই, কটিগঠনেরও অবকাশ হয়নি; তাই ওতদিনের অভ্যাসেও তাঁর মধ্যে পরিণতির কোনো লক্ষণ দেখা গেলো না। এই সব কটিশাধনের

কবিতা  
আদিন, ১৩৫৮

শ্রমদীকার করতে তিনি যদি রাজি হন, তাহ'লে তাঁর কাছে রীতিমতো ভালো কবিতা আশা করা অসম্ভব হবে না; আর আপাতত তাঁর ভালো কে-কটি কবিতা আছে শুধু সেই ক-টি একটি প্রহ্নাকারে বের করলে পাঠকের প্রতি—এবং নিজের প্রতি—তিনি স্থবিতার করবেন। বিত্তর ব্যাধ লেখাও এক হিসেবে ভালো, যদি বৈবাংও তাতে দু-একটি ভালো বেরিয়ে যায়—কিন্তু ছাপাবার সময় সেই খাটিটুকুই ছেঁকে নেরা চাই। সাম্প্রতিক কবিতার পরিবেশই এই বিচার-বুদ্ধি প্রয়োগ করলে সেরা। নৈরাশের প্রতিবেদক হ'তে পারে।

১. শান্তিনিকেতন লক্ষ্যচর্চাশ্রম
২. আশ্রমের রূপ ও বিকাশ
৩. বিশ্বভারতী
৪. The Centre of Indian Culture } Rabindranath Tagore.
৫. A Vision of India's History } Re. 1/- ea.
৬. লক্ষ্য বিদ্যালয়, অজিতকুমার চক্রবর্তী। ১৬০
৭. Santiniketan, 1901-51
৮. 25 Portraits of Rabindranath Tagore } Rs. 7/8/- ea.

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়রূপে প্রতিষ্ঠিত হবার অন্যতপরেই ১৩৫৮ সালের 'এই পৌষ তারিখে শান্তিনিকেতন বিদ্যালয়ের পঞ্চাশ বছর পূর্ণ হ'লো। এই শুভ উপলক্ষে বিশ্বভারতী উল্লিখিত বই রচনা প্রকাশ করেছেন। এদের অধিকাংশই পুনর্মুদ্রণ—সচিত্র শোভন আকারে রূপস্পারিত। প্রথম বইটিতে ছটি রচনা প্রবিত হয়েছে; তার একটি ১৩৫৮ সালের প্রতিষ্ঠাদিবসে প্রদত্ত রবীন্দ্রনাথের উপদেশ, অর্থাৎ ১৩০২ সালে লেখা তাঁর একটি স্মৃতির্ষ পত্র, যাতে আশ্রমের কার্যপ্রণালীর একটি সন্ধ্যাক বিবরণ তিনি লিপিবদ্ধ করেছিলেন। এই 'প্রথম কার্যপ্রণালী', অথবা, 'রবীন্দ্রনাথবন্দী'র লেখকের মতে, শান্তিনিকেতন বিদ্যালয়ের প্রথম 'কনস্টিটিউশন'—এটি, শ্রীযুক্ত ফিল্ডিনোহন সেন জামিয়েছেন, রবীন্দ্রনাথ লিখেছিলেন পত্নীবিয়োগের মাত্র দিন

কবিতা  
আদিন, ১৩৫৮

দশেক আগে, যোগ্যতর মানসিক উদ্বোধনের সময়। অথচ পত্রটিতে এতটুকু ব্যততা বা অন্তর্কর্তার লক্ষণ নেই; বিজ্ঞানয় পণ্ডিতালনার প্রত্যেকটি গুণিণাটির বে-পঞ্চময় নিয়মাবলী এখানে দেখতে পাই, তা রবীন্দ্রনাথের মতো মহাকবিবরই উপযুক্ত। কত অর্থেই যে তাঁর প্রতিভা সর্বতোমুখী ছিলো তার, একটি নতুন প্রমাণ—যদিও প্রমাণের আর প্রয়োজন করে না—এই পত্রটিতে পাওয়া যাবে।

দ্বিতীয় গ্রন্থটিতে তিনটি প্রবন্ধ সংকলিত হয়েছে, তার একটি ইতিপূর্বে কোনো গ্রন্থের অন্তর্ভুক্ত হয়নি। তৃতীয় এবং এদের মধ্যে দীর্ঘতম গ্রন্থটি একেবারেই নতুন; বিশ্বভারতীর প্রতিষ্ঠাকাল থেকে আরম্ভ করে পরবর্তী হুড়ি বছর খ'য়ের তাঁর এই শিক্ষারতন বিষয়ে কবি বিভিন্ন স্থলে যে-সব বক্তৃতা দিয়েছিলেন, তৎকালীন পত্রিকাধি থেকে উদ্ধৃত হয়ে সেইগুলো এখানে সংগৃহীত হয়েছে। শান্তিনিকেতন বিষয়ে, বিশ্বভারতী বিষয়ে, শিক্ষাতত্ত্ব বিষয়ে, রবীন্দ্রনাথের বা-কিছু ধারণা, চিন্তা, অহুড়তি—যে-আদর্শটিকে তিনি মূর্তি নিতে চেয়েছিলেন বীরচরনের লাল মাটির প্রান্তরে—এ-ছটি বইকে বলা যায় তারই বিবদীকৃত ব্যাখ্যা। এ-বিষয়ে অল্প অনেক রচনা 'শিকা' গ্রন্থে ইতিপূর্বে সংকলিত হয়েছে, কিন্তু কবির সম্পূর্ণ চিন্তা জানতে হ'লে এ-ছটিও পড়ে নিতে হবে। অল্পরূপ উপলক্ষ্যে বিভিন্ন সময়ে রচিত ব'লে, এবং বক্তৃতা ব'লে, কিছু পুনরুক্তি অসম্ভব আছে; কিন্তু সেই সন্দে আছে অনেক নতুন তথ্য, এবং আধিগণের শান্তিনিকেতনের এমন সব বর্ণনা, যা আশ্রমের কাছে একেবারেই অচেনা ব'লে মনে হয়। একটি তথ্য/মানি অসম্ভব এই প্রথম জাননুস: রবীন্দ্রনাথের 'গুরুদেব' উপাধিটি রজনাক্ষর উপাধিয়ারে প্রদত্ত,—এবং ঐ উপাধিটা যে বিজ্ঞানসম্মত অর্থে কল্পে মতোই ঙ্গসহ ছিলো তাঁর কাছে, তাও রবীন্দ্রনাথ এখানে লিখেছেন।

ইংরেজি পুথিবা ছটি বিশেষভাবে মূল্যবান। গ্রন্থটির বিষয় শিক্ষা এবং বিশ্বভারতীর আদর্শ, কিন্তু আসলে তার চেয়েও অনেকখানি বেশি। ১৩১৯ সালে প্রথম প্রকাশিত 'The Centre of Indian Culture' প্রবন্ধে রবীন্দ্রনাথ ভারতীয় সংস্কৃতির মূল ধারার অন্বেষণ করেছিলেন,

### কবিতা

আখিন, ১৩৫৮

বিখ-সংস্কৃতির পরিপ্রেক্ষিতে দেখেছিলেন তাকে, পৃথিবীর মধ্যে ভারতীয় চিত্ত-  
বৃত্তির বৈশিষ্ট্য বেধিয়েছিলেন বিভিন্ন দেশ, ধর্ম, সভ্যতার সঙ্গে তুলনার এবং  
প্রতিতুলনায়। 'A Vision of India's History' ১৯২০ সালের রচনা;  
'ভারতবর্ষের ইতিহাসের ধারা' নামক তাঁর পুরোনো এবং প্রসিদ্ধ প্রবন্ধে যা  
বলেছিলেন. তার সঙ্গে ঝিরেজনাথের পরামর্শ এবং নিজস্ব অনেক নতুন  
চিত্ত) এতে যোগ করেছিলেন; ফসত, ইতিহাস বিষয়ে কবির সংক্ষেপে  
পরিচয় এবং স্থপতিত ভারতীয় পরিচয় পেতে হ'লে এই পুস্তিকাটি পড়তেই  
হবে। দুটি প্রবন্ধেই কবির বিশ্লেষণী শক্তিরও আশ্চর্য পরিচয় আছে; বহল  
পরিমাণ তথ্যের উপর তাঁর কবিশ্রুতিভার—অন্তর্দৃষ্টির—যে-আলো এখানে  
তিনি ফেলেছেন, তাতে ভারতীয় ইতিহাসের, সংস্কৃতির, ধর্মের, সমগ্র-  
ভাবে ভারতীয় মনের, সম্পূর্ণ ছবিটি একেবারে দীপ্ত হয়ে জেগে ওঠে চোখের  
সামনে। স্বদেশকে জানতে হ'লে, পূর্বপুরুষদের জানতে হ'লে—অর্থাৎ  
নিজেকে জানতে হ'লে—রবীন্দ্রনাথের এ-সমস্ত রচনাই আমাদের শ্রেষ্ঠ পথ-  
প্রদর্শক। ভারতের এই রাষ্ট্রিক বিবর্তনের সময়ে এই পুস্তিকা ছুটির প্রকাশ  
খুব কালোচিত হ'লো।

অক্ষিতব্যুর চক্রবর্তীর 'রবীন্দ্রবিজ্ঞান' শাস্ত্রনিকতেনের প্রথম যুগের  
একটি মনোরম ইতিহাস। প্রথমটি লেখা হয়েছিলো ১৩১৮ সালে, বিজ্ঞানরের  
প্রতিষ্ঠার পর দশম বর্ষে। এটি পঞ্চমই 'আদ্যবঙ্গীয়, কিন্তু পরিশিষ্টে মহর্ষির  
ট্রান্স-জীত মন্ত্রিত হ'য়ে এর মূল্য বাড়িয়েছে, উন্নতর এর চিত্তগুলিক উল্লেখ  
যোগ্য। অন্ধবাহুব উপাধায় যা মোহিতচক্র সেনের কোনো ফোটোগ্রাফিক  
ইতিপূর্বে কোথাও দেখেছি ব'লে মনে পড়ে না।

৭ এবং ৮ নম্বর বই দুটি ফোটোগ্রাফের আল্যবাম। প্রথমটিতে শাস্ত্র-  
নিকতেনের ৩০টি ছবি ধারাবাহিকভাবে মন্ত্রিত হয়েছে, সূচনা থেকে 'জামদী'  
পর্যন্ত দুর্ভাব্যবীর সম্পূর্ণ সংগ্রহ বলা যায়। ছবিকাষ্মরুপ আছে রবীন্দ্রনাথের  
'My School' প্রবন্ধ, চিত্তপরিচিতি হিশেবে তাঁর বাংলা রচনার অম্বহার  
আছে প্রথম এবং শেষ চিত্রে, পরিশেষে শ্রীমুক্ত হিরণ্যক্যুর রাজাল আশ্রমের  
সংক্ষিপ্ত একটি বিবরণ দিয়েছেন। 'পাঠিশ পোস্টেট' পাঠ্যনক্স কিছু নেই,

### কবিতা

আখিন, ১৩৫৮

কিন্তু কবির বিভিন্ন যুগের বিভিন্ন ছবি একসঙ্গে পাঠ্যে বাচ্ছে ব'লে চিত্ত-  
বিলাসীরা পক্ষে এটি শোভনীয়।

অপব্যোমের বুদ্ধচরিত্ত, দ্বিতীয় খণ্ড। অনুবাদঃ রবীন্দ্রনাথ ঠাকুর।  
বিখভারতী, ১১০

বন্দ্যাহিত্যে নারী. সাময়িকপত্র-সম্পাদনে বন্দ্যনারী। ব্রজেন্দ্রনাথ  
বন্দ্যোপাধ্যায়। বিশ্ববিজ্ঞা সংগ্রহ, বিশ্বভারতী। প্রত্যেকটি ৪০

আমাদের দেশে সংস্কৃত চর্চার অবস্বয় নিয়ে ইতিপূর্বে কখনো-কখনো  
আক্ষেপ প্রকাশ করেছি। এর ফলে ভিতরে-ভিতরে আমরা যে কী-রকম  
দুর্বল হ'য়ে গিয়েছি, সাহিত্যের ব্যর্থতাই হিশেবে নিতেই তা অহুভব করি।  
আজকের দিনের স্বাধীন দেশে সংস্কৃত শিক্ষার পুনরক্ষয়বনের কথা চলছে,  
যদি তা কার্যত হ'য়ে ওঠে তাহ'লে আমাদের পৌজাদি তার ফল ভোগে  
করবেন। কিন্তু প্রত্যক্ষ অভিজ্ঞতার অভাব থাকে সবেও স্তম্ভ একটি  
উপায়ে এই ভাব্যগননীর প্রসাদবিতরণ সন্তব, সেটি সংস্কৃত সাহিত্যের  
যথোচিত অহুবাদ। এ-দিক থেকে, উনিশ শতকের পরে, আমাদের চোখ  
প্রায় কেরোনাই ছিলো। কিন্তু স্মৃতি, স্বপ্নের বিষয়, এ-বিষয়ে নতুন  
ক'রে চেতনা জাগছে। তার প্রথম প্রবোধেন্দ্রনাথের 'কাদম্বরী', রাজশেখর  
বহুর 'মেঘদূত', 'রামায়ণ', 'মহাভারত', এবং অপব্যোমের বুদ্ধচরিত্তের  
রবীন্দ্রনাথ-চুত অহুবাদ। এই শেযোক গ্রন্থের সত্ত্বপ্রকাশিত দ্বিতীয়  
খণ্ডটি গ'ড়ে আনন্দ পেলান। তার কারণ শুধুই বিষয়মহিমা নয়। অহুবাদটি  
প্রথম বওর মতোই স্থপথাটা, স্থপথীর ও প্রাঞ্জল; কাব্যরসও খুঁধ হইনি  
কোথাও; এ-রসম গ্রন্থ সাহিত্যিক কারণেও মূল্যবান। আমাদের  
মনের একটা ইংরেজি-হে'বা বন্দ্যভাষ হ'য়ে গেছে; আমরা আনন্দ সমরই  
ইংরেজিতে চিত্তা ক'রে থাকি, এরম নির্বন্ধক বিষয়ে ইংরেজি ছাড়া প্রাচ  
ভাবাই জানি না। বুদ্ধচরিত্তের মতো গ্রন্থ পাঠ ক'রে আমরা কানভে  
পারি আমাদের পূর্বপুরুষরা তাঁদের খুব বুদ্ধক চিত্তবালিকেও কেমন ক'রে  
প্রকাশ করতেন, কী তাঁদের ভাবা ছিলো পরিভাষা ছিলো; এবং অহুবাদের  
সাহায্যেও সংস্কৃতের সংস্পর্শে আমরা বেশি ক'রে যদি আমরা আ'তে

পারি, তাহ'লে আমাদের ইংরেজি-নির্ভরতার দোষ দূর হবার সম্ভাবনা বহুতরমে হেঁচকি যায়। স্টেটি, বলা বাহুল্য, বাংলা সাহিত্যের পক্ষেই প্রকৃতরূপে কল্যাণকর হবে। বিখ্যাতরত্নী অরুণা-প্রহমালায় নব-নব সংযোজন তাই বিশেষভাবে কাম্য।

বিখ্যিত্যগ্রহেয় নতুন বই দুটি বাংলা সাহিত্যের ক্ষেত্রে মহিলাদের কার্যকলাপের ঐতিহাসিক বিবরণ। লেখিকা-সম্পাদিকাদের অনেকগুলি চিত্র আছে। মহিলা-সম্পাদিত সমসাময়িক গল্পাদিরও উল্লেখ আছে, কিন্তু আধুনিক লেখিকাদের তালিকায় লীলা মজুমদারের নাম না-দেখে বিস্মিত হলাম।

লেখক, বৈকালী। রবীন্দ্রনাথ ঠাকুর। বিখ্যাতরত্নী, ৬, ৩ ৪.

কালো রেজিনে ঝাঁপাই, সর্গাকরে নামাঙ্কিত, কবির হস্তাকরে মুদ্রিত এই কাব্যগ্রন্থ দুটিতে যেন রবীন্দ্রনাথ ঠাকুরকে আবার নতুন করে পাওয়া গেলো। 'এর প্রধান মূল্য হাতের অক্ষরের ব্যক্তিগত পরিচয়ের'—কবির এই কথা 'অর্ধ' মোক্ষা যায় বই দুটির পাতা ওটালেই;—হাতের লেখার ললিত ভঙ্গিতে কবিতাগুলি যেন জীবন্ত হ'তে উঠেছে একেবারে, প্রায় যেন রচনার মুহূর্তটিকে ধরা যায়। আর রচনাগুলির বিষয়ে নতুন করে আর কী বলবো— 'চীনে ভাগ্যে পাখায় কাগজে রখালে কিছু নিখে দেবার 'অরুণোদ' থেকে বার উৎপত্তি, তার অনেক কাব্যবিক্রমই সাহিত্যে স্থায়ী হয়েছে; আর 'বৈকালী'র গানগুলিও আমাদের মনের গভীরে আসন পেয়েছে এতদিনে। 'সমুদ্র, তোমার শেষ বে না পাই' পংক্তির প্রথম পাঠ ছিলো 'ভালো লাগার শেষ বে না পাই'—এই ঝংঝটি নতুন পাওয়া গেলো। মাত্র একটি কথাই বদলে কী রকম রূপান্তর সাধিত হ'তে পারে তার উদাহরণ-রূপ এটা উল্লেখ করলাম।

'লেখনের' নামপত্র আছে 'বুড়াপেট ২৬ কাড়িক, ১৩০৩' আর 'বৈকালী'তে '১৭ অরুণোদ, ১৩০৩, বেলাগ্রন্থ'। জর্মনিতে হাতের অক্ষর থেকেই ছাপিয়ে নেবার বে-উপায় বেরিয়েছিলো, তাইই সাহায্যে 'লেখন' প্রথম প্রকাশিত হয় ১৩০৪ সালে। সেই পরিমিত সংস্করণ অধিরে ফুরিয়ে যায়.

তারপর এতদিন আর পাওয়া যায়নি, যদিও 'লেখনের' বাংলা কবিতাগুলি 'রচনাবলী'র চতুর্দশ খণ্ডে মুদ্রিত হয়েছে। এই পুনঃপ্রকাশ তাই কাব্যজগতের একটি সুখের ব'লে গ্রন্থ্য হবে। একটু ছাথের বিষয় এই যে 'লেখনের' সবগুলি পৃষ্ঠার পুনঃপ্রকাশ সম্ভব হয়নি; ফলত 'পথে হ'লো বে'র ঝ'রে গেলো চেঁরি' এবং এমন কিছু উৎকৃষ্ট রচনা বাদ গেছে। 'বৈকালী' এই বোধায় প্রথম যেরোলো।

বুদ্ধদেব বহু

## আলোচনা

### জ্বলপাঠ্য বই

পশ্চিম বঙ্গ মধ্যশিক্ষা পর্ষতের বিজ্ঞেদে কলকাতার প্রকাশক-সভা যে-আন্দোলন চালিয়েছেন সে-বিষয়ে কিছু মন্তব্য করলে অপ্রাসঙ্গিক হয় না। প্রকাশক-সভার প্রধান অভিযোগ এই যে পাঠ্যপুস্তক প্রকাশের ব্যবসায়ি পর্বে তাঁদেরই 'একচেটে' করে নিতে উত্তম হয়েছে। এই অভিযোগ বা আশঙ্কা কতটা মুক্তিসংগত তা বিচারসাপেক্ষ। ম্যাট্রিকুলেশনের ইংরেজি, বাংলা, সংস্কৃত পাঠসংকলন কলকাতা বিশ্ববিদ্যালয় বরাবরই নিজেরা প্রকাশ করেছেন। অন্ততএব এখানে কোনো অভিযোগের কথাই ওঠে না। পূর্ব গ্রন্থা থেকে তফাত হয়েছে এইখানে যে নিরক্ষরণী পাঠ্য বিজ্ঞানের বইও শুধুমাত্র একটি করেই নির্দিষ্ট হয়েছে। এতে কোনো-কোনো প্রকাশক সম্ভবত অতিরিক্ত হয়েছেন, কিন্তু মনোগণিলির আশঙ্কার ঠিক সম্বন্ধন এতে পাওতা যায় না। অসঙ্গত বিষয়ের পূর্বপ্রকাশিত পাঠ্য এবং 'জ্বলপাঠ্য' পুস্তক তো প্রচলিত আছে; এবং শিক্ষাপর্ষৎও এমন কোনো বিজ্ঞপ্তি দেননি যে সমগ্র পাঠ্যপুস্তক প্রকাশের ভার এখন থেকে তাঁরাই নেবেন। তবু এরকম একটা আশঙ্কা এখন প্রকাশকদের মনে জেগেছে

তখন তার নিরসনও বাহুণীয। পাঠ্যপুস্তকের সংস্কারসাধন সর্বোচ্চোচ্চভাবে কাম্য, কিন্তু সেই সূত্রে এইসকলও বাবস্থা চাই যাতে কারো জীবিকা বিপর বা ক্ষয় না হয়, কিংবা তার আশ্রয়ও না থাকে। পাঠ্যপুস্তকই অধিকাংশ পাঠকের প্রধান সন্ধান; মধ্যশিক্ষা পর্যন্ত যদি তাঁদের সংগ্রহ প্রকাশিত উৎসাহিত করেন, যদি পাঠ্য বাইরে অর্থাৎ পাঠ্যতার অপসারণজননের সত্ত্বে তাঁদের মধ্যে প্রতিবেশিতা জাগিয়ে তোলেন, তাহলে সমস্ত দিক থেকেই স্বচ্ছল ফলাফল সন্দেহ নেই।

কিন্তু ব্যবসায়িক বিতর্কটাই এখানে প্রধান কথা নয়। তার বাইরে পড়ে আছে দেখব্যাপী ছাত্র, শিক্ষক, অভিভাবক—সম্প্রতির স্বরূপও শেখ। সেখানে শুধু একটি প্রশ্নই উঠে: পাঠ্য বই পূর্বের তুলনায় ভালো হচ্ছে কিনা। স্বপ্নের বিবর্ত, শিক্ষাপর্বৎ এই প্রশ্নের সঙ্কল্প দিতে পেরেছেন তাঁদের নির্বাচিত বিজ্ঞানের পাঠ্য বইয়ে। বঙ্গীয় বিজ্ঞান পরিষদ কতৃৎ প্রকাশিত এই বই তিনটি উল্লেখ্যরূপে ভালো হয়েছে। এগুলো যে চলাচলি ভাষায় সরল করে লেখা হয়েছে এটাই এদের সর্বপ্রধান গুণ; পাঠ্যকর্তাব্যে চলতি ভাষা বেধে—মাতিকার জীবন্ত বাংলা ভাষা বেধে—এতদিনে আমাদের প্রাণ জুড়োলে। এ-বই দেখে কে-মাশা জাগে, ছাত্রের বিঘ্নে ম্যাট্রিকুলেশনের ‘পার্টস-কমন্স’ তার পরিপোষণ পাই না। ভালোর মধ্যে এইটুকু হয়েছে যে পূর্বের তুলনায় আকারে ছোটো, স্বচ্ছ, এবং দামে পুষা। রবীন্দ্রনাথের কবিতা সংখ্যায় কিছু বেশি আছে, সত্য, কিন্তু সে-সব কবিতাও গভাভগতির ব্যাপকত্বক্। রবীন্দ্রনাথকে নতুন করে উপস্থিত করার কোনো চেষ্টা দেখা যায় না। মোটের উপর এই পাঠসংকলন কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুরোনো প্রচারই পুনরাবৃত্তি; মোট বোলোটি গল্প রচনার মধ্যে চলতি ভাষায় রচনা যদি পেরেছে ছুটি মাত্র। এই বিতর্ক অত্যন্তই অসম; তবু স্তম্ভ দিক থেকে তির্যক একটি আশার রেখাও পড়েছে। চলতি ভাষায় তেজীরান সন্দর্ভ আছে বাবী বিবেকানন্দর ‘বাপালা ভাষা’ নামক প্রবন্ধে; এটি সংকলন করে শিক্ষাপর্বৎ হরভতা তাঁদের উদ্ভূততারই পরিচয় দিয়েছেন; অস্তম আশা করা বোধহয় অসম্ভব হয় না যে পর্বতের প্রভাব বাংলা ভাষায় পাঠ্যপুস্তকেও কালক্রমে আধুনিকতার স্বর লাগবে।

চলতি ভাষায় একটা আরো একটা আন্দোলনের যোগ্য। এ-বিষয়ে প্রথম কথা এই যে চলতি ভাষা মাধু ভাষার বিতর্কটা এখন ইতিহাসের অংশ হয়ে গেছে; আজকের দিনে দুটোই স্বীকৃত, দুটোই মাত্র। শুধু তাই নয়, সাহিত্যের সৃষ্টির ক্ষেত্রে চলতি ভাষাই প্রধান হয়ে উঠেছে, আধুনিক বাংলা বসতে চলতি ভাষাকেই বোঝায়। বিস্তারিত কথা এই যে ম্যাট্রিকুলেশনের ছাত্রছাত্রীর ঐতিহাসিক-পাঠ্যপর্ব জনাবার প্রয়োজন কতটুকু? যে-ভাষা ছোটোরা গল্পের বইয়ে পড়ে, মাসিকপত্র পড়ে, ‘পাঠ্য’ ভাষায় তারই সূত্রে মিল থাকলেই শিক্ষা কি ব্যর্থ হয় না? কেন তারা গল্পের মধ্যেও মাধুভাষার সমসাময়িক উদ্বিগ্ন জানবে না, সমসাময়িক বিষয়ের সূত্রে পরিচিত হবে না, কেন এমন সব রচনা পড়তে বাধ্য হবে যা তাদের পক্ষে নীরস, অর্থাৎ তাদের জীবনেও সূত্রে যায় যোগ নেই? সমস্ত ক্লাসের বাংলা বইয়ের বিষয়েই এই প্রশ্নটি আমরা উত্থাপন করতে চাই। আমাদের তুলনাপাঠ্য বাংলা বই সজীব হোক, স্বপাঠ্য হোক, রচনারও বিঘ্ননির্বাচনে আধুনিক হোক,—এটা আজকের দিনে অকরিত রকমের প্রয়োজন বলে অনেকেই মনে হচ্ছে। এ-বিষয়ে মধ্যশিক্ষা-পর্বৎ উল্লেখ্য হলে শিক্ষার একটা বড়ো রকমের সম্ভার হয়।

প্রকাশকদের কথায় কিলে আশা থাক। তাঁদের অভিযোগের কারণ বাই-ই যেটো থাকুক শেষ পর্যন্ত কে-মাশা তাঁরা নিরুদ্দেশ ভাবে বিস্তিত না হয়ে উঠার থাকে না। মধ্যশিক্ষা-পর্বতের সূত্রে অসহযোগ ঘোষণা করে তাঁরা পূর্বাঙ্ক ‘পার্টস-কমন্স’ এবং বিজ্ঞানের বই-কটির জন্ম-বিজন্ম বন্ধ রেখেছেন। এর মানে ঠাঁড়ার, বেশের সমস্ত শিক্ষাতন্ত্রে আঘাত করা। কিন্তু এখানেও তাঁরা ধামেননি; ঐ বই-কটি প্রকাশের কিংবা বিতরণের ভার কে-দুই প্রকাশক নিরুদ্দেশ তাঁদের সূত্রেও প্রকাশক-সভা সধক ছিন্ন করেছেন, তাঁদের প্রকাশিত অস্ফাট গ্রন্থকেও তাঁদের বয়কট আন্দোলনের বিষয়ীভূত করেছেন। এ-বিষয়ে প্রকাশক-সভার বক্তব্য আমরা দেখেছি: কিন্তু পাঠ্যপুস্তক প্রকাশ এবং প্রচার করা যে অসম্ভবীয় অপর্যাপ্ত বলে গণ্য হ’তে পারে সেটা জনসাধারণের বুদ্ধির অগম্য। আর তাছাড়া,

এই একঘরে-করা প্রকাশকঘরের একজন বেহেতু বিখ্যাতরতী অল্পজন এম. সি. সরকার খ্যাও সল, আর বেহেতু প্রকাশক-সভার প্রায় সব সভাই সাধারণভাবে পুস্তকবিক্রোতাও, তাই এর দল ঠাণ্ডিরেছে চমকপ্রদ। কলকাতার অধিকাংশ বইয়ের বোঝান থেকে নির্বাসিত হয়েছেন রবীন্দ্রনাথ ঠাকুর, অরবীন্দ্রনাথ ঠাকুর, প্রথম চৌধুরী, রাজশেখর বসু, এবং আরো অনেক সংগ্রহকার। এই অবস্থাটা এতই প্রহসনীয় যে এ-বিষয়ে কিছু নতুন কথাও বাহ্যিক মনে হয়। পুস্তকের ব্যবসা বীরা করেন ঙ্গদের উপরেও দেশের সম্মুখিতরকার ভার কিংমঃপরিমাণে জ্ঞাত থাকে; যে-কোনো কারণেই রবীন্দ্রনাথের বই বিক্রয় করতে অসমর্থ হবার অধিকার তাঁদের আছে। কিনা সেটা একটু ভেবে দেখলে তাঁরা ভালো করতেন। আমরা নিশ্চয়ই জানি যে এ-অবস্থা অস্বাভাবিক, এবং পর্যন্তের সঙ্গে প্রকাশকদের এই গোলাঘোণেরও নিশ্চিন্তি একদিন হ'য়েই যাবে;—কিন্তু কোনো-এক সময়ে কলকাতার যে এমন দশা হ'তে পেরেছিলো যখন কলেজ দ্বোয়ারের অনেক বোঝানে রবীন্দ্রনাথের বই কিনতে পাওয়া যায়নি, সেটা—সেটা আমাদের সকলের পক্ষেই একটু লজ্জার কথা বইকি।

নু. ষ.

## কথাশিল্পী অবনীন্দ্রনাথ

রবীন্দ্রনাথের পরে, প্রায় সপ্ত-সহস্রেই নাম কববার মতো যে হ' একজন লেখকের নাম আমার মনে পড়ে, অরবীন্দ্রনাথ ঠাকুর তাঁদের অন্ততন। লেখক হবার পরিপূর্ণ পঞ্জি নিয়ে তিনি জন্মেছিলেন, এবং সে শক্তির অল্পপন ব্যবহারও করেছিলেন। চিত্রবিজ্ঞান হাতে বড়ি যখন হয়নি তখন থেকেই তাঁর লেখা হুল, আর তুলির ২ং তুলিতে কিং গেল যখন, লেখা তখনো চলছে। ছবি আঁকার ফাঁকে ফাঁকে, খেয়াঙ্গের বশে, কেউ এমন রচনা লিখতে পারেন না, যদি না সাহিত্যিকের মৌলিক প্রতিভার তাঁর অধিকার থাকে। 'শহুল্লা', 'কীরের পুতুলের' মতো বই লেখা হয়েছে উনিশ শতক শেষ হবার পাঁচ সাত বছর আগে—এ কথা যখন ভাবি তখন অবাক না হয়ে পারি না যে চিত্রশিল্পীর নামের তলায় সাহিত্যিকের অয়েয় নীতি এমন অনায়াসে কী করে চাপা পড়ে গেল। তার চল্লিশ পঞ্চাশ বছর পরে 'খেরোয়া' আর 'কোড়ালীকোর খাবের' মতো বই আবার যদি তিনি না লিখতেন, তাহলে সহজে হয়তো মনেই পড়তো না যে বাংলা গুচের কত বড় শিল্পী অরবীন্দ্রনাথ। এবং এতেও হয়তো চমক ভাঙতো না, যদি সেই সপে আরো না জানতুম যে 'খেরোয়া' বইটি আসলে লেখা বই নয়, বলা বই। তবু তো আজ পর্যন্ত তিনি শুই চিত্রগুণ—অন্তত মুখাত তাই। তাঁর মৃত্যুতে চিত্রী-বিয়োগের বেদনাই বাংলা দেশের বুকে বাজলো। কত বড় কথাশিল্পীকে আমরা হারালাম, সে কথা ক'জন বললে।

অরবীন্দ্রনাথের গ্রন্থাবলী কোনো কালেই হুলভ ছিল না, এখনো নেই। হয়তো তার একটা কারণ এই যে আপাতদৃষ্টিতে তাঁর রচনার বিষয়বস্তুর কোনো মৌলিকত্ব ধরা পড়ে না। 'শহুল্লা' নাম শুনেই কেউ যদি মনে করেন—কালিদাসের গর. বাংলায় বলা, 'রাজকাহিনী' ভাবেন ইতিহাস, 'শালক'কে—জাতক কাহিনী আর 'কীরের পুতুল'কে ছেলে-ভূবানো রূপকথা— তাহলে অবাক হব না। কিন্তু গ্রন্থাবলী হুলভ না হয়ে ভালোই হয়েছে। এক এক করে সব বই ছাণা হয়ে, আর বাংলাদেশের পাঠক নতুন করে

চিনতে পারবেন অবনীন্দ্রনাথকে। সাত ভাড়াভাড়া পড়ার বই না। সেভাবে শেষ করতে গেলে এ লেখার স্থান সৌরভ গুণ পরিমাণ বা কিছু তার সবটাই হারাতে হবে। কেননা কাব্যমণ্ডিত এই গল্পচরনার মেজাজটা ভাড়াহেড়ার ভরা জীবনের সঙ্গে একেবারে খাপ খায় না। সব কাছের শেষে, বল-কোলাহল খেমে গেলে, এ লেখা তখন নিশ্চিত মনে আশ্রয়-খাতে চেপে-চেপে পড়বার মতো। পড়বার মতো না বলে বলা উচিত শোনবার মতো। নিজেই কথক, নিজেই শোভা হয়ে ছুবে গেলে তবে এ লেখার সবটা পাওয়া যায়। বাংলা গল্পের এই অসামান্য শিল্পীটি লেখক নন, কথক। বতদিন দেহ সন্দর্ভ ছিল সেই কথকতাকেই অক্ষরে লিখেছেন, শেষ জীবনে লিখতে আর পারতেন না, শুধুই বলতেন, লিখতে হয়েছে অল্প কাউকে। এমন অসাধারণ বলতে সবাই পারে না।

এই কথকতার মেজাজ থাকলে—হোক না প্রতিভা অলৌকিক—দীমানা মেনে কবিতা লেখা শক্ত। তাই এই জাহ্নবীর কবির গল্পকবিতায় 'ভাবা বাহ্যের জ্ঞান পরিমাণ রক্ষা' হ'লো না। অথ' অবশ্যের সজীবতার ভরা ছিল তাঁর তাকিয়ে-দেবার চোখ; পুরাণ, কাহিনী, ইতিহাস, পান, গল্প, ছড়া, বাজা, জারী, জমজমাট বাড়ি জোড়াদাকের, আর একাল, মেকাল, দুব্বারাণ্ড-চিরকালে ভরা মন ছিল তাঁর। ছিল চিত্রকরের প্রকৃতি-সিদ্ধি। পৃথিবীর প্রকাণ্ড পটে কখন কী রূপ লাগছে কোথায়, রেখা কোথায় সূর, দাঁপ কোথায় চড়া, আলো কী করে ছড়ায়, বৃক্ষ দাঁড়ায় কী করে, ঘুরে বার কী করে পথ, কী করে পাবী বলে—তন্ন তন্ন করে জানতে হয়েছিল, জানার জ্ঞান নর, আননের জ্ঞান। একাজ প্রধানত কবির কাজ। সেই সপে ছিল ভাবার অসাধারণ ছন্দবোধ। অবনীন্দ্রনাথের গল্প রচনা তাই কবির পাঠশালা। হয়তো সেইজন্মই সে লেখা অনগ্র্যতার জয়ধন তুলতে সমর্থ নেবে।

রচনার ভবিতে শুধু মন, বিশ্বের আত্মস্বরী রূপাঙ্কয়েও মূলত তিনি কবি। বিশ্বের কবিত্ব থাকে না, কবিত্ব বিশ্বীতে। রাজহানের ইতিহাস শৌর্ধবীর মহবনভিত বীরপাণা হতে পারে এবং সেই বীরপাণার আকর্ষণও হয়তো

প্রবল। কিন্তু রাজকাহিনীর পৌরব সম্পূর্ণ ভিন্ন কারণে। এবং জোড়াসাঁকোর ঘরোয়া কাহিনী মূল্যবান পারিবারিক স্বভিকথা মাত্রই নয়। রাজকাহিনীতে যে পদ্মিনী, ঘরোয়াতে যে রবিধালা—অবনীন্দ্রনাথের কবিকল্পনা ছেনেই স্থগি তাদের। ইতিকথা নয়, স্বভিকথা নয়, রূপকথা। কিন্তু বানিয়ে বলতে হবে এমন দরিয় ছিল না তাঁর মন। শুধু রং লাগিয়েছেন, আলো ফেলছেন। হয়তো একটু খুরিয়ে বসিয়েছেন টুকরো কাঠ, ভাড়া ডাল, শুকনো শেকড়—অমনি সেই চুচ্ছ জিনিস হয়ে উঠেছে রূপের আধার। মোরঙ্গমূল-মাথার-গোঁজা পাহাড়তলির ঝুকড়ো হয়ে উঠেছেন বনমুগ্ধী সোনালিয়ার প্রেমে অধীর গুণী শিল্পী। এমন কি সব চাইতে কাছে, সব চাইতে প্রত্যক্ষ দেখা যে জোড়াসাঁকোর ঠাকুরবাড়ি—বার ইট কাঠের রঙটা পর্যন্ত তিনি আমরা—সেই বাড়ি তার কবি, শিল্পী, বি, বউ, পাইক, পোয়ামা, নইস, সর্দার, খাট, পালক নিয়ে চোখের সামনে কাহিনী হয়ে গেল। এমন বৌলিক মন আর কোন বাড়ালি সাহিত্যিকের, তা জানি না।

ছবি একেছেন যে-অবনীন্দ্রনাথ—বছর বছর তাঁকে স্মরণ করবেন দেশবাসী। আর যে-অবনীন্দ্রনাথ গল্প বলেছেন, গল্প লিখেছেন, দিনে দিনে তাঁকে আরো বেশি পাব, আরো বেশি ভালবাসব আমরা। এবং নিজের উপর লেখা ছড়াই হয়তো হবে তাঁর সত্যিকারের এপিটাম, যদিও একটু ভিন্ন অর্থে: 'কোন ঠাকুর? অবন ঠাকুর, ছবি লেখে।' সে ছবি বাংলা গল্পে লেখা, আর সে গল্প কাব্যের মতই ছন্দগময়।

নরেশ গুহ

## সম্পাদকীয়

আধুনিক কালের একটা লক্ষণ এই যে পেশা অত্যন্ত প্রবল হ'য়ে উঠে শৌখিনতার দান ক্রমশই সংকুচিত করে দিচ্ছে। এমনকি, শৌখিন বা amateur কথাটিও সাধারণত নিম্নার অর্থেই ব্যবহার হয় 'আজকাল'; শৌখিন মানেই কাঁচা কাজ, নড়বড়ে, অবস্থগত। 'Amateur' শব্দটির মূল মানে যে প্রেমিক তা আমরা প্রায় ভুলতে বসেছি; শিল্পকলার ক্ষেত্রে অনেক রমণীর রচনার জ্ঞত যে অপেশাদারের অবসরের কাছেই আমরা কৃতজ্ঞ, তাও সব সময় মনে থাকে না। আধুনিক সমাজব্যবস্থা শৌখিনতার অহুকূল নয় সে-কথা সত্য, কিন্তু তার লক্ষণে এখনো যে অনেক বনবার কথা আছে, তার প্রমাণ, স্বপ্নের বিষয়, মাঝে-মাঝেই পাওয়া যায়। এখনো মাঝে-মাঝে এমন লেখক বেধা দেন, যিনি কালে-ভঙ্গে লিখলেও সমসামানে পাণ্ডিত্য ব'লে গণ্য হন। তেমনি একজন ছিলেন পরিমল রায়। দলবিজ্ঞানে পণ্ডিত ছিলেন তিনি, কৃতী অধ্যাপক, এবং সেই সঙ্গ ছিলেন মূল অর্থে, উৎকৃষ্ট অর্থে, সাহিত্যের amateur। অনেকের মতোই তিনি কৈশোরে সাহিত্যচর্চা করেছিলেন, ঢাকার 'প্রগতি'-গোষ্ঠীর অগ্রতম ছিলেন; কিন্তু অজ অনেকের মতোই অতি শীঘ্র সেই সঙ্গ্রহ কাটিয়ে ওঠেননি; দীর্ঘকাল ধরে একান্তভাবে ইকনমিস্ট চর্চা করেও তাঁর মনের ঐ তারলিতে মরচে পড়েনি কখনো। সাহিত্যে তাঁর ভালোবাসার, আনন্দের প্রমাণ, পরিমাণে স্বল্প হ'লেও, নানাভাবেই তিনি রেখে গেছেন। 'কবিতার' পাতায় তাঁর হালকাগোছের পত্র রচনা, 'ছোটগল্প' গ্রন্থমালায় তাঁর গল্প, এবং সর্বাধার 'ইদানীং' নামক সরস প্রবন্ধের গ্রন্থটি, এ-সমস্তর ভিতর দিয়ে একজন পরিচ্ছন্ন স্বরসিক লেখকের আমরা পরিচয় পাই। 'যুক্তগত' বা সরস প্রবন্ধ অনেকেরই আজকাল লিখছেন; ওর মধ্যে 'ইদানীং' পরিমিতত কৌতুকের নৈপুণ্যে বৈশিষ্ট্যের দাবি রাখে। তাই, মাত্র ৪২ বছর বয়সে স্থা ইদুরে তাঁর আকাঙ্ক্ষা মুহূর্ত—এটা শুধু তাঁর স্বপ্ন এবং অসংখ্য বন্ধুদের কাছেই শোকাবহ নয়, আমাদের সাহিত্যও এতে কিছু পরিব হ'লো। আশা করি তাঁর অপ্রকাশিত প্রবন্ধাবলী এবং অজ্ঞাত রচনা প্রকাশ করার ব্যবস্থা

কবিতা

শাখিন, ১৩৫৮

হবে; পাঠকরা তখন আরো ভালো করে তীকিত চিনতে পারবেন—কিন্তু আমরা যারা তীকিত প্রত্যাক্ষভাবে ছেনেছিলাম, আটকশোর তাঁর বন্ধু ছিলাম যারা, আমরা দিনে-দিনে শুধু আরো গভীরভাবে উপলব্ধি করবো তাঁর অগুণীর বিচ্ছেদ। তবে সেই স্বভিত্তিভারতুর বেদনার কথা এখনো প্রকাশ্য নয়।

'কবিতা'র এই শাখিন সংখ্যা চৈত্র মাসে বেরোলো। চৈত্র সংখ্যার আর সময় হবে না; এর পরেই আঘাচ সংখ্যা প্রকাশিত হবে—আশা করছি ষথাসময়েই। এই আঘাচ সংখ্যাই সপ্তদশ বছরের প্রথম সংখ্যা, এবং এর পর থেকে পত্রিকা প্রকাশ যাতে নিয়মিত হয়, সে-উদ্দেশ্যে বন্ধুগণিকর হ'য়েই আমরা মনুদন বছর আরম্ভ করছি। এই সংকল্পসাধনের জ্ঞত আমাদের গ্রাহক এবং পাঠকদের সহযোগিতা আমরা প্রার্থনা করি। গ্রাহকদের কাছে বিশেষভাবে অহুরোধ জানাই তাঁরা যেন ডি. পি. র অপেক্ষায় না-থেকে মনি-অর্ডারে টাঙ্গা পাঠিয়ে দেন। বীরা স্টলে পত্রিকা কেনে মতদের আমন্ত্রণ জানাই গ্রাহক হ'তে, এবং 'কবিতা'র অহুরাগী পাঠক যেখানে বীরা আছেন তাঁদের সকলের কাছে আমাদের নিবেদন এই যে তাঁরা যেন বন্ধুসহলে দু-একজন করে গ্রাহক সঙ্গ্রহের চেষ্টা করেন। সাহিত্যপত্রিকার বোয় দুর্দিন এখন; ইংলণ্ডে 'হরাইজন' চললো না, একমাত্র কবিতা-পত্রিকা 'পোইটি, লণ্ডন'ও সেদিন বন্ধ হ'লো। ইংরেজির মতো প্রবল ভাষায় বখন এই দশা, তখন—ভাষাতে আনন্দই হয়—যে বাংলা ভাষায় সাহিত্যপত্রের ধারাটি এখনো বন্ধ হয়নি। অস্তত, 'কবিতা'র মতো পত্রিকা যে বোলো বছর ধ'রে চলতে পারলো, একে বাঙালির দুর্ঘর সাহিত্যপ্রীতিরই প্রমাণ ছাড়া আর কী বলা যায়। এই প্রীতির উপর নির্ভর করেই আমরা নূতন বছরের দাবারম্ভ করলাম।



### গ্রাহকদের প্রতি নিবেদন

'কবিতা'র এই সংখ্যায় আপনাদের চীনা শেষ হ'লো। আগামী (সপ্তদশ) বছরের প্রথম সংখ্যা ১৩৫৯ এর আঘাটে প্রথম সপ্তাহে প্রকাশিত হবে। আপনাদের নতুন বছরের চাঁদা (চার টাকা) ১৫ই জ্যৈষ্ঠর মধ্যে মনি-অর্ডারে পাঠিয়ে দিলে আমরা বাধিত হবো। যাঁরা আর গ্রাহক থাকতে ইচ্ছুক নন, তাঁরাও দয়া করে ঐ তারিখের মধ্যে নিবেদন পাঠাবেন। ইতিমধ্যে যাঁদের টিকানা বদল হয়েছে, তাঁরাও নতুন টিকানা জানালে আমরা উপকৃত হই। ভি. পি. ফেরৎ এলে আমাদের ক্ষতি হয়; আপনারা একটু সচেতন হ'লে ঐ ক্ষতির নিবারণ হ'তে পারে।

### বৃজদেব বসু

সম্পাদক, 'কবিতা'

কবিতাভবন

২০২ রাসবিহারী এভিনিউ

কলকাতা ২২

## ছোটোগল্প

### গ্রন্থমালা

|                                 |                                 |
|---------------------------------|---------------------------------|
| পৌষ ১৩৫০-এ প্রথম প্রকাশিত হয়।  | প্রথম তেরোটি সংখ্যা নিম্নোক্ত   |
| ১৪. অভাগীর স্বপ্ন               | } পূর্ণশশী দেবী                 |
| মেঘ-মুক্তি                      |                                 |
| ১৫. বেল-লাইন                    | } কাব্যশ্রীপ্রসাদ চট্টোপাধ্যায় |
| ১৬. যশোমতী                      |                                 |
| মর্মর                           | } দেবীপার ভট্টাচার্য            |
| ১৭-১৮. একটি সকাল ও একটি সন্ধ্যা |                                 |
| ১৯. সাবিহা                      | } পৃথ্বীশ রায়চৌধুরী            |
| নতুন পোষক                       |                                 |
| ২০. হাসন সখী                    | } অন্নদাশঙ্কর রায়              |
| ২১. মহাপ্রাণ                    |                                 |
| ২২. মুমুক্ষা                    | } বিশ্ব বন্দ্যোপাধ্যায়         |
| ২৩. মুক্তি                      |                                 |
| ২৪. উমিলা                       | } রাজশেখর বসু                   |
| ২৫. গ্যামাছুর জাতির কথা         |                                 |
| ২৬. পুনরুত্থান                  | } সুধীন্দ্রন মুখোপাধ্যায়       |
| ২৭. অপকথা                       |                                 |
| ২৮. আলো, আরো আলো                | } প্রতিভা বসু                   |
| ২৯. একটি কি দুটি পাখি           |                                 |
| ৩০. ভবতারপবারু                  | } মাসুতি বেগমের আয়েদার         |
| মেঘেরা                          |                                 |
| ৩১-৩২. পাঠের পরে                | } পরিমল রায়                    |
| ৩০. বেনামী বন্ধু                |                                 |
| ৩৪-৩৬. তপতীর মন                 | } ক্যাথারিন ম্যাদফীজ            |
|                                 |                                 |
|                                 | } বিশ্ব বন্দ্যোপাধ্যায়         |
|                                 |                                 |
|                                 | } নরেশ গুহ                      |
|                                 |                                 |

'একটি সকাল ও একটি সন্ধ্যা' 'পাঠের পরে',

'তপতীর মন', প্রত্যেকটি আট আনা।

প্রতিটি সংখ্যা পাঁচ আনা করে। সবগুলি সংখ্যা একসঙ্গে পাঁচ টাকা।

এই গ্রন্থমালা সম্পাদনা করেছেন প্রতিভা বসু।

কবিতাভবন : ২০২ রাসবিহারী এভিনিউ, কলকাতা ২২

# বৈশাখী

বার্ষিকী

বুদ্ধদেব বহু সম্পাদিত ও কবিতাভবন কর্তৃক প্রকাশিত

এখনো পাওয়া যাচ্ছে

দ্বিতীয় খণ্ড, ১৩৫০ : ২/-

তৃতীয় খণ্ড, ১৩৫১ : ২/-

চতুর্থ খণ্ড, ১৩৫২ : ২/-

পঞ্চম খণ্ড, ১৩৫৩ : ১।০

এই বিভিন্ন সংখ্যার লেখক ও শিল্পীদের মধ্যে আছেন রবীন্দ্রনাথ, প্রমথ চৌধুরী, রাজশেখর বসু, অতুলচন্দ্র গুপ্ত, সুধীন্দ্রনাথ দত্ত, নীহাররঞ্জন রায়, অন্নদাশঙ্কর রায়, অমিয় চক্রবর্তী, বিষ্ণু দে, কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায়, প্রতিভা বসু, লীলা মজুমদার, বুদ্ধদেব বসু, যামিনী রায়, রমেন্দ্রনাথ চক্রবর্তী, সত্যেন্দ্রনাথ বসু, এবং আরো অনেকে।

চার খণ্ড একসঙ্গে ৬/-

মাছল স্বতন্ত্র

## KAVITA

A SPECIAL BILINGUAL ISSUE  
DECEMBER, 1950

*Poems by & translation from*

Ezra Pound, E.E. Cummings,  
Wallace Stevens, William Carlos  
Williams, Marianne Moore,  
Jime de Angulo, Richard  
berhart, James Kory, Richard  
Wilbur and many other  
American poets.

*Three Letters*

exchanged between Ezra Pound  
and T. S. Eliot concerning  
*The Waste Land.*

*Notes & Comments.*

One rupee. 2s. 6d. or 50 cents

THE WISDOM OF AN ANCIENT  
SAGE RENDERED BY  
A MODERN MASTER

## CONFUCIUS

*The Unwobbling Pivot & The  
Great Digest, translated with  
notes & commentary by*

EZRA POUND


*Handsome Indian Edition: Rs. 2/8/-*


Published for  
KAVITABHAVAN

by

ORIENT LONGMANS LTD.

17, Chittaranjan Avenue, Calcutta 13  
Nicol Road, Ballard Estate, Bombay  
39 A, Mount Road, Madras  
Also available at Kavittabhanan





কবিতা

১৬শ বর্ষ  
১৩৫৭-৫৮

বুদ্ধদেব বসু